ব্ল্যাক ওয়াটার

মাওলানা আসেম ওমর

ব্ল্যাক ওয়াটার

মাওলানা আসেম ওমর

ব্ল্যাক ওয়াটার

আবু জারীর আবদুল ওয়াদুদ
অনূদিত

আবাবিল প্রকাশন
১১/১ বাংলাবাজার, ঢাকা- ১১০০

অনুবাদকের কথা

১. আলহামদুলিল্লাহ! 'ব্লাক ওয়াটার' এখন আপনাদের হাতে। বইটি পাকিস্তানের বিখ্যাত আলেমেদীন হযরত মাওলানা আসেম ওমর দামাত বারাকাতুহুমের 'দাজ্জাল কা লশকর : গ্রন্থের বাংলা অনুবাদ। আল্লাহর হাজার শোকর, যিনি আমাকে দীনি এই কাজটি করার তাওফীক দান করেছেন। লাকাল হামদু ওয়া লাকাশ শুক্‌রু... ।

২. আজ থেকে ঠিক এক মাসের আগের কথা। ১৯ সেপ্টেম্বর রাত প্রায় সাড়ে এগারোটায় ফোন পেলাম আমিন ভাইয়ের। সালাম বিনিময়ের পর জিজ্ঞেস করলেন, কাজের ব্যস্ততা কেমন? কি কি কাজ হাতে আছে?...কাজগুলোর কথা তাকে জানালাম। বললাম, কাজের অনেক চাপ। দুআ করবেন আল্লাহ যেনো শরীর সুস্থ রাখেন এবং অতি দ্রুত সম্পন্ন করার তাওফীক দান করেন। আমার কথা শেষ হতেই তিনি বললেন- হাতে যত কাজই থাকুক, আমার একটা কাজ করে দিতে হবে এবং অতি দ্রুত করে দিতে হবে। কোনো ওজর-আপত্তি শুনতে চাই না। বললাম, কী কাজ? বললেন, সেটা তো অবশ্যই বলব, আগে কথা দিন কাজটা করে দেবেন কি না? বললাম- আপনি তো শুনলেনই কেমন চাপে আছি, এর মধ্যে নতুন কোনো কাজ কিভাবে হাতে নিই বলুন! কিন্তু তার এক কথা, কাজ আপনাকে করে দিতেই হবে এবং তাও কুরবানী ঈদের আগেই। জিজ্ঞাস করলাম কী কাজ, কত পৃষ্ঠার? বললেন, চারশ' থেকে সাড়ে চারশ' পৃষ্ঠা। হিসেব করলাম, কুরবানীর আর আছেই পনের দিন। তাছাড়া যে কাজটা হাতে সেটাও ঈদের আগেই শেষ করতে হবে। এর ভেতর নতুন কাজ হাতে নেয়া প্রায় অসম্ভব। তাও চারশ' থেকে সাড়ে চারশ' পৃষ্ঠা! আমিন ভাইয়ের কাছে বিনয়ের সাথে বললাম, না ভাই সম্ভব নয়। আল্লাহ তাওফীক দিলে পরবর্তী অন্য কোনো কাজ করে দেব।

এরপর শুরু হলো আমিন ভাইয়ের কথার 'অস্ত্র' প্রয়োগ। আমাকে ধরাশায়ী করতে আব্দার-অনুরোধ এবং ভয়-লোভ সবই দেখালেন। ধরাশায়ী না হলেও অবশেষে ধরা আমাকে ঠিকই দিতে হল। রাজি হলাম কাজ করে দেব, যত দ্রুত সম্ভব। তবে কুরবানীর আগে সম্ভব হবে কি না তা বলতে পারছি না। তিনি বললেন- শুরু করেন, শেষ হবেই।

এরপর তিনি বইটি সম্পর্কে সব বললেন । জানালেন- বই একটা নয়, দুটো। আর দুটোই খুব দ্রুত প্রয়োজন। আমি আজই নেটে (পিডিএফ ফাইল) পাঠিয়ে দিচ্ছি, কাল থেকে কাজ শুরু করে দেবেন। বললাম, ঠিক আছে। দুআ করেন, আল্লাহ যেনো তাওফীক দেন।

বই দুটি তিনি সেদিন পাঠাতে পারলেন না। পরদিন বিকেলে অর্থাৎ ২০ সেপ্টেম্বর পাঠালেন। রাতে একটি বই প্রিন্ট করি এবং এরপর দিন ২১ সেপ্টেম্বর থেকে কাজ শুরু করি। আলহামদুলিল্লাহ, আজ ২০ অক্টোবর সাড়ে চারশ' পৃষ্ঠার দুটি বইয়ের অনুবাদ সম্পন্ন হল। হল না, বলা উচিত আল্লাহ তায়ালা করালেন। তাঁর তাওফীক শামেলেহাল না হলে কখনোই এটা সম্ভব ছিল না। এত দ্রুত কাজ দু'টি সম্পন্ন হওয়ার পেছনে আমিন ভাইয়ের তাড়া-তাগাদা আর কাছের কিছু আপন মানুষের দুআর কথা স্বীকার না করলেই নয়। যারা প্রতিদিনই একাধিকবার খোঁজ নিয়েছেন কাজের অগ্রগতি সম্পর্কে। জাযাকাল্লাহু খায়রান কাসিরা...।

বক্ষ্যমাণ বইটি বাংলা ভাষায় রূপান্তরের প্রয়োজনীয়তাবোধ-সিদ্ধান্ত কতটা যথার্থ, মূল বইটির প্রকাশকের কৈফিয়ত পড়লেই আশা করি উত্তর পাওয়া যাবে। মূল বইয়ের প্রকাশকের কৈফিয়তটুকু এখানে পত্রস্থ করা হল।

৩. 'এই উম্মতের যখন উত্থানকাল ছিল, উম্মতের ওলামায়ে কেরাম এবং ফুকাহায়ে কেরামের মনোনিবেশের কেন্দ্র ছিল তখন বহিরাগত বুদ্ধিবৃত্তিক আক্রমণ থেকে ইসলামী আকিদাকে নিরাপদ রাখা, ইলম ও আমলের ময়দানে কাফেরদের আক্রমণের মোকাবেলা করা, দীনে হকের পবিত্র দাওয়াতকে বিশ্বব্যাপী প্রচার করা। এই দাওয়াতকে দলিল-

প্রমাণ এবং তীর ও অসির মাধ্যমে বিজয়ী করা। আহলে সুন্নাতের ভেতর গোমরাহ ফেরকাগুলোর তাহরিফ ও বিকৃতির অনুপ্রবেশ ঠেকাতে ব্যবস্থা নেয়া এবং কালপরিক্রমায় দীনের শুভ্র অবয়বে যে ধুলোবালি পড়ে, তা পরিস্কার করতে থাকা। যাতে আল্লাহ তায়ালা তাঁর দীন হেফাজতের যে ওয়াদা ও প্রতিশ্রুতি করেছেন, তার পূর্ণতায় তাদের অংশও লিখিত হয়। তাই এই উম্মতের ওলামায়ে কেরামকে কখনো রোম ও পারস্যের বিরুদ্ধে জিহাদের ময়দানে নেতৃত্ব দিতে দেখা যায়, কখনো খারেজী এবং রাফেজী ফিতনার ইলমী এবং আমলী মোকাবেলায় নিমগ্ন পাওয়া যায়। কখনো তারা গ্রিক দর্শনের বিষাক্ত আক্রমণ থেকে উম্মতের আকিদা-বিশ্বাস রক্ষা করেছেন, কখনো বাতেনি ফেরকাগুলোর ষড়যন্ত্র সম্পর্কে উম্মতকে সতর্ক করেছেন। কখনো জালেম শাসকদের সম্মুখে কালেমায়ে হক ও সত্য কথা বলে নিষ্ঠুর নির্যাতন সহ্য করেছেন, কখনো বা তাতারি আক্রমণ এবং ক্রুসেডের মোকাবেলায় উম্মতকে সজাগ করেছেন। সেসব ওলামায়ে কেরাম এবং আয়েম্মায়ে কেরামের উপর আল্লাহর অবারিত রহমত বর্ষিত হোক!

আর একইভাবে যখন কোথাও-কোনোদিক থেকে উম্মতের পতন শুরু হয়, তাদের মনোনিবেশের দিকও পরিবর্তন হয়ে যায়। উম্মত বহিরাগত বিপদ থেকে মুখ ফিরিয়ে অভ্যন্তরীণ টানাপড়েন এবং পারস্পারিক মতানৈক্য ও মতবিরোধের শিকার হয়। উম্মতের ওলামায়ে কেরামের সারিতেও মুসলমানদের সর্বসম্মত উসুল-মূলনীতি এবং আকিদা-বিশ্বাস রক্ষা থেকে বেশি আগ্রহ সৃষ্টি হয় মুসলমানদের ভেতরের শাখাগত বিষয়ে রণসজ্জার প্রতি। শরীয়তের শাসন প্রতিষ্ঠার চেয়ে বেশি উদ্যম দেখা যায় নিজ নিজ দর্শন ও চিন্তাধারাকে প্রতিষ্ঠা করার লড়াইয়ে। ফলশ্রুতিতে এই উম্মত নিজেদের অভ্যন্তরীণ মতানৈক্যে এমনভাবে জড়িয়ে পড়ে যে, বহিরাগত সব ধরনের আক্রমণের দার খুলে যায় এবং এসব দার-দুয়ারে কোনো পাহারাদার, উম্মতের মোহাফেজ এবং কোনো পাসেবান ও নেগাহবান অবশিষ্ট থাকে না। অল্প সংখ্যক

আহলে ইলম ও আহলে দরদ যাও বা ছিলেন, তারা এত বড় রণাঙ্গন সামলানোর জন্য যথেষ্ট ছিলেন না। ফলে পাশ্চাত্য শুধু আমাদেরকে সামরিক ও রাজনৈতিকভাবেই পরাজিত করেনি বরং পাশ্চাত্যের দূষিত ও দুর্গন্ধযুক্ত শিরেকী বিশ্বাস ও চিন্ত-চেতনাও উম্মতের ভেতর ঢুকিয়ে দিয়েছে। ইসলামের বুনিয়াদী মূলনীতির সাথে সাংঘার্ষিক দর্শন ও চিন্তাধারাকে খাঁটি ইসলাম হিসেবে সাব্যস্ত করা শুরু হয়। ইসলামের এমন এক ব্যাখ্যা উপস্থাপন করা শুরু হয়, যা 'সমকালীন ও বর্তমান' জীবনব্যবস্থা এবং বিজয়ী সভ্যতার সাথে আপোষকামিতার ভিত্তিতে রচিত হচ্ছিল। এবং এটা সাব্যস্ত করার অপচেষ্টা চলতে থাকে যে, সে ব্যাখ্যার প্রতিটি মূল্যায়ন, প্রতিটি বিশ্বাস এবং রূপকল্প ইসলাম দ্বারাই প্রমাণিত। নিকট অতীত পর্যন্ত এই দাসসুলভ মানসিকতা এবং পতিত জাতির নির্দেশক এই পন্থা আমাদের বুদ্ধিবৃত্তিক অঙ্গনে বিরাজমান ছিল। অথচ এর বিপরীতে প্রতিরোধ ও বাধাদানকারীদের আওয়াজ ক্রমাগত দুর্বল ও ক্ষীণ হতে থাকে।

কিন্তু আল্লাহ তায়ালা এই দীন হেফাজত করার ওয়াদা করেছেন। এটা আল্লাহ তায়ালার আখেরী দীন। এর স্বভাবেই কাফেরদের বিশ্বাস থেকে অনেক বেশি বিরোধিতা ও প্রতিরোধের শক্তি এবং ঘুরে দাঁড়ানোর গতি এবং সক্ষমতা বিদ্যমান রয়েছে। আল্লাহর অপার অনুগ্রহে বিগত কয়েক বছর থেকে, বিশেষত রাশিয়ার বিরুদ্ধে জিহাদ এবং ১১ সেপ্টেম্বরের ঘটনার পর উম্মতের ভেতর ব্যাপকভাবে জাগরণ শুরু হয়েছে। বাহির থেকে আসা বুদ্ধিবৃত্তিক ও সামরিক আক্রমণের বিরুদ্ধে দাঁড়ানো ক্ষীণ স্বরগুলো উচ্চকিত হতে শুরু করেছে। মুজাহিদদের দুরাবস্থা ও অবমূল্যায়ন দ্রুত দূর হয়ে যাচ্ছে। আহলে হক ওলামায়ে কেরামের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে এবং উম্মত আলহামদুলিল্লাহ, আবারো উত্থানের পথে যাত্রা শুরু করেছে। এই যাত্রা শুরু হওয়ার একটি গুরুত্বপূর্ণ প্রমাণ হল, উম্মতের আহলে ইলমের মধ্যে, আরব-আজমের দীনদার শ্রেণীর মধ্যে, আল্লাহ তায়ালা এমন কিছু

ব্যক্তিকে দাঁড় করিয়ে দিচ্ছেন, যারা আসলাফের ওলামায়ে কেরামের মত উম্মতের সামনে আসা প্রকৃত বিপদের দিকে মনোনিবেশ শুরু করেছেন। বহিরাগত আক্রমনের বিরুদ্ধে প্রাচীর নির্মাণের কাজে হাত দিয়েছেন। উম্মতকে শাখাগত ও চিন্তাধারাগত বিতর্ক থেকে বের করে গুরুত্বপূর্ণ উসুলী ও আমলী কাজের প্রতি দৃষ্টি নিবদ্ধ করছেন। বিশেষত পাশ্চাত্যের বিষাক্ত যে চিন্তা আমাদের মধ্যে প্রবেশ করেছে, তা চিহ্নিত করা, এর ভ্রান্ততা প্রমাণ করা এবং ইসলামের পবিত্র শিক্ষাকে তার আদি রঙে উপস্থাপন করার জন্য তারা যথেষ্ট আন্তরিক।

হযরত মাওলানা আসেম ওমর দামাত বারাকাতুহুমও এমনই একজন মুজাহিদ আলেমে দীন। উপমহাদেশের ইলমী মহলে তিনি অতি পরিচিত একটি নাম। ইতিপূর্বে তাঁর অনেকগুলো বই প্রকাশিত হয়েছে। যেগুলোতে তিনি অত্যন্ত মর্মপীড়ার সাথে উম্মতকে কঠিনভাবে আক্রান্ত বিপদগুলো সম্পর্কে সতর্ক করেছেন। সেই সাথে তাদেরকে নিজের দীনের দিকে প্রত্যাবর্তন এবং দীনকে মজবুতভাবে ধারণ-গ্রহণেরও পাঠ দিয়েছেন। আল্লাহ তায়ালা তাঁর রচনাবলীকে খুসুসি মকবুলিয়াত দান করেছেন ফলে সেগুলো সর্বমহলে সমানভাবে সমাদৃত হয়েছে।

আল্লাহ তায়ালার নিকট প্রার্থনা, তিনি যেন এই রচনার মাধ্যমে মুসলিম উম্মাহর ঘাড়ে চেপে থাকা বাতিল ও ভ্রান্ত জীবনব্যবস্থার অনিষ্ট, ইসলামের সাথে বাতিল চিন্তা চেতনার বৈপরিত্ব এবং ইসলামী আকিদা বিশ্বাসের সাথে পশ্চিমা চিন্তা-চেতনার সংঘার্ষিকতা প্রতিটি মুসলমানের মন ও মগজে সুপ্রতিষ্ঠিত করে দিন। যাতে তারা তাদের জীবন থেকে এই ব্যবস্থা উৎপাটন, পশ্চিমা বিশ্বাস, চিন্তা এবং পশ্চিমা লাইফ স্টাইল বা জীবনধারা থেকে মুক্তি লাভ এবং এর স্থলে ইসলামী আকিদা বিশ্বাস ও চিন্তা-চেতনাকে ব্যাপক করতে, ইসলামী জীবনযাপন পদ্ধতি প্রচলন করতে এবং শরয়ী জীবনব্যবস্থা প্রতিষ্ঠা করার জন্য ওয়াক্ফ করেন। আমীন।'

৪. আল্লাহ! আপনি তাওফীক দিয়েছেন বলে কাজটি সম্পন্ন করা সম্ভব হয়েছে। আপনার নিকট প্রার্থনা, আপনি আমাদের এই কাজকে কবুল করে নিন। বইটি সুন্দর, নির্ভুল ও পরিশিলিতরূপে পেশ করার জন্য অনেকেই সহযোগিতা করেছেন, অনেকে দুআ করেছেন এবং প্রেরণা যুগিয়ে গেছেন। আল্লাহ! আপনি তাদের সবাইকে কবুল করে নিন এবং আমাদের সবাইকে এই বইয়ের সবক আপন জীবনে বাস্তবায়ন করার তাওফীক দিন। আমীন।

আবু জারীর আবদুল ওয়াদুদ

২০.১০.২০১৪

অ র্প ণ

উম্মাহর মা-বোন-কন্যা...

ড. আফিয়া সিদ্দিকী

বোন, লজ্জিত! ক্ষমা কর

অধম ভাইদেরকে...

–অনুবাদক

সূচিপত্র

ইসলামাবাদে ব্ল্যাক ওয়াটারের সেনা ট্রেনিং সেন্টার

[প্রবন্ধটি দৈনিক উম্মতে প্রকাশিত হয়।
জনাব সাইফুল্লাহ খালিদ প্রবন্ধটিতে নানা দিক আলোকপাত করেছেন।
প্রবন্ধটিকে এই বইয়ের অবতারণিকা মনে করতে পারেন।]

ইসলামাবাদে বিদেশি নাগরিকদের আক্রমণ ও সন্দেহজনক তৎপরতা সম্পর্কে আইনপ্রয়োগকারী সংস্থাগুলোকে সর্তক করে দেওয়া হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী এক চিঠিতে ইসলামাবাদের আইজিকে ইসলামাবাদের অভিজাত ও স্পর্শকাতর এলাকায় বিদেশি নাগরিকদের অবস্থানের খোঁজ-খবর নিয়ে এ ব্যাপারে দ্রুত তদন্ত রিপোর্ট পেশ করার নির্দেশ দিয়েছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সূত্রগুলো দাবি করছে, বিদেশি নাগরিকের সংখ্যা গত দুই তিন মাসে আশঙ্কাজনকহারে বৃদ্ধি পেয়েছে। এর মধ্যে আনুমানিক তিনশ'রও বেশি বিদেশি নাগরিক ইসরাইলী ও বৃটিশ পাসপোর্টধারী বলে জানা গেছে। তারা শহরের অভিজাত এলাকায় বাসা ভাড়া নিয়েছে। মজার ব্যাপার হল এসব বাসার ভাড়া ডলার এবং পাউন্ডে পরিশোধ করা হয়। লক্ষণীয় ব্যাপার হচ্ছে, বাসা ভাড়ার বিষয়ে একটি প্রাইভেট সিক্যুরিটি এজেন্সি জড়িত আছে বলে জানা গেছে। স্থানীয় সূত্রের সংবাদ অনুযায়ী এসব বাসায় মূলত দিনের বেলা কেউ থাকে না, তবে গভীর রাতে সন্দেহজনক কার্যক্রম, রহস্যময় গাড়ির আনাগোনা এবং বিভিন্ন জিনিসপত্র উঠানো-নামানোর আওয়াজ শোনা যায়। এ কারণে স্থানীয় বাসিন্দারা ভীত-সন্ত্রস্ত হয়ে পড়েছে। এ বিষয়ে ইসলামাবাদ পুলিশকে স্বরাষ্ট্রমন্ত্রণালয় থেকে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। অন্যদিকে সংবাদমাধ্যমগুলো ইসলামাবাদে আরও এক ভয়ানক স্ক্যান্ডাল প্রকাশ করেছে। এফ-৬ সেক্টরের স্পর্শকাতর এলাকায় অফিস নিয়ে একটি প্রাইভেট সিক্যুরিটি এজেন্সি পাকিস্তানি সেনাবাহিনীর বিশেষ কমান্ডো গ্রুপ এসএসজির (Special Services Group) অবসরপ্রাপ্ত জোয়ান, জেসিও, এনসিও ও অন্যান্য অবসরপ্রাপ্ত অফিসারদেরকে তাদের দলে ভর্তি করছে। এখানে অন্তর্ভুক্ত ব্যক্তিদেরকে বিদেশি নাগরিকরা প্রশিক্ষণ দিয়ে থাকে।

২ আগস্ট একটি জাতীয় দৈনিকে প্রকাশিত বিজ্ঞাপনকে কেন্দ্র করে *দৈনিক উম্মত* এ বিষয়ে সরেজমিন অনুসন্ধান শুরু করে। *দৈনিক উম্মতের* অনুসন্ধানী প্রতিবেদনে জানা গিয়েছে, ওই বিজ্ঞাপনটিতে পাকিস্তানি সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত এসএসজি সদস্যদেরকে আকর্ষণীয় ভাতার লোভ দেখানো

হয়েছিল। এ বিষয়ে যোগাযোগ করে জানা গিয়েছে, উল্লিখিত কোম্পানিটি স্বয়ং এসএসজির অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন আলী জাফর জায়দী পরিচালনা করছেন। ঊর্ধ্বতন মহলে তার ব্যাপক প্রভাব রয়েছে। *দৈনিক উম্মতের* বিশেষ সূত্রে ওই প্রাইভেট কোম্পানিতে যোগ দেওয়া এসএসজির অবসরপ্রাপ্ত জিসিও-র সঙ্গে যোগাযোগ করা হলে তিনি সংশ্লিষ্ট প্রতিবেদককে জানিয়েছেন আর্থিক দৈন্যতার কারণেই সাবেক এই কমান্ডো এখানে চাকরি নিয়েছেন। তার মতে, এই কোম্পানিটির কার্যক্রম সন্দেহজনক। তার বক্তব্য অনুযায়ী পাকিস্তানের রাওয়াত অঞ্চলে একটি মোটর ওয়ার্কশপের আড়ালে গোপন প্রশিক্ষণ শিবির চালাচ্ছে কোম্পানিটি। অন্যান্য সূত্র থেকেও বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। উল্লিখিত সিকুরিটি এজেন্সিটি মূলত আন্তর্জাতিক মাফিয়া চক্রের সঙ্গে জড়িত। এছাড়া প্রশিক্ষণ শিবিরটি বৃটিশ নাগরিক ম্যাথু পরিচালনা করছে।

ম্যাথু সম্পর্কে গোয়েন্দাদের ধারণা সে বৃটিশ সেনা কমান্ডো এসআইএস'র লোক। তবে নিরাপত্তাজনিত কারণে তার ব্যাপারে বিশেষ কিছু বলতে সংশ্লিষ্টরা অপরগতা প্রকাশ করেছেন। এদিকে আমাদের বিশেষ অনুসন্ধানে তার ব্যাপারে চাঞ্চল্যকর সব তথ্য পাওয়া গেছে।

দৈনিক উম্মতের প্রতিবেদনে দেখা যাচ্ছে, পত্রিকায় বিজ্ঞাপন এবং ক্যাপ্টেন জায়দীর ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে প্রার্থীকে প্রথমে সেক্টর এফ-৬ এ একত্রিত করা হয়। এরপর তাদের লিখিত পরীক্ষা, শারীরিক টেস্ট ইত্যাদির মাধ্যমে কঠিন বাছাই পর্ব অতিক্রম করতে হয়। ২০০৯ সালের মার্চ মাসেও এমন এক বিজ্ঞাপনের মাধ্যমে কমপক্ষে ১০০ জনকে ভর্তি করা হয়। পরবর্তীতে তাদের বিভিন্ন জায়গায় ওই সিকুরিটি কোম্পানির ইউনিফর্ম পরিধান করে ডিউটি করতে দেখা যায়। এদের মধ্যে থেকে ৪২ জনকে বাছাই করে ১০ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত প্রশিক্ষণ দেওয়া হয়। ইসলামাবাদ থেকে ১৪ কিলোমিটার দূরে জিটি রোডস্থ রাওয়াত ইন্ডাস্ট্রিয়াল স্টেটে এই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। সূত্র আরো জানিয়েছে, ভর্তিকৃতদেরকে বড় বড় গাড়িতে তুলে সেক্টর এফ-৬ এ কোম্পানি হেডকোয়ার্টার থেকে রাওয়াতে নিয়ে যাওয়া হয়। ওখানে ইন্ডস্ট্রিয়াল এরিয়ার কার এন্ড ক্রাফট অটোমোবাইল ওয়ার্কশপে তারা প্রশিক্ষণ নেয়।

প্রশিক্ষণগ্রহণকারী এক ব্যক্তি বলেছেন, প্রশিক্ষকদের মধ্যে ম্যাথুসহ আরো চারজন বৃটিশ নাগরিক রয়েছে। এছাড়া একজন ভারতীয় নাগরিকও প্রশিক্ষণ টিমের সদস্য ছিল। দৃশ্যত এরা সবাই পায়জামা-পাঞ্জাবি পরিধান করে এবং তাদের মুখ ভর্তি দাড়িও রয়েছে।

৩০ জুলাই পর্যন্ত প্রশিক্ষণগ্রহণকারীদের ব্যাচকে ৩১ জুলাই সীমান্ত প্রদেশে প্রেরণ করা হয়েছে। সেখানে তাদেরকে বৃটিশ কনস্যুলেটের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছিল। আগস্টে এ ধরনের আরেকটি ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়েছে।

ম্যাথু সম্পর্কে জানা যায়, বৃটিশ কমান্ডো ফোর্স থেকে অবসর গ্রহণের পর সে কাবুলে মার্কিন প্রাইভেট আর্মি ব্ল্যাক ওয়াটারের হয়ে কাজ করত। এরপর সে একটি এনজিও-এর সঙ্গেও জড়িত হয়। বর্তমানে সে রাওয়াতে গোপন প্রশিক্ষণ শিবির পরিচালনা করছে। সূত্র জানিয়েছে, এই গোটা কর্মকা-ও ব্ল্যাক ওয়াটারেরই গোপন সন্ত্রাসী তৎপরতার অংশ। অথবা এ ধরনের অন্য কোনো নেটওয়ার্ক। এখানে যারা ভর্তি হয়, প্রশিক্ষণ চলাকালীন তাদেরকে স্থানীয় মুদ্রায় ১৬ থেকে ৪০ হাজার টাকা পর্যন্ত ভাতা এবং অন্যান্য সুযোগ সুবিধা দেওয়া হয়। প্রশিক্ষণপ্রাপ্ত এক কমান্ডো বলেছে, ইন্টারভিউয়ের সময় তাকে জিজ্ঞাসা করা হয়েছিল, বিদেশিদের সঙ্গে থাকতে এবং খেতে সে পছন্দ করে কি না? ডিউটির সময় যদি নামাযের সময় হয় আর নামায পড়তে দেওয়া না হয় তাহলে তার প্রতিক্রিয়া কেমন হবে? সে মুজাহিদদের সঙ্গে কখনো কাজ করেছে কি না? প্রশিক্ষণপ্রাপ্ত কমান্ডো আরো বলেছে, ক্যাপ্টেন জায়দী ও অন্যান্য বৃটিশ ও আমেরিকান অফিসারের উপস্থিতে এসব টেস্ট নেওয়া হয়ে থাকে। বাছাইকৃতদেরকে লাল মসজিদের নিকট একটি রেস্টহাউসে ডাকা হয়। পরে নিকটবর্তী হোটেলে একত্রিত করে তাদেরকে রাওয়াতে পৌঁছে দেওয়া হয়। এখানে কাউকেই নামায পড়ার অনুমতি দেওয়া হয় না।

জানা গেছে, সিকুরিটি গার্ড হিসেবে ভর্তি হলেও এদেরকে দিয়ে বিভিন্ন গুপ্ত হামলা, অতর্কিত আক্রমণ, ক্ষুদ্র অস্ত্র দ্বারা লক্ষ্যবস্তু টার্গেট করা এবং বিস্ফোরকদ্রব্য বহনের কাজ করানো হয়। এছাড়া অত্যাধুনিক টেকনোলজিরও প্রশিক্ষণও তাদেরকে দেওয়া হয়ে থাকে। প্রশিক্ষণ চলাকালীন তাদেরকে লাল মসজিদ অপারেশন, পাকিস্তানের পতাকা জ্বালানোর ফুটেজ এবং অন্যান্য এমন সব ফুটেজ দেখানো হয়েছে, যাতে বিদেশিদের হাতে পাকিস্তানীদের হেয় ও লাঞ্ছিত করা হয়েছে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে পাকিস্তানের নাগরিক হিসেবে মনস্তাত্ত্বিকভাবে অপমান করা হয়। এরপর তাদেরকে বলা হয়, সম্মান চাইলে আমাদের সঙ্গে বাঁচতে শেখো। এরপর প্রশিক্ষণকালীন নানা রকম কঠোর পরিশ্রম করানো হয় এবং প্রশিক্ষণ পূর্ণ হওয়ার পর তাদেরকে সীমান্ত প্রদেশে পাঠিয়ে দেওয়া হয়।

দৈনিক উম্মতের প্রতিনিধি প্রশিক্ষণের জায়গা সরেজমিন পর্যবেক্ষণ করে প্রশিক্ষণগ্রহণকারীদের কথার সত্যতা পেয়েছেন। ইসলামাবাদ থেকে ১৪ কিলোমিটার দূরে লাহোরগামী জিটি রোডে রাওয়াত ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার মেইন গেট থেকে ভেতরের দিকে পৌনে চার কিলোমিটার দূরত্বে *কার এন্ড ক্রাফট অটোমোবাইলের* সাইনবোর্ড লাগানো রয়েছে। এই সাইনবোর্ড থেকে ডান দিকে ঘুরলে আধা কিলোমিটারের দূরত্বে কার এন্ড ক্রাফটের বিশাল ভবন চোখে পড়ে। ভবটির চার কোণায় স্থায়ী চৌকি বানিয়ে সক্রিয় এবং সশস্ত্র সিকুরিটির মজবুত ব্যবস্থা নেওয়া হয়েছে। এখানে সার্বক্ষণিক গার্ড নিযুক্ত আছে। এছাড়াও ভবনের নিরাপত্তা দেওয়ালের চারপাশে বৈদ্যুতিক তার ও কাটাতারের মাধ্যমে নিশ্চিদ্র নিরাপত্তা বলয় গড়ে তোলা হয়েছে। লাল ইটে নির্মিত বিল্ডিংটির সদর দরজা লাল-নীল রঙের। সবুজ ত্রিপল দিয়ে এর কিছু কিছু অংশ ঢেকে দেওয়া রয়েছে। বিল্ডিংয়ের সামনের দিকে ছয়টি সিসি টিভি ক্যামেরা লাগানো রয়েছে। দুই কোণায় দুটি এবং দুই গেটের উপর আরও চারটি ক্যামেরা লাগানো রয়েছে। পিছনের দিকেও সমসংখ্যক ক্যামেরা লাগানো রয়েছে। ফ্রন্ট সাইডে ও ব্যাক সাইডে একজন করে সশস্ত্র গার্ড নিযুক্ত রয়েছে। একটি অটোমোবাইল কোম্পানির এ ধরনের হাই-সিকুরিটি স্বাভাবিক নয়। *দৈনিক* উম্মত প্রতিনিধি বিল্ডিংয়ের পেছন দিকে গেলে দেখতে পান, এখানে নিযুক্ত সশস্ত্র গার্ড সার্বক্ষণিক সক্রিয় রয়েছে। এ সময় তাকে কিছুটা চঞ্চলও দেখাচ্ছিল। সংশ্লিষ্ট প্রতিনিধির সঙ্গে থাকা একজন প্রশিক্ষণপ্রাপ্ত কমান্ডো সতর্ক করে দেন যে, এই বিল্ডিংয়ে এমন সিকুরিটি ব্যবস্থা রয়েছে যা এক কিলোমিটার দূরত্বের সব রকম গতিবিধি মনিটর করতে সমক্ষ এবং এই রেঞ্জের মধ্যে ব্যবহৃত প্রতিটি মোবাইল কল তারা ট্র্যাক করতে পারে।

কার এন্ড ক্রাফট ওয়ার্কশপের ভৌগলিক অবস্থানগত পর্যবেক্ষণ থেকে বিশেষজ্ঞদের আশঙ্কা, জনমানবহীন বিরান ভূমিতে এ ধরনের বিশাল স্থাপনা আসলে কোন কাজে ব্যবহৃত হচ্ছে? নিরাপত্তা বিশেষজ্ঞদের অনেকের সন্দেহ ব্ল্যাক ওয়াটারের মত সন্ত্রাসী গোষ্ঠীগুলো পাকিস্তানেও তৎপর রয়েছে। এর মাধ্যমে তারা দেশটিকে প্রতিনিয়ত অস্থিতিশীল করে তুলছে। তবে স্থানীয় বাসিন্দারা ক্ষোভ প্রকাশ করে বলেছেন, প্রশাসনের নাকের ডগায় এসব তৎপরতার চললেও রহস্যজনক কারণে তারা নিরব ভূমিকা পালন করছে। এ ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা জানিয়েছে, খুব দ্রুত তারা বিষয়টি নিয়ে পদক্ষেপ নেবেন। যদিও মার্কিনীদের চাপ ও প্রভাবের কাছে তা কতটুকু কার্যকর হবে তা নিয়ে জনমনে সংশয় রয়েই গেছে। এই

প্রতিবেদক কয়েক দফা উল্লিখিত সিকুরিটি এজেন্সি এবং ক্যাপ্টেন জায়দীর সঙ্গে যোগাযোগ করে তাদের বক্তব্য জানার চেষ্টা করলেও তারা কেউ এ বিষয়ে কথা বলতে রাজি হননি। সিক্যুরিটি কোম্পানির অফিসের টেলিফোন নাম্বারে যোগাযোগ করা হলেও কেউ ফোন উঠায়নি। *[সূত্র : দৈনিক উম্মত, করাচি, ৬ আগস্ট ২০০৯]*

'র'-এর হয়ে ক্যাপ্টেন জায়েদীর তৎপরতা

এখন আমরা ক্যাপ্টেন জায়দী সম্পর্কে কিঞ্চিত আলোচনা করব। ভদ্রলোক পাকিস্তানি সেনাবাহিনীর স্পেশাল সার্ভিস গ্রুপ (কমান্ডো)-এর সঙ্গে সম্পৃক্ত ছিল। ১৯৮৭ সালে ক্যাপ্টেন জায়দী সিয়াচেন হিমবাহে ২৬ হাজার ফুট উঁচুতে পাক ফৌজের পর্যবেক্ষণ ঘাঁটিতে নিয়োজিত ছিল। এই ঘাটির দখল নিতে গিয়ে পাক ফৌজের কয়েক ডজন অফিসার জীবন উৎসর্গ করেন। এখান থেকে শুধু ভারতীয় সৈন্যদের গতিবিধির উপর নজর রাখা সহজই ছিল না বরং তাদের সম্মুখে অগ্রসর হওয়া অসম্ভব হয়ে পড়েছিল। শত্রু সেনারা সম্মুখে অগ্রসর হওয়ার চেষ্টা করলে কায়েদ পোস্টে অবস্থানরত স্নাইপারদের নিঁখুত নিশানা তাকে সেখানেই শেষ করে দিত। একদিন ক্যাপ্টেন জায়দী পেটে ব্যাথার ভান করে পোস্ট ছেড়ে নিচে বেইস ক্যাম্পে চলে গেলে ভারতীয় সৈন্য আক্রমণ শুরু করে এবং সেখানে উপস্থিত পাক ফৌজের জোয়ানদেরকে শহীদ করে পোস্টটির দখল নিয়ে নেয়। (এটি কাকতালীয় ছিল না সূক্ষ্ম পরিকল্পনার ফসল ছিল, এই রহস্য হয়তো ক্যাপ্টেন জায়দী অথবা কোনো ভারতীয়ই খুলতে পারে।) এটি পাকিস্তানের জন্য মারত্মক এক ঝাঁকুনি ছিল। পরবর্তীতে মেডিকেল চেক-আপে জায়দী সুস্থ প্রমাণিত হয় যার কারণে কোর্টমার্শালে তাকে বাধ্যতামূলক অবসর করে দেওয়া হয়। যদিও কায়েদ পোস্টটি এখনও ভারতীয় সেনাবাহিনীর দখলেই রয়ে গেছে।

ব্ল্যাক ওয়াটার : দাজ্জাল পথপ্রদর্শক

দাজ্জাল শব্দের অর্থ ও মর্ম

আরবি ব্যাকরণ অনুযায়ী دجال শব্দটি دجل থেকে নির্গত। এটা باب نصر এর মাসদার। এর অর্থ হল, মিথ্যা বলা, ধোঁকা দেওয়া এবং গোজামিল দেওয়া। অত দাজ্জাল শব্দের অর্থ হল, অনেক বড় ধোঁকাবাজ এবং অনেক বেশি মিথ্যুক।

দাজ্জালকে মাসীহ বলার কারণ

মাসীহ শব্দের আভিধানিক অর্থ অধিক ভ্রমণকারী।

দাজ্জাল যেহেতু তার ফেতনা ছড়ানোর জন্য গোটা দুনিয়া চষে বেড়াবে, এজন্য তাকে *মাসীহ* বলা হয়। এ কথাটি আরও স্পষ্ট করতে গিয়ে আল-কামুস গ্রন্থকার লিখেছেন, দাজ্জালকে মাসীহ বলার কারণ হল সে পুরো পৃথিবীকে তার নিয়ন্ত্রণে নিয়ে নেবে।

দাজ্জাল শব্দের অর্থ মিথ্যুক, প্রতারক ও ধোঁকাবাজ, আমরা তা জেনেছি। এখন আসুন আমরা নিরীক্ষা করে দেখি, দাজ্জালী গুণ ও বৈশিষ্ট্যাবলি যেসব ব্যক্তির মাঝে পাওয়া যায় তারা সম্ভবত খুব দ্রুত এই ফেতনায় জড়িয়ে পড়বে এবং এমন মানুষ তার সৈন্যবাহিনীতে অন্তর্ভুক্ত হবে। কারণ মিথ্যুক মানুষের কোনো দীন-ধর্ম থাকে না। সুতরাং আমরা যদি জাগতিক দৃষ্টিকোণ থেকে লক্ষ্য করি, তো এই গুণ ও বৈশিষ্ট্য বর্তমান যুগের সবচেয়ে স্বেচ্ছাচারী দাজ্জালী ক্ষমতা মার্কিন সরকার ও সেদেশের সাধারণ জনগণের মধ্যে দেখতে পাব। মিথ্যা, ধোঁকা ও প্রতারণাকে এরা ইবাদত মনে করে। দাজ্জালপুত্র তার পিতার পদাঙ্কানুসরণ করে চলার কয়েকটি নমুনা দেখিয়েছে। মার্কিন সরকার এবং মিডিয়াজগত পুরোটাই মিথ্যার ঔরসজাত। আমেরিকা জাপানের দুই শহর হিরোশিমা এবং নাগাসাকিকে তাদের পারমাণবিক বোমার পরীক্ষার ক্ষেত্র বানিয়েছিল। যারা শুধু নিঃস্পাপ মানুষকে মৃত্যুর দুয়ারে পৌঁছে দেয়াকেই নিজের আসল কতর্ব্য মনে করে এবং দাজ্জালের নির্জীব আত্মাকে অতিরিক্ত শক্তি পৌঁছাতে থাকে যে, প্রভু দাজ্জাল দ্রুত বের হও। দুনিয়ার ময়দান আমরা জয় করে নিয়েছি। ইরাকে আমরা দুই দশক থেকে যুদ্ধ চাপিয়ে দিয়েছি। যার ভিত্তিই ছিল নির্জলা মিথ্যা। বলা হয়েছিল, ইরাক একটি পরমানবিক শক্তিধর দেশ। তাকে এটম বানানো থেকে বিরত কর। আফগানিস্তানের মিথ্যা বানানো রিপোর্ট তৈরি করে সিআইএ এবং দাজ্জালের সৈন্যবাহিনী ব্ল্যাক ওয়াটার আক্রমণ করে এবং মিথ্যা অপবাদ আরোপ করে। তালেবান জালেম, তালেবান নিষ্ঠুর। তারা মেয়েদেরকে বেত্রাঘাত করে। ফাঁসি দেয়। মানুষের হাত কাটে। মানবতা বিরোধী কাজ করে। অথচ আফগানিস্তান ছিল শান্তি ও নিরাপত্তার স্বর্গভূমি। ব্রিটিশ সাংবাদিক মরিয়ম (ইভন রিডলি) তাদের মাঝে কয়েক দিন কাটিয়ে মুসলমান হয়ে গিয়েছে। আমেরিকা যদি আফগানিস্তান থেকে সমস্ত তালেবানকে তাদের কাছে নিয়ে যায়, তো সব কাফের মুহূর্তের মধ্যে মুসলমান হয়ে যাবে। তালেবান যদি কাউকে শরয়ী শাস্তি দিয়ে থাকে, কারো হাত কেটে থাকে অথবা বেত্রাঘাত করে থাকে, তারা তা সন্তুষ্টচিত্তেই গ্রহণ করেছে। কিন্তু আমেরিকা সাত

সমুদ্রের ওপারে বসে হা-হুতাশ করতে থাকে। অবশেষে আক্রমণ করে আফগানিস্তানের প্রতিটি ইটকে ধ্বংসস্তূপে পরিণত করে। এরপরও লক্ষ আফগানিকে এবং লক্ষ ইরাকিকে হত্যা করে, যাদের মধ্যে নারী এবং শিশুও রয়েছে, মানবাধিকারের চ্যাম্পিয়ন, বিশ্ব নিরাপত্তার ধ্বজাধারী সাব্যস্ত করা হয় এবং প্রেসিডেন্ট ওবামাকে নোবেল প্রাইজ দিয়ে লক্ষ মানুষের খুনিদেরকে শান্তির দূত বানানো হয়। অর্থাৎ গোটা পৃথিবীতে রাজত্বও আমেরিকার, এওয়ার্ডও আমেরিকার। যাকে ইচ্ছা সন্ত্রাসী বানিয়ে ফেলে। কে জিজ্ঞাস করবে তাকে? যে তার মিত্র তার সাত খুন মাফ। এজন্য আমেরিকান ব্ল্যাক ওয়াটার এবং যৌথবাহিনীকে দাজ্জালের সৈন্যবাহিনী বলা হলে অতুক্তি হবে না। কারণ দাজ্জাল যেমন গোটা পৃথিবী চষে বেড়াবে আর কাফেররা এই ফেতনায় দ্রুত জড়িত হবে, এ সময়ের দাজ্জালও যেন সাত সমুদ্রের ওপার থেকে মুসলিম দেশগুলোর উপর আক্রমণ করছে। পৃথিবী জুড়ে আমেরিকার আখড়া বানানোও এ কথার দিকে ইঙ্গিত করে যে, দাজ্জালের মত গোটা পৃথিবীকে দখল করা, নিয়ন্ত্রণ করা তার অধিকার মনে করে। দাজ্জালের খোদায়ী দাবির বিরুদ্ধে কেউ বাধা হয়ে দাঁড়ালে এবং তার উপর ঈমান না আনলে যেমন তাকে মেরে ফেলা হবে, তাকে সন্ত্রাসী সাব্যস্ত করা হবে, এমনিভাবে কেউ আমেরিকার মনোবাঞ্চনা পূরণের ক্ষেত্রে বাধা ও প্রতিবন্ধক হলে তাকেও মেরে ফেলা অথবা সন্ত্রাসী বলে অভিহিত করা হবে। হাদিস শরিফে নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, মানুষ দাজ্জালের ভয়ে পাহাড়ে আশ্রয় নেবে। *[মুসলিম শরিফ]*

এ হিসেবে দাজ্জালী শক্তির প্রতিপক্ষরাও এসব দাজ্জালী শক্তির কারণে পাহাড় থেকে আক্রমণ করছে এবং পাহাড় ও জঙ্গলে সমর প্রশিক্ষণ গ্রহণ করে দাজ্জালী শক্তির বিরুদ্ধে অভিযানে নেমেছে। নয়-এগারোর পর জুনিয়র দাজ্জাল বুশের বক্তব্য ছিল, এই যুদ্ধে আমেরিকা ক্লান্তও হবে না এবং ব্যর্থও হবে না। *[বুশ ১৭ অক্টোবর ২০০১]*

কিন্তু আট বছর পরই আমেরিকার প্রতিরক্ষামন্ত্রীর পরাজিতসুলভ বক্তব্যও পড়ুন–

'আমেরিকার সৈন্যবাহিনী এবং জনগণ ক্লান্ত হয়ে পড়েছে। আমরা আফগানিস্তানে দীর্ঘ যুদ্ধে আটকে গিয়েছি।' *[আমেরিকার প্রতিরক্ষামন্ত্রী জুলাই ২০০৯]*

দাজ্জাল যেমন গোটা পৃথিবীকে নিয়ন্ত্রনে নেবে, আমেরিকাও স্বপ্ন দেখে গোটা পৃথিবী তার নিয়ন্ত্রণে আসবে। কিন্তু রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কথা সত্য। তিনি বলেন, আমার উম্মতের একটি দল হকের প্রতিরক্ষা করার জন্য যুদ্ধ করতে থাকবে। যারা এদের সঙ্গে শত্রুতা করবে, এরা

তাদের উপর বিজয়ী হবে। অবশেষে এদের (মুজাহিদদের) শেষ জামাত দাজ্জালের সঙ্গে যুদ্ধ করবে। *[আবু দাউদ শরিফ]*

পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা বলেন, নিশ্চয় আল্লাহ তায়ালা সত্যবাদীদের সঙ্গে রয়েছেন।

এখন একথা পরিষ্কার, এই সময়ের দাজ্জাল আমেরিকা তার মিত্রবাহিনী এবং ব্ল্যাক ওয়াটার হচ্ছে, মিথ্যুকদের দল। আর এর বিরুদ্ধে সত্যের পথে লড়াইকারীরাই সত্যবাদী মানুষ। কিন্তু আমরা যখন দাজ্জালী মিডিয়ার দিকে তাকাই, আমরা এর বিপরীত চিত্রই দেখতে পাই। এক হাদিসের মর্মবাণী এটাই শেষ জমানার এটাও একটা ফেতনা যে, মানুষ সত্যকে মিথ্যা আর মিথ্যাকে সত্য মনে করতে থাকবে। আল্লাহ তায়ালা আমাদেরকে হকের উপর অটল থাকার অবিচলতা দান করুন।

হাদিস শরিফে দাজ্জালের পরিচিতি

বিভিন্ন হাদিসের আলোকে এ কথা প্রমাণিত হয় দাজ্জালের আগমন অবশ্যই ঘটবে। এক হাদিসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, দাজ্জাল অবশ্য অবশ্যই তোমাদের মধ্যে আসবে। তার আগমন সত্য। তার আগমন নিকটবর্তী। আর প্রত্যেক আগন্তুক নিকটবর্তীই হয়ে থাকে। *[মুসনাদে বাযযার]*

সমস্ত নবীগণই তাঁদের উম্মতকে দাজ্জালের ব্যাপারে সতর্ক করেছেন। নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও প্রায় সময় এর তাগিদ করেছেন।

দাজ্জালের গঠন আকৃতি সম্পর্কে বর্ণিত আছে, হযরত ইবনে ওমর রাযিয়াল্লাহু তায়ালা আনহু রেওয়ায়েত করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, দাজ্জালের ডান চোখ কানা হবে। তার চোখ আঙ্গুরের মত বিস্ফোরিত হবে।

দাজ্জাল হল দুনিয়ার সবচেয়ে বড় ফেতনা। এক হাদিসে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, হযরত আদম আলাইহিস সালাম থেকে কেয়ামত পর্যন্ত আল্লাহর সৃষ্টজীবের মধ্যে (শারীরিক গঠনের দিক থেকে) দাজ্জালের চেয়ে বড় কেউ হবে না। *[মুসলিম শরিফ]*

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অন্য এক জায়গায় ইরশাদ করেন, হে লোক সকল! নিঃসন্দেহে পৃথিবীর বুকে দাজ্জালের ফেতনার চেয়ে বড় কোনো ফেতনা নেই। *[ইবনে মাযা]*

হযরত খাদিজা রাযিয়াল্লাহু তায়ালা আনহা থেকে বর্ণিত আছে, দাজ্জাল সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আলোচনা করা হলে তিনি বললেন, দাজ্জাল ফেতনার মোকাবেলায় আমি তোমাদের পারস্পারিক ফেতনা ফাসাদ ও দ্বন্দ্ব-কলহকে বেশি ভয় করি। ইতোপূর্বে যারাই এই ফেতনা থেকে নিরাপদ থেকেছে, তারাই মূলত নিরাপদ। আর আজ পর্যন্ত পৃথিবীতে ছোট বড় যত ফেতনাই প্রকাশিত হয়েছে তা দাজ্জালের ফেতনার কারণেই। *[মুসনাদে আহমাদ : ৫/৩২]*

দাজ্জালের সৈন্য কে

হযরত আনাস রাযিয়াল্লাহু তায়ালা আনহু থেকে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, (ইরানের) ইস্পাহান শহরের সত্তুর হাজার ইহুদি কালো (অথবা সবুজ) চাদর গায়ে দিয়ে দাজ্জালের সঙ্গ দিবে। *[মুসলিম শরিফ]*

দাজ্জালের সৈন্যবাহিনী মক্কা-মদিনা ব্যতীত পৃথিবীর প্রতিটি শহর-নগরে প্রবেশ করবে এবং তছনছ করে ফেলবে। কিন্তু পবিত্র মক্কা এবং মদিনায় প্রবেশ করতে গেলে ফেরেশতারা প্রতিরোধ করবে। দাজ্জালের বাহিনী সেখানে প্রবেশ করতে পারবে না। আর দাজ্জালের ফেতনায় বেশি আক্রান্ত হবে নারীরা। হাদিস শরিফের ভাষ্য হল, পুরুষরা তাদের স্ত্রী, মা, বোন ও মেয়েদেরকে রশি দিয়ে বেঁধে রাখবে। যাতে তারা দাজ্জালের সঙ্গী না হয়। *[মুসনাদে আহমাদ : ২/৬৭]*

উপরে উল্লিখিত হাদিসগুলো থেকে জানা গেল যে, দাজ্জালের সৈন্যবাহিনী হবে ইহুদি। আর দাজ্জাল নিজেও ইহুদি হবে। এ ছাড়া প্রশস্ত ও ভরাট চেহারার জাতিও তার সৈন্যবাহিন্যতে অন্তর্ভুক্ত হবে। সম্ভবত এরা হল- চীন, জাপান, কোরিয়া এবং রাশিয়ার অন্যান্য দেশের মানুষ। কাফের ও মোনাফেকরাও এই বাহিনীতে শরিক হবে। এই ফেতনায় সবচেয়ে বেশি শিকার হবে নারী।

দাজ্জালের সৈন্য কালো ও সবুজ চাদরসহ তার সেনাবাহিনীতে শামিল হবে। হয়ত ব্ল্যাক ওয়াটারের দাজ্জালী ক্রুসেডার নেতৃবর্গ এজন্য এর নামে ব্ল্যাক (কালো) অন্তর্ভুক্ত করেছে, যাতে দাজ্জালের বাহিনীর নিদর্শনাবলি পূরণ করা হয়ে যায়। বর্তমান প্রেক্ষাপটে এটাই মনে হয় যে দাজ্জালের সৈন্যবাহিনী তার পূর্ণ প্রস্তুতি নিয়েছে। কিন্তু মুসলমানরা গাফেল বসে আছে। আমাদের উচিত হল এসব ব্ল্যাকদের বিরুদ্ধে কালো পতাকাধারী বাহিনী, যারা হযরত মাহদি এবং হযরত ঈসা আলাইহিস সালামের সঙ্গী হবে, তার প্রস্তুতি গ্রহণ করা। আমাদের

উচিত, সমস্ত মুসলমানকে দাজ্জালের ফেতনা থেকে বাঁচানোর জন্য মানুষদেরকে সতর্ক করা এবং দাজ্জালের মোকাবেলায় প্রস্তুত থাকা।

টার্গেট কেন পাকিস্তান?

পাকিস্তানের বর্তমান প্রেক্ষাপটে নিঃসন্দেহে দেশপ্রেমিক প্রতিটি মুসলমান অত্যন্ত ব্যথিত এবং দুঃশ্চিন্তাগ্রস্ত। এই দেশটা লক্ষ কুরবানির বদৌলতে অর্জিত হয়েছে। বুকের রক্ত দিয়ে ক্রয় করা হয়েছে। যাতে এই মাটিতে ইসলামি জীবন ও সমাজব্যবস্থা প্রতিষ্ঠিত করা যায়। কিন্তু মিডিয়ার মিথ্যাচার আর আমেরিকার সন্ত্রাসী কার্যক্রম মানুষের সামনে ইসলাম সম্পর্কে নেতিবাচক মনোভাব তৈরি করে দিয়েছে যে, মুসলমানদের স্কুল-মাদরাসা সব সন্ত্রাসীদের কারখানা। দাড়িওয়ালাকেই সন্ত্রাসী মনে করা হয়। বিষয়টা এ পর্যায়ে এসে পৌঁছেছে যে, কোনো পরিবারে কেউ দাড়ি রাখলে তাকে কাটতে বলা হয়। যাতে সন্ত্রাসী বলে ধরে না নিয়ে যায়। এক বন্ধু মুফতি কয়েকদিন আগে পাসপোর্ট করার জন্য গিয়েছেন। সেখানে তার পাগড়ি-টুপি সব খুলে ফেলতে বলা হয়। এক অফিসারকে বিষয়টা জিজ্ঞাস করলে তিনি সরকারি দপ্তরের একটি চিঠি দেখান, যাতে পাগড়ি এবং টুপির উপর X ক্রস চিহ্ন দেওয়া রয়েছে। অফিসার এই আশঙ্কাও প্রকাশ করেন যে, মুফতি সাহেব ভবিষ্যতে এই কোঠায় দাড়িও হয়ত পড়বে। যাতে কোনো দাড়িওয়ালা মানুষ পাকিস্তানের বাইরে যেতে না পারে।

পাকিস্তানের ক্রমবর্ধমান সন্ত্রাসী কার্যক্রমের নানা ঘটনায় অদ্ভূত ও বিস্ময়কর ব্যাপার ঘটছে। তালেবান কোনো বিস্ফোরণের দায়িত্ব স্বীকার করলে সেটা কোনো একভাবে দায়মুক্ত হয়ে যায়। এই অবস্থায় প্রশ্ন ওঠে যে, দ্বিতীয় আর কেনো গোপন শক্তি রয়েছে যারা দেশে করাচি থেকে খায়বার এবং গোওয়াদার পর্যন্ত জঙ্গি কার্যক্রম দ্বারা লাভবান হচ্ছে এবং পাকিস্তানকে ক্ষতিগ্রস্ত করছে। আমাদের এই বইয়ের বিষয় তালেবান সমরপ্রীতিও নয় আবার আইন বাস্তবায়নকারী প্রতিষ্ঠান কিংবা পাক সেনাবাহিনীও নয়। এদের পারস্পারিক যুদ্ধ থেকে দৃষ্টি সরিয়ে এই বইয়ের উদ্দেশ্য আরেক শক্তি, আমেরিকার ব্ল্যাক ওয়াটার। এই দুই গ্রুপের বিবাদমান লড়াইয়ে হাওয়া দেওয়াও আমাদের উদ্দেশ্য নয়। আমরা পাকিস্তানের সেনাবাহিনীর জন্য বই লিখে কোনো পদক অথবা এওয়ার্ড অর্জন করতে চাই না আবার পাকিস্তানি তালেবানের জন্য কোনো বই লিখে গ্রন্থীয় বৈধতাও পেশ করতে চাই না। কারণ বই দিয়ে যুদ্ধ থামানো সম্ভব নয়। যুদ্ধ থামানো সম্ভব নয় পরস্পর বিরোধী দুটি গ্রুপের বিরুদ্ধে সমালোচনা ও কাদা ছুড়াছুড়ি করেও। উভয় গ্রুপের নিকটই নিজ নিজ আলেম,

স্কলার এবং প-িত ব্যক্তিত্ব রয়েছেন। তাদের দ্বারা এই কাজ খুব সুন্দরভাবেই সম্পন্ন হতে পারে। একজন প্রকৃত দেশপ্রেমিক হিসেবে আমাদের চাওয়া পাকিস্তানের সার্বভৌমত্ব ও নিরাপত্তা। এ অবস্থায় ধর্মীয় বিভিন্ন সংগঠন জমিয়তে উলমায়ে ইসলাম (ফ) (স) এবং জামাতে ইসলামীর মনোয়ার হোসাইন বর্তমান সরকারের বিরোধিতা করছেন যে, সামরিক অপারেশন সমাধান নয়। বরং এর দ্বারা আরও বহুবিধ সঙ্কট সৃষ্টি হয়ে থাকে। পিটিভিতে জমিয়তে ওলামায়ে ইসলামের এক মন্ত্রী ২৯ অক্টোবর রাতের প্রোগ্রামে এ বিষয়ে আলোচনা করেছিলেন। তিনি বলেছেন, মাওলানা ফজলুর রহমান তো সরকারের কাছে আবেদন করেছে যে, আমি সরকার এবং তালেবানের সঙ্গে আলোচনা করার জন্য প্রস্তুত রয়েছি। আর তিনি এখনও একথায় অটল রয়েছেন। মন্ত্রী মহোদয় বলছিলেন, আমাদের প্রস্তাবকে অগ্রাহ্য করে সরকার ভুল করেছে। পক্ষান্তরে সাধারণ কোনো মানুষ কোনো দলের সহযোগিতা করলে তাকে খুন করা হয় অথবা গুম করা হয়। বর্তমান সরকার, গোপন বাহিনী এবং বর্তমান সেনাবহিনীর কাছে আমাদের এটাও আবেদন যে, কোনো নীতিবান সাংবাদিক আপনাদের দৃষ্টিভঙ্গির সঙ্গে এক মত পোষণ না করলে তাকে শাস্তিযোগ্য ভাবা হয়। কিন্তু পার্লামেন্ট হাউসের নরম চেয়ারে যারা বসেন তারা এর থেকে দায়মুক্ত থাকেন। শুদ্ধি অভিযানের একটি অভিযান যদি ইসলামাবাদের পার্লামেন্ট ভবনে পরিচালিত হতো তাহলে নিঃসন্দেহে তালেবান সহযোগী ব্যক্তিদের থেকে মুক্তি ও নিষ্কৃতি মিলত। সরকার যদি এমন না করে তাহলে আমরা জাতি হিসেবে সমস্ত রাজনৈতিক ও ধর্মীয় দলকে এ কথা বললে ন্যায়ানুগই হত যে, এগুলো চেয়ার, নেতৃত্ব আর ডলারের যুদ্ধ এবং সন্ত্রাসী কার্যক্রমে নেতৃবর্গও জড়িত রয়েছেন। কিন্তু এর থেকে মুক্তি হয়তো কারো কপালেই নেই। হিলারি ক্লিনটন, রিচার্ড হলব্রুক এবং জন কেরি এজন্যই ঝটিকা সফর করছে। আর এবার সে লোগার নামে আমেরিকা থেকে আমদানিকৃত ললিপপ এনেছে। এই ললিপপ বাহ্যত মিষ্টি হলেও এর ক্রিয়া বিষের চেয়েও মারাত্মক। এই ললিপপলোভীদের মুখ থেকে লোল টপকে পড়ছে, কখন তা মুখ পুরবে।

হিলারি ক্লিন্টনের পাকিস্তান সফরে পৌঁছা এবং পেশওয়ারে পাকিস্তানের ইতিহাসের ঘৃণ্যতম ট্রাজেডি ঘটা, যাতে ১৫০ নিঃস্পাপ পাকিস্তানি সহিংসতার শিকার হয়েছে এবং অসংখ্য মানুষ আজীবনের জন্য প্রতিবন্ধী হয়েছে, এ বিষয়ে বিস্ময়কর সব বিবৃতি আসছে। কিছু বিবৃতির পর্যালোচনা করছি। সেক্যুলার পত্রিকা দিয়েই শুরু করছি। ধর্মীয় কোনো সাময়িকী বা দৈনিকের উদ্ধৃতি দিলে

বলা হতে পারে এগুলো সন্ত্রাসীদের সহযোগী। কিন্তু এক্সপ্রেস গ্রুপ যারা বামপন্থী চিন্তাধারায় জং গ্রুপ থেকেও এগিয়ে গিয়েছে। দেখুন–

এক্সপ্রেসের বিখ্যাত সাংবাদিক আবদুল্লাহ তারেক সুহাইল তার ধারাবাহিক কলাম এবং অন্যান্য জায়গায় লিখেছেন–

'বেলুচিস্তানের সন্ত্রাসী কার্যক্রমে ভারত সরাসরি জড়িত। পাকিস্তানের সন্ত্রাসী কার্যক্রম পরিচালনার জন্য আফগানিস্তানস্থ ভারতের ৯টি কনস্যুলেট অফিসে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। বেলুচিস্তানের ৯৫% সন্ত্রাসী কার্যক্রমে ভারত জড়িত এবং সিস্তানের (ইরান) বিস্ফোরণেও ভারতের হাত রয়েছে। সে কখনোই চায় না পকিস্তান এবং ইরানের সম্পর্ক ভালো হোক।'

এই বিবৃতি বেলুচিস্তানের শিক্ষা মন্ত্রী শফিক আহমাদ খানের। ২৪ অক্টোবর তিনি এই বিবৃতি দেন। পরদিনেই তাকে পদ থেকে সরিয়ে দেওয়া হয়। ওই দিনেরই সংবাদ, পেশওয়ারের মার্কেটের বিস্ফোরণ রিমোটকন্ট্রোলের মাধ্যমে করা হয়েছে। তালেবান এই বিস্ফোরণের দায়ভার নিতে অস্বীকার করেছে। ইসলামি ইউনিভার্সিটির বিস্ফোরণে যেই লাশকে আত্মঘাতী হিসেবে বলা হয়েছে, তা ইউনিভার্সিটিরই এক ছাত্রের। তার পরিচয়পত্রও উপস্থাপন করা হয়েছে।

হামলা-হাঙ্গামা বাজারের বেশি দোকান তালেবানের। কিন্তু কিছু নতুন বণিকও এখন সেখানে স্থান করে নিচ্ছে। মরহুম শফিক আহমাদ যার মধ্যে একটাকে চিহ্নিত করেছেন। দ্বিতীয়টার নাম আমেরিকান ব্ল্যাক ওয়াটারের কথা বলা হচ্ছে। কিন্তু কেউ চিহ্নিত করার দুঃসাহস করে না। সবাই হয়ত শফিক আহমাদের পরিণতির ভয় করে।

এ সংবাদটি দেখুন, সরকারি পুলিশ সেক্টর এফ-৮ থেকে চারজন আমেরিকানকে অত্যাধুনিক অস্ত্র ও ভুয়া নাম্বার প্লেট লাগানো গাড়িসহ জিম্মায় নিয়েছে। কিন্তু পরবর্তীতে প্রশাসনের হস্তক্ষেপে তাদেরকে ছেড়ে দেওয়া হয়। এক্ষেত্রে কোনো মামলাও লিপিবদ্ধ হয়নি। পুলিশ ফাঁড়িতে রেখে তল্লাশি করতে চাইলে তারা নিজেদেরকে মেরিন সেনা বলে অস্বীকার করে। তাদের কাছে নিষিদ্ধ বোরের কয়েকটি রাইফেল, দুটি পিস্তল এবং হাত বোমা পাওয়া গিয়েছে। সংবাদ সংস্থার তথ্যানুযায়ী, ওই চার আমেরিকান স্পর্শকাতর বিল্ডিংয়ের ছবি তুলছিল। পুলিশ জানিয়েছে, আমেরিকান নাগরিক এবং ব্ল্যাক ওয়াটারের কার্যক্রম সীমাতিরিক্ত বৃদ্ধি পেয়েছে। প্রশাসন বলেছে স্বরাষ্ট্রমন্ত্রণালয়কে এ বিষয়ে চিঠি লেখা হবে।

চিঠি লিখলে কি হবে? যে লিখবে সেই আবার পাকড়াও না হলে হয়। ইতোপূর্বে সিক্যুরিটি বিভাগের হস্তক্ষেপের পর এদের তৎপরতা কিছুটা কমেছিল। এখন আবার গোলমাল শুরু করে দিয়েছে। তিনদিন পূর্বে পেশাওয়ারে নাগরিকদেরকে হয়রানি করতে দেখা গিয়েছে। এখন ইসলামাবাদে হাত বোমাসহ ধরে আবার ছেড়ে দেওয়া হয়। হে আল্লাহ এই লা-ওয়ারিশ দেশের কল্যাণ হোক। /২৯ *অক্টোবর ২০০৯, এক্সপ্রেস]*

সুন্নি আন্দোললেন কেন্দ্রীয় যোগাযোগ কমিটির প্রধান হাফেজ শাহেদ হুসাইন বলেছেন, পাকিস্তানের সীমানার ভেতর পাকিস্তানের আইন লঙ্ঘনকারী আমেরিকানদেরকে কারো সুপারিশে ছেড়ে দেওয়া রাষ্ট্রীয় আইনের লঙ্ঘন। /২৯ *অক্টোবর ২০০৯ দৈনিক এক্সপ্রেস]*

৩০ অক্টোবরের সমস্ত পত্রিকায় ইসলামাবাদের ডিআইজির বিবৃতি এসেছে। তিনি বলেছেন, আমেরিকানদেরকে আমি মঞ্জুরী অধিকার ব্যবহার করে নিজ জামানতে ছেড়ে দিয়েছি। যদিও তাদের গাড়ির নাম্বার প্লেট ছিল ভূয়া। আন্তঃরাষ্ট্রীয় সীমাবদ্ধতার কারণে বিদেশি কূটনৈতিক বা দূতাবাস কর্মীদের ছাড় দিতে হয়।

পাকিস্তানের পারমাণবিক প্রোগ্রামে মার্কিন নজরদারি

'এশিয়ান এইজ' সুপরিচিত ওয়েবসাইট 'ইন্টারন্যাশনাল এনালিস্ট নেটওয়ার্ক'-এর রিপোর্টের উদ্ধৃতি দিয়ে দাবি করেছে যে, পাকিস্তানের পারমাণবিক প্রোগ্রামের গোপন পর্যবেক্ষণ নিশ্চিত করার প্রমাণ বিদ্যমান রয়েছে। আর এটা বহুল প্রচলিত সত্য যে, মার্কিন দূতাবাস ও সে দেশের প্রশাসন কাহোটায় গোয়েন্দাগিরি করছে, যেখানে গুরুত্বপূর্ণ পারমাণবিক স্থাপনা রয়েছে। রিপোর্ট অনুযায়ী পাকিস্তান সরকারের বিভিন্ন ব্যক্তিরও গোয়েন্দাবৃত্তি কাজে সহযোগিতার প্রমাণ রয়েছে। এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের আচরণ প্রশ্নবিদ্ধ হিসেবে উপস্থাপন করা হয়েছে যে তারা আমেরিকানদেরকে সন্দেহজনক কার্যক্রমের অনুমতি দিচ্ছে। স্বরাষ্ট্রমন্ত্রণালয় স্বীকার করেছিল যে আমেরিকান প্রতিরক্ষা কন্ট্রাক্টর গোপন ইন্টেলিজেন্সকে অবগত করা ছাড়াই পাকিস্তানের মাটিতে সন্দেহজনক কার্যক্রম চালাচ্ছে। এর আগে রিপোর্ট প্রকাশিত হয়েছিল যে আমেরিকান প্রশাসন সাহালা পুলিশ প্রশিক্ষণ কলেজের মাধ্যমে কাহোটায় পারমাণবিক স্থাপনার পর্যবেক্ষণ করছে। আর এই পর্যবেক্ষণ কার্যক্রম ২০০৩ থেকে চলছে। সাহালায় বিশাল বড় একটি অংশ জুড়ে আমেরিকান প্রশাসন ঘাটি প্রতিষ্ঠা করেছে। যার চারপাশে উঁচু দেয়াল রয়েছে। সেখানে প্রশিক্ষণ কলেজের সিনিয়র

কর্তৃপক্ষেরও প্রবেশের অনুমতি নেই। আমেরিকান প্রশাসন ঘাটির প্রবেশ মুখে অনেকগুলো সাইন বোর্ড লাগিয়েছে। যেখানে বিদেশিদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। এদিকে পাকিস্তান প্রশাসনের ঊর্ধ্বতন কর্তৃপক্ষ মার্কিন হস্তক্ষেপের ব্যাপারে বারবার অভিযোগ উত্থাপন করেছেন। কিন্তু নিরাপত্তার বিষয়টা রহস্যজনক কারণে এড়িয়ে যাওয়া হয়েছে। পাকিস্তানে আইন অমান্যকারী আমেরিকানদেরকে ছেড়ে দেওয়া বাস্তবিক অন্যায়।

ইতিহাসের শিক্ষা

ইতিহাস সাক্ষী, ইংরেজ ক্রুসেডার ও জায়নবাদীরা যে ভূমিতেই পা রেখেছে, তাদের নাপাক কদম এবং ঘৃণ্য চিন্তাধারা ও কর্মকা- মুসলিম রক্তর প্রবাহিত হওয়া, কয়েদখানা আবাদ হওয়া, মুসলমানদের জনবসতি বিরান হওয়া, মুসলিমগণ নেতৃত্বহীন হয়ে পড়া ও নিত্যনতুন বিশৃঙ্খলার জন্ম দেয়ার কাজে ব্যবহৃত হয়েছে।

উপমহাদেশে যখন শ্বেত চামড়ার অধিকারী কালো ধান্ধার লোকেরা আগমন করেছিল, তখন এখানে মুসলিম শাসকরা বিরাজমান ছিল। যদিও তারা তাদের কর্মপদ্ধতি এবং সাধারণ জনগণের জীবনযাপনের ক্ষেত্রে ইসলামি রাষ্ট্রব্যবস্থার পূর্ণাঙ্গ রূপ বা শরিয়ত ব্যবস্থা বাস্তবায়ন করতে পারেনি, কিন্তু তাদের শাসনব্যবস্থায় ইসলামের কিছু ঝলকও দেখা যেত। এদের মধ্যে কিছু কিছু সৎ শাসকও অতিবাহিত হয়েছেন। কিন্তু দুঃসময় যখন ঘনিয়ে আসে তখন ভালো মানুষও চলে যেতে থাকে। এদের মধ্যে কতিপয় এমন ব্যক্তিত্বও ছিলেন যারা সাহসিকতার সঙ্গে বেনিয়া রাজত্বকে তাড়ানোর জন্য দৃঢ়পদে মোকাবেলা করেছেন। শেরে মহিসুর সুলতানটিপুও এসব ফিরিঙ্গীদের সঙ্গে জানপ্রাণ দিয়ে লড়াই করেছেন। বেশ কয়েকটি লড়াইয়ে ফিরিঙ্গীদেরকে করুণভাবে পরাজিত করেন তিনি। তাঁর এই ঐতিহাসিক উক্তি আজও মানুষের মুখে মুখে, 'শৃগালের ন্যায় শত বছর বেঁচে থাকার চেয়ে বাঘের মত একদিন বেঁচে থাকা উত্তম।'

হায়! বর্তমান যুগের মুসলিম দেশগুলোর শাসকরাও যদি এই বাক্যটার উপর আমল করত। কারণ কুরআন-হাদিস এবং ইসলামি জীবনব্যবস্থার প্রতি এ যুগের অনেক মুসলমান বিরক্তি হয়ে পড়েছে। আমি এক ম্যাগাজিনে একটি প্রবন্ধ পড়লাম। প্রবন্ধটির শিরোণাম ছিল 'সাতান্ন ইসরাইল'। লেখক সম্ভবত বর্তমান সময়ের সুপার পাওয়ারের অহমিকার নেশায় উন্মাদ আমেরিকার ইসলামি রাষ্ট্রগুলোর উপর বিস্তৃত প্রভাব ও নিয়ন্ত্রণের কারণে ইসলামি

রাষ্ট্রগুলোকে এমন নাম দিতে বাধ্য হয়েছে। আমাদের মুসলিমসমাজ যখনই ইসলাম থেকে দূরে সরে গিয়েছে, তখনই তারা ফিরিঙ্গী সভ্যতায় একাকার পড়েছে। বর্তমান সময়ের মুসলমানদের বড় ট্রাজেডি হল, তারা ভারতীয়, ইহুদি ও খ্রিস্টানদের প্রতারক মিডিয়া দেখে তাদের জীবনযাপন পদ্ধতি গ্রহণ করতে অভ্যস্ত। টিভির স্ক্রিনের রঙিন জীবন দেখেই মুগ্ধ হয়ে যায় এবং তা ধারণ করার জন্য উন্মাদ হয়ে যায়। মুসলমান যুবকেরা উদার সামাজিক দৃষ্টিভঙ্গিতে স্কুল কলেজ ও ইউনিভার্সিটির সহশিক্ষার পরিবেশে উঠতি তরুণীদের সঙ্গে এনজয় করে সময় কাটায়। এসব স্কুল কলেজ ও ইউনিভার্সিটিগুলোতে শৈশব থেকে আমাদের নিঃস্পাপ ছেলে-মেয়েদেরকে ভারতীয় ও ইংলিশ গান এবং মিউজিকের উপর নৃত্য করতে শেখায়। এমনকি সুন্দর বাচ্চাদেরকে, হোক তারা আপন ভাই-বোন, এসব নিঃস্পাপ আপন ভাই-বোনকে স্বামী-স্ত্রীর চরিত্রেও অভিনয় করতে দেওয়া হয়। আধুনিক শিক্ষা পদ্ধতির সঙ্গে সম্পৃক্ত স্কুলগুলোতে এ ধরনের বেশ কয়েকটা ঘটনা ঘটেছে। এ ধরনের একটি বাস্তব ঘটনাও আপনাদের সম্মুখে রয়েছে। অথচ এই পাশ্চাত্য শিক্ষাব্যবস্থা নিয়েই আমাদের কারো কারো আহ্লাদের শেষ নেই। স্কুলের টিচার স্কুলের বার্ষিক অনুষ্ঠানের এক মাস পূর্বে নাম নির্বাচন করে এই ঘৃণ্য ড্রামার এ্যাক্টিং শেখায়। নির্ধারিত তারিখে স্টেজ সাজানো হয়। ভাই-বোনের বিয়ে পড়ানোর জন্য একজন আসে। সেও বাচ্চা, কিন্তু মুখে কৃত্রিম দাড়ি লাগানো। উভয়কে কালেমা পড়ানো হয়। যৌতুকের বিশাল বড় লিস্ট পড়া হয়। এটা যেহেতু ড্রামা, তাই বর-কনে উভয়পক্ষের বাবা-মাও হয় বাচ্চারা। তারা পরস্পরে হাসি-আনন্দে সব গ্রহণ করে। হাসি-আনন্দে ভাই-বোনকেও গ্রহণ করে এবং একটি রুমে প্রবেশের মাধ্যমে ড্রামার সমাপ্তি ঘটে। এরপর কি হয় তা বলার ভাষা আমার নেই। এই মুক্ত চিন্তার কোন প্রভাবই তাদের মা-বাবার উপর পড়ে না। এমনকি অনুষ্ঠানের চেয়ারে ওই সব বাচ্চার মা-বাবাও আমন্ত্রিত হন। আমি যে ঘটনা বললাম, এটি ও লেভেলের একটি স্কুলের বাস্তব ঘটনা। বলুন, যে বাচ্চারা স্কুলে এসব চরিত্রে অভিনয় করবে, তারা বাসাতে কি এর থেকে নিরাপদ থাকবে?

মুসলমানদের অনেক বেশি ভাবতে হবে। তাদের উচিত সন্তানদেরকে ইংলিশ স্কুল এবং খ্রিস্টান এনজিও কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠানগুলোতে ভর্তি করানোর পরিবর্তে ইসলামি কোনো স্কুলে ভর্তি করানো। যাতে অন্তত বাচ্চারা মা-বাবা ও ভাই-বোনের সম্পর্কের পবিত্রতা বিষয়ে শিখতে পারে, জানতে পারে। এই ঘটনায় আমার রায়বেন্ডে এক তাবলীগী জামাতের কারগুজারির কথা স্মরণ হল। জামাতটি ৯/১১-র সময় আমেরিকায় নানা রকম চড়াই-উৎড়াই পাড়ি দিয়ে

পাকিস্তানে পৌঁছেছিল। আমি ব্যক্তিগতভাবে তাদের সঙ্গে সাক্ষাৎ করি এবং তাদের কারগুজারি শুনি। একটি বিষয় আজ আট বছর পরও আমার কানে গুঞ্জরিত হচ্ছে। তার কথা ছিল অনেকটা এমন, আমেরিকার নাগরিক মুসলমানরা ওখানকার নারী-পুরুষের অবাধ মেলামেশার পরিবেশের কারণে খুবই কষ্টে রয়েছে। কারণ পাশ্চাত্যসমাজে আত্মীয় সম্পর্কের কোনো ভেদাভেদ নেই। অনেক মুসলমান যারা বাহ্যত দীনদার, মসজিদে গিয়ে নামাযও আদায় করে, তাবলিগ জামাত গেলে তাদের কথাও শোনে। এ ছাড়া যে কোন ইসলামি সংগঠন কথা বললে মনোযোগ দিয়ে শোনে। অনেক আমেরিকান মুসলমান ওখানকার আইনের কারণে নিজের মেয়েকে এ কথা পর্যন্ত জিজ্ঞেস করতে পারে না যে, রাতে তুমি কোথায় ছিলে? সারাদিন কোথায় কাটালে? এমনকি বাসাতেও যদি মেয়ের ফ্রেন্ড আসে তো মেয়ে মা-বাবার সঙ্গে বন্ধুকে দেখা করিয়ে সোজা নিজ ঘরে নিয়ে যায়। অনেক আমেরিকান মুসলমান এ জন্য কৃতজ্ঞতা আদায় করে যে আমার মেয়ে যদি বাইরে রাত যাপন করে, অন্ততপক্ষে কোনো মুসলমানের সঙ্গে নয় বরং অমুসলিমের সঙ্গে রাত যাপন করে। অত্যন্ত দুঃখ ও পরিতাপের জায়গা। এটা মনগড়া কোনো কথা নয়। আমি নিজ কানে এ কথা শুনেছি। যিনি এই কারগুজারি শুনাচ্ছিলেন. তিনি নিজেও কাঁদছিলেন আমাকেও কাঁদাচ্ছিলেন।'

ইংরেজরা এই অঞ্চলে পা রেখেই লর্ড ম্যাকলের আধুনিক শিক্ষাব্যবস্থা উপহার হিসেবে আমাদেরকে দিয়েছিল। লর্ড ম্যাকলের উক্তি হল, 'আমরা মুসলমানদেরকে এমন একটা শিক্ষা উপহার দিয়েছি, বাহ্যত তারা মুসলমান হবে আর অন্তঃকরণে হবে খ্রিস্টান।'

আজ তারা মুসলমানদের উপর সন্ত্রাসবাদী কর্মকা- চালাচ্ছে। এসব যুদ্ধে রক্তপাত ও মুসলমাদের সম্ভ্রমহানি ঘটছে। ইংরেজরা হিন্দুস্তানে আসার পরেই কালাপানি, মাল্টা এবং আন্দামান দ্বীপপুঞ্জে কয়েদখানা স্থাপন করে। ইংরেজ বিরোধী মুসলমানদেরকে জুলুম-নির্যাতন করে দমন করা হয়েছে। এরপরও যারা তাদের বিরুদ্ধে জেগেছে তাদেরকে কালাপানিতে পাঠিয়ে দিয়েছে।

ইংরেজরা আফগানিস্তানে এসেছে তো যুদ্ধের বীভৎসতা, কয়েদখানা হিসেবে গুওয়ান্তানামো, শিবারঘান, বাগরাম সৃষ্টি হয়েছে।

ইংরেজরা পাকিস্তানে এসেছে তো, ডাক্তার আবদুল কাদিরের মত হিতৈষী কারাগারের অন্ধপ্রকোষ্ঠে নিক্ষিপ্ত হয়েছে। মুসলিম জাতির কন্যা আফিয়া সিদ্দিকীকে তিনটি দুধের বাচ্চাসহ জন্মভূমি পাকিস্তান থেকে তুলে নিয়ে ডলার পূজারীরা আমেরিকায় পৌঁছে দিয়েছে। বেলুচিস্তানে প্রায় দুইশ'র মত মুসলমান

বোনকে জ্যাতাভিমানী হওয়ার কারণে গুম করা হয়েছে। ব্ল্যাক ওয়াটারের অপবিত্র অস্তিত্ব শামসী এয়ারবেইস, শাহবাজ এয়ারবেইস, তারবিলা জ্যাকোবাবাদ এবং বিশেষ করে ইসলামাবাদকে কালিমা লেপন করেছে।

তাদের হস্তক্ষেপের কারণে চতুর্দিকে শুধু বারুদ, বিস্ফোরণ আর রক্তের ছাপ। নিঃষ্পাপ মুসলমানরা আমেরিকার যুদ্ধের ইন্ধনে ভস্ম হচ্ছে। হিলারি ক্লিনটন ২৮ অক্টোবর যেই না পাকিস্তানে এসেছে, পেশওয়ারে শতাধিক মানুষ সন্ত্রাসী সহিংসতার শিকার হয়ে শহীদ হয়েছে। দুই শতাধিক লোক সারা জীবনের জন্য পঙ্গু হয়ে গিয়েছে। কয়েকটি বিল্ডিং ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। সন্ত্রাসের প্রেতাত্মা যেন বীভৎসরূপে হাজির হয়েছে। এই প্রেতাত্মার রূপ চিনুন। পাকিস্তানের প্রতিরক্ষার জন্য এটাই সবচেয়ে উত্তম। মনে রাখবেন, কালো জাদুর (ব্ল্যাক ম্যাজিক) শক্তির অধিকারী ব্যক্তির নজর এই দেশের উপর রয়েছে। আল্লাহ তায়ালা এই দেশসহ সমস্ত মুসলিম দেশগুলোকে শান্তি ও নিরাপত্তার মাতৃকোল বানিয়ে দিন। ইসলামি খেলাফত দান করুন।

ইংরেজরা ইরাকে এসে তাদের ব্ল্যাকমেইল ব্ল্যাক ওয়াটারের সঙ্গে নির্মমভাবে মুসলিমদের রক্তপাত ঘটাতে থাকে। দুই লাখ ইরাকিকে এ পর্যন্ত আমেরিকার বোম্বিং ও ফায়ারিং করে চিরদিনের জন্য ঘুম পাড়িয়ে রেখেছে। আবু গরিব জেল, ক্যাম্পক্রুপার এবং ব্ল্যাক ওয়াটারের তত্ত্বাবধানে মুসলিমদের ১৮টি জেলখানায় বন্দী রাখা হয়েছে। প্রতিটি সচেতন মানুষের চিন্তা করা উচিত যে এসব সাদা চামড়ার কালো কুকুরগুলোই সবসময় মুসলিম দেশগুলোর উপর আক্রমণ করে। মুসলমানরা কখনো কোনো দেশের উপর আক্রমণ করে না। প্রথম থেকে আক্রমণ সবসময় সাদা চামড়ার ইংরেজরাই শুরু করেছে। কিন্তু জায়নবাদী, খ্রিস্টবাদকেই আজকাল নিরাপত্তার দূত সাব্যস্ত করা হয় এবং তাদেরকেই শান্তির জন্য পুরস্কৃত করা হয়। এমনকি আমেরিকার সাদা চেয়ারে যখন কৃষ্ণ বর্ণের প্রেসিডেন্ট আসীন হয়, ব্ল্যাক ওয়াটারও তখন গোটা পৃথিবীতে তোলপাড় শুরু করে দেয়। আফসোস শত আফসোস, মুসলিম দেশগুলোর উপর বোমাবর্ষণকারী এবং মুসলিম নারী-শিশুদের ঘাতকই শান্তির পুরস্কার লাভ করছে। এর মানে খৃস্টানরা এ কথা প্রমাণ করে দিয়েছে যে, রঙ সাদা না কালো– সেটা মুখ্য বিষয় নয়। যার কালো কর্ম বেশি হবে, সেই নিরাপত্তার ধ্বজাধারী। সেই শান্তির দূত। এজন্য সময় মত যদি আমরা কাফের, মোনাফেক ও মুরতাদদের চালবাজি বুঝতে সক্ষম না হই, ইতিহাসের উপাখ্যানের পাতায়ও আমাদের নিশানা থাকবে না।

ব্ল্যাক ওয়াটার : ক্রুসেডার কুকুর

১৯৯৭ সালে আমেরিকার ক্যারোলিনা রাজ্যে ব্ল্যাক ওয়াটার প্রতিষ্ঠিত হয়। এই সংগঠনটি প্রতি বছর চল্লিশ হাজার যোদ্ধাকে প্রশিক্ষণ দেয়। আর্ক প্রিন্স এবং ক্লার্ক এই সংগঠনটির প্রতিষ্ঠাতাদের অন্তর্ভুক্ত ছিল। এদের দ্বারা ভাড়ার ভিত্তিতে গুম-খুন এবং ধ্বংসযজ্ঞের কাজ নেওয়া হয়। এরা অত্যন্ত নিষ্ঠুর এবং কসাই প্রকৃতির হয়ে থাকে। আমেরিকায় যে সব অবৈধ শিশু ভূমিষ্ট হয়, এই সংগঠনটি তাদেরকে গ্রহণ করে এবং তাদেরকে এমনভাবে লালন-পালন করতে থাকে যে তাদের ব্যক্তিত্বে নিষ্ঠুরতাকে ভরে দিতে থাকে। এরা সবধরনের আত্মীয়তার বন্ধন থেকে মুক্ত থাকে। এজন্য মানুষের সঙ্গে পশুসুলভ আচরণ করতে তাদের বিবেকে বাধে না। এদের মাও নেই, বাপও নেই। আমেরিকার সমাজ এমনি সব ধরনের অশ্লীলতার নিরাপত্তা বিধান করে। এই সমাজে ছেলে-মেয়েদের অবৈধ সম্পর্ককে দোষণীয় মনে করে না। এমনকি রাস্তা-ঘাটে এবং উন্মুক্ত স্থানে বসে চুমু খাওয়া, আলিঙ্গন করা এবং ব্যাভিচারে লিপ্ত হওয়াকে খারাপ দৃষ্টিতে দেখা হয় না। পুরুষে পুরুষে এবং নারীতে নারীতে বিবাহও সেখানে আইনসম্মত। হয়ত এজন্যই আমেরিকা সরকার অশ্লীলতা ব্যাপক রেখেছে যাতে ব্ল্যাক ওয়াটারে সদস্য তৈরিতে সঙ্কট সৃষ্টি না হয়। বরং প্রতিনিয়ত যেন তাদের সংখ্যা বৃদ্ধি করা যায় এবং নিজেদের স্বার্থ রক্ষার্থে বিভিন্ন দেশে তাদেরকে ব্যবহার করা যায়। আমেরিকা এ কথা খুব ভালোভাবেই উপলব্ধি করে যে, যেসব দেশে প্রকাশ্যে তাদের সামরিক তৎপরতা পরিচালনা করা যায় না কিংবা নিয়মতান্ত্রিক সৈন্য ব্যবহারে ব্যাপক ক্ষতির সম্মুখীন হতে হয় এসব রাষ্ট্রের অভ্যন্তরে বিশৃঙ্খলা ও গোপন মিশনে তারা ব্ল্যাক ওয়াটারের মত গুপ্তঘাতক সংগঠনগুলোকে ব্যবহার করে। ব্ল্যাক ওয়াটারের সঙ্গে সংযুক্ত এসব লোকের জন্য কান্নাকাটি করারও কেউ নেই, হৈ চৈ বাঁধানোর কেউ নেই। এ দৃষ্টিকোন থেকে আমেরিকা এদেরকে ব্যবহার করা নিরাপদ ও উত্তম বিবেচনা করে থাকে। আমেরিকা ও ইউরোপিয় কান্ট্রিগুলোকে তো Heaven of Gays বা সমকামিতার স্বর্গভূমি বলা হয়। তা ছাড়া আমেরিকায় তো প্রতি ঘণ্টায় দুই শ'র বেশি ব্যাভিচারের ঘটনা ঘটে।

বিশ্বের সর্বাধিক প্রচারিত ও সর্ববিখ্যাত মার্কিন ম্যাগাজিন *টাইমে* (Time) বিষয়ে একটি বিশেষ সংখ্যা বের হয়। ওই সংখ্যার প্রচ্ছদে ১২ বছরের একটি মেয়ের ছবি ছাপানো হয়। তাতে ইংরেজিতে লেখা ছিল, Children Having Children শিশুও শিশু ধারণ করে। প্রচ্ছদে মেয়েটাকে গর্ভবতী দেখানো হয়। মেয়েটি তার গর্ভের পেট নিয়ে হাসছিল। বাচ্চা মেয়েটি আরেকটি বাচ্চা প্রসবের

জন্য প্রস্তুত হয়ে আছে। তার হাসির দ্বারা Time ম্যাগাজিন এটাই স্পষ্ট করছিল যে, এসব বাচ্চা মেয়েরাও খুশি মনে গর্ভবতী হচ্ছে। কারণ আমেরিকায় বাচ্চা ভূমিষ্ট হওয়ার সময় আনন্দ উদযাপন করার প্রথা রয়েছে। তারা আনন্দ করে বলে, আমাদের ঘরে Baby born হয়েছে। এগুলো আমেরিকার মিডিয়াই বলছে। ব্ল্যাক ওয়াটারের শিষ্যরা সিভিল পোশাকে সজ্জিত থাকে। তারা কথা বলে কম। অস্ত্রের ভাষায় কথা বলতেই এরা বেশি পটু। এদের দ্বারা রাজনৈতিক হত্যার মিশনগুলোই বেশি পরিচালনা করা হয়ে থাকে। যেসব দেশে ব্ল্যাক ওয়াটারের দ্বারা কাজ নেওয়ার প্রয়োজন হয়, আমেরিকা সরকার সেখানকার স্থানীয় সরকারের উপর চাপ প্রয়োগ করে এবং লোভ দেখিয়ে নানা রকম সুযোগ-সুবিধা গ্রহণ করে থাকে। তাদের থাকার ব্যবস্থা, ভিসা ছাড়া যাতায়াত সুবিধা, অত্যাধুনিক অস্ত্র পৌঁছানো এবং স্বাধীনভাবে অস্ত্র ব্যবহার ইত্যাদির সুযোগ সৃষ্টি করা হয়।

ব্ল্যাক ওয়াটারের দাজ্জালী ক্রুসেডার

বিশেষ প্রতীক ইংরেজিতে যাকে লোগো বলা হয়, এ লোগোই একটা সংগঠন নেটওয়ার্ক এবং কোম্পানির আসল পরিচয়। কোকাকোলা কোম্পানির কথাই ধরুন। এই কোম্পানি তাদের লোগো বানানোর জন্য বিশ্বের বিভিন্ন পত্রিকায় বিজ্ঞাপন দিয়েছিল এবং কয়েকটি ওয়েবসাইটেও এ ঘোষণা দিয়েছিল যে, যে ডিজাইনার সব চেয়ে সেরা লোগো বানাবে তাকে কয়েক লক্ষ ডলার পুরস্কার দেওয়া হবে। এ ঘোষণার পর কয়েক লক্ষ কম্পিউটার ডিজাইনার ভাগ্য পরীক্ষা করে। কিন্তু আমেরিকান এক ধূর্ত হারামি ক্রুসেডীয় ঢঙয়ে এই লোগো তৈরি করে। এই দুর্ভাগা কোকাকোলা লিখতে ইংলিশের একটি ফন্ট ব্যবহার করে। আপনি আয়নায় কোকাকোলার বোতলের লোগোটি পড়ুন। আয়নায় লোগোটি আরবিতে লেখা দেখতে পাবেন, لا محمد لا مكة। যার অর্থ মুহাম্মাদও (সা.) মিথ্যা, মক্কাও মিথ্যা। নাউযুবিল্লাহ।

কোকাকোলা কোম্পানির আন্তর্জাতিক লোগোর প্রকৃত রূপ

কোকাকোলা লোগোর উল্টানো রূপ, যাতে ক্যালিগ্রাফি আকৃতিতে লেখা রয়েছেঃ

لا محمد لا مكة

বায়তুল্লাহ এবং শেষ নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিয়ে ঠাট্টা-মশকরা এবং অবমাননা করাই ইহুদি-খৃস্টানদের প্রধান ব্যস্ততায় পরিণত হয়েছে। এজন্য আমেরিকা ইসরাইলকে প্রতিষ্ঠিত করে প্রথম কিবলা মসজিদে আকসার উপর দখল নিয়ে দাজ্জালী শক্তির জন্য ভবিষ্যতের পথ সুগম করতে চায়।

প্রতিটি কোম্পানিরই নিজস্ব একটা লোগো থাকে। এই সংগঠনটিরও একটা স্বতন্ত্র লোগো রয়েছে। কিন্তু এদের লোগো অদ্ভূত তাৎপর্যপূর্ণ। গভীরভাবে লক্ষ্য করলে দেখা যায়, তাতে পাশ্চাত্যবিশ্বের মানচিত্র। আর বন্দুক দ্বারা কোনো জিনিসকে টার্গেট করা হলে তাতে এক গোল বৃত্ত ভেসে উঠে। এই গোল বৃত্তটা হল পৃথিবীর মানচিত্র। তাতে শয়তানী থাবা বসিয়ে এ কথা প্রকাশ করার চেষ্টা করা হয়েছে যে, পুরো পৃথিবী আমাদের টার্গেট। এই বৃত্তে একটা ক্রস চিহ্নও প্রকাশ করা হয়েছে। এটা মূলত ক্রুশের প্রতীক। যা গোটা পৃথিবীকে এই বার্তা দেওয়ার জন্য যথেষ্ট যে, পৃথিবীব্যাপী দাজ্জালী ক্রুসেডীয় থাবা বসিয়ে দখল করা আমাদের মিশন। এক সময় যুগের কলঙ্ক ব্ল্যাক ওয়াটারের রক্তাক্ত থাবা নিরাপরাধদের রক্তে রঙিন হয়ে কলঙ্কিত হতে শুরু করে। ফালুজায় ধ্বংসযজ্ঞ চালায়। ইরাকেও তাদের দ্বারা কাজ নেওয়া হয়। ২০০৪ সালের জুন মাস পর্যন্ত বিভিন্ন যুদ্ধ জোনে জঙ্গি কার্যক্রম পরিচালনা করার জন্য তাদেরকে তিনশ' বিশ বিলিয়ন ডলারেরও বেশি টাকা পরিশোধ করা হয় এবং এ পরিমাণ হত্যা ও ধ্বংসযজ্ঞ চালানো হয় যে, চতুর্দিক থেকে এর বিরুদ্ধে আওয়াজ ওঠে। তখন বিশেষ অভিসন্ধির আলোকে নাম পরিবর্তন করে Xe নাম রাখা হয়। এক্সকে এমনভাবে ডিজাইন করা হয় যে এতে ক্রুশের রূপ প্রকাশিত হয়ে ওঠে। আর সঙ্গের e দ্বারা উদ্দেশ্য Earth বা পৃথিবী। এর উদ্দেশ্য বুঝতে আর কোনো কষ্ট করতে হয় না। পৃথিবীর বুকে ক্রুসেডীয় দাজ্জালী নিয়ন্ত্রণ বিশ্ব সাম্রাজ্যবাদী শক্তির নেতা আমেরিকা এসব অবৈধ ক্রুসেডীয় কুকুরের বাচ্চাকে অন্যের গলায় ছুরি চালানোর জন্য লেলিয়ে দিয়েছে। তাদের নির্ধারিত লোগো এ কথাই প্রমাণ

করে দিয়েছে যে তাদের উদ্দেশ্য হল পুরো পৃথিবীতে খ্রিস্টবাদের থাবা বসিয়ে নিজেদের দাদাগিরি প্রতিষ্ঠিত করা। দাজ্জালের এই সৈন্যবাহিনী মূলত পৃথিবীর সমস্ত উপকরণ নিজের নিয়ন্ত্রণে নিয়ে অন্য সব জাতিকে তাদের মুখাপেক্ষী বানাতে চায়। ইদানিং তারা পাকিস্তানে তাদের ডেরা ফেলেছে। ইসলামাবাদ, পেশওয়ার এবং করাচি পর্যন্ত তারা পৌঁছে গিয়েছে। এরা পাকিস্তানে তাদের মতই নিষ্ঠুর শ্রেণির লোকদেরকে ভর্তি করছে। এই দাজ্জালবাহিনী ভাড়াটে খুনিদেরকে জড়ো করছে। বিশেষত এসএসজির রিটায়ার্ড কমান্ডো ভর্তি করছে। বর্তমান সরকার যদিও তাদের উপস্থিতির কথা অস্বীকার করছে, কিন্তু বাস্তবতা হল, তারা নিজ জায়গায় অটল রয়েছে। ব্ল্যাক ওয়াটার কোম্পানি তথাকথিত পাকিস্তানি কন্ট্রাক্টরদের সঙ্গে কাজ করার জন্য পেশাওয়ারে পৌঁছেছে। তারা পেশাওয়ারের ইউনিভার্সিটি টাউনে কয়েকটি বাসা ভাড়া নিয়েছে। পাক সেনাবাহিনীর এক রিটায়ার্ড ক্যাপ্টেন আলী জাফর জায়দীকে ব্ল্যাক ওয়াটার কোম্পানীর জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দিয়ে সদস্য সংগ্রহের জন্য স্পর্শকাতর প্রতিষ্ঠানগুলো টার্গেট করে অগ্রসর হচ্ছে।

ব্ল্যাক ওয়াটার পাকিস্তানের বড় বড় ছয়টি শহরে আস্তানা গাড়তে চায়। এ জন্য আমেরিকান বিশেষজ্ঞরা সিন্ধু সখর এলাকা সফর করে এসেছে। বিশেষ একটা জায়গা তালাশ করাই ছিল এই সফরের উদ্দেশ্য। যেখানে বিভিন্ন দফতর স্থাপন করে ড্রোন হামলার জন্য শাহবাজ এয়ারবেইস ব্যবহার করা এবং করাচির মত শহরকে ব্ল্যাক ওয়াটারের ঠিকানা বানানো যাবে। পেশওয়ার এসেম্বলীতেও ব্ল্যাক ওয়াটারের বিরুদ্ধে একটি প্রস্তাব পেশ করা হয়েছে। কিন্তু সরকারের কোনো প্রতিক্রিয়া সৃষ্টি হয়নি।

পাকিস্তানের বিভিন্ন অঞ্চলে আমেরিকা তৎপর রয়েছে। এরা পুরো পাকিস্তানকে তাদের ঘেরাওয়ে নিতে চায়। যাতে প্রয়োজনের সময় এরা পাকিস্তানকে কন্ট্রোল করতে পারে এবং পাকিস্তানের তৎপরতাকে নিয়ন্ত্রণ করতে পারে। সোয়াতের বিদ্যমান উত্তেজনাও আমেরিকার পরিকল্পনার অংশ। কারণ যেভাবে ইদানিং চুক্তির পর যুদ্ধ শুরু করে দেওয়া হয়েছে, এটা মূলত মার্কিন ষড়যন্ত্রের অংশ ছিল। ওয়াশিংটন পোস্টে বিবৃতি দিয়ে বিষয়টি খোলাসা করা হয়েছে যে, ওয়াশিংটনের নির্দেশেই সোয়াতে আক্রমণ করা হয়েছে। এসব অবস্থাকে সামনে রেখে ব্ল্যাক ওয়াটারের লোগোর উপর দৃষ্টি আটকে যায় আর মস্তিস্ক ভাবতে বাধ্য হয় যে, এসব নিষ্ঠুর মানুষদের লোগোর উপর পৃথিবীর মানচিত্রের উপর শয়তানি থাবা বসানো একটি সুপরিকল্পিত পরিকল্পনা। মূলত ক্রুশপূজারীরা পুরো পৃথিবীকে কন্ট্রোল করে বিশেষ করে মুসলিম দেশগুলোর উপকরণ লুটে নিতে

চায়। যাতে তাদের বিলাস উপকরণ অতিসহজে ব্যবস্থা হতে পারে এবং তাদের দাদাগিরি পুরো পৃথিবীতে প্রতিষ্ঠিত থাকে। দাজ্জালের সৈন্যবাহিনীর লিডার আমেরিকা এই যুদ্ধে তার পুরো সমর্থন দিয়েছে। পাকিস্তানে তাদের মূল টার্গেট পশতুন অঞ্চল। যেখানে তারা নিজেরা এবং মিত্রশক্তির মাধ্যমে অপারেশন চালিয়ে পাখতুনদের রক্ত পানির মত বইয়ে দিচ্ছে এবং পাকিস্তানের সীমান্ত প্রদেশকে ধ্বংস করছে। আমেরিকা বর্তমানে তাদের সবচেয়ে বড় শত্রু মনে করছে পাখতুনদেরকে। পাখতুন জাতি মাথা নিতে বিখ্যাত, মাথা নত করতে নয়। ইতোমধ্যে আফগানিস্তানের মাটিতে আমেরিকার সেই অভিজ্ঞতা হয়েছে। এরা এখন যেকোনো উপায়ে সীমান্ত প্রদেশকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছে। এ প্রেক্ষিতে ব্ল্যাক ওয়াটার আর্মি রাতারাতি পেশওয়ার শহরে বসতি স্থাপন করেছে। এর জন্য শহরের 'পার্ল কন্টিনেন্টাল হোটেল'-এর শেয়ারও তারা ক্রয় করেছিল। যাতে সব ধরনের সুযোগ-সুবিধা এসব কুকুরদের হাতের মুঠোয় থাকে। লক্ষণীয় বিষয় হল, পার্ল কন্টিনেন্টাল হোটেল এবং ম্যারিয়ট হোটেল ইসলমাবাদের মালিক হাশেওয়ানির নিউইয়র্ক হোটেলে আসিফ আলী জারদারীররও শেয়ার রয়েছে। ব্ল্যাক ওয়াটারের কর্মক্ষেত্র বিস্তৃত করার জন্য আমেরিকার যখন কোনো রাজনৈতিক দলের প্রয়োজন পড়বে, সিন্ধুতে তার চাকরি করার জন্য এমকিউএম সবার আগে থাকবে। আমেরিকা যাকে পালকপুত্রের মত কোলে তুলে রেখেছে। কারণ ব্ল্যাক ওয়াটার আর এমকিউএম এর মধ্যে কোনো পার্থক্য নেই। তাদের গুন্ডাবাহিনীও বড় নির্মম ও নিষ্ঠুর খুনি। এভাবেই ওরা করাচিতে রাজত্ব করছে। গুম, খুন, লুণ্ঠন, দখল, চাঁদাবাজি এই গ্রুপকে জীবিত রেখেছে। আমেরিকান ডলারে এখন তারা আকাশ দিয়ে উড়ছে। চলমান পরিস্থিতিতে বর্তমান সরকার আমেরিকার কারণে এমকিউএমকেও ভয় পায়। সরকার সীমান্ত প্রদেশে একের পর এক অপারেশন করছে। কিন্তু নিরাপরাধ মানুষের হত্যাকারী এমকিউএম-এর বিরুদ্ধে অপারেশন করছে না। কারণ তাদের প্রতি আমেরিকার শুভদৃষ্টি রয়েছে। তাদের কার্যক্রমের বিরাট অংশ ব্ল্যাক ওয়াটারের অংশ হয়ে যায়। বরং এমন বলাই বাস্তবতার কাছাকাছি হবে যে, এমকিউএম পাকিস্তানি ব্ল্যাক ওয়াটার। আমেরিকা প্রত্যেক সেই দল ও সংগঠনকে ক্যাচ করছে যারা পকিস্তানের স্বার্থের পরিপন্থী কাজ করছে। সোয়াতে চলমান উত্তেজনাও এর প্রকৃষ্ঠ প্রমাণ। কারণ ক্রুশীয় দাজ্জালবাহিনী পাকিস্তানে আগাখানি রাজ্য প্রতিষ্ঠা করার স্বপ্ন দেখে। সোয়াতকে কেন্দ্র থেকে মুক্ত করে এই রাজ্যের অন্তর্ভুক্ত করতে চায়। কিন্তু সীমান্ত প্রদেশের বীর জনগণ বুক পেতে দিয়ে আমেরিকার সব ধরনের পরিকল্পনা ও ষড়যন্ত্রকে মাটির সঙ্গে মিশিয়ে দিতে দৃঢ় সঙ্কল্পবদ্ধ। আগাখানি রাজ্যেও ব্ল্যাক ওয়াটারের আখড়া

প্রতিষ্ঠা করা হবে। এর সঙ্গে সঙ্গে কাদিয়ানি ফেরকাকেও মাথা তোলার পূর্ণ সুযোগ দেওয়া হচ্ছে। প্রাইভেট টিভি চ্যানেলের প্রতিরক্ষা বিশেষজ্ঞ সানা এজাযী তার এক সাক্ষাৎকারে বলেন, করাচিতে সরকারের এক গুরুত্বপূর্ণ মিত্র দলের সঙ্গে কয়েক মাস থেকে ব্ল্যাক ওয়াটারের মিটিং হচ্ছে। করাচির পুশ এলাকায় ব্ল্যাক ওয়াটারের জন্য কয়েকটি বাসা কোটি কোটি ডলারের বিনিময়ে ক্রয় করা হয়েছে। আর এমকিউএম-এর নেতৃত্বের এবং পাকিস্তানি সরকারের টার্গেট হল সন্ত্রাসী, যারা এই ভূমিতে পা রাখতে পারবে না। লন্ডনে বসে বসে গলাবাজি করে যে কাদিয়ানিদেরও তাবলীগ ও দীন প্রচারের অনুমতি থাকা উচিত। আমরা ক্ষমতায় এলে তাদেরকেও ইবাদতখানা বানানোর অনুমতি দেব। মনে হচ্ছে স্পষ্টতই আলতাফ হোসাইন মদের কালো গ্লাসে নিজের কুৎসিত আকৃতি দেখে এবং এই গ্লাস নিজের অন্ধকারে ডুবন্ত শরীরে নিঃশেষ করার পর যদি তার নিজের অপয়া মুখ ব্যবহার করে থাকে, তবে এর দ্বারা কালো ইতিহাসের কালো কৃতকর্মই বৃদ্ধি করছে। এ প্রেক্ষিতে সামনে আলোচনা করব এবং পাঠকদেরকে বাস্তবতার সঙ্গে পরিচয় করিয়ে দেব।

ভবিষ্যতে এই দাজ্জালীবাহিনীর উদ্দেশ্য সর্বোতভাবেই পাকিস্তানের জন্য অনেক বড় একটি চ্যালেঞ্জ। এরপরও রাষ্ট্রীয় নীরবতার মানে কি? এই রহস্য উন্মোচন করাও খুব জরুরি, কোন সেই শক্তি যা তাদের ওষ্ঠে নীরবতার মোহর লাগিয়ে দিয়েছে। বর্তমানে তো এতটুকু বুঝে আসছে যে, এগুলো আমেরিকার ডলারের কারিশমা। যার দ্বারা আমেরিকার কল্যাণকামীদের চোখ পর্দাবৃত হয়ে গেছে। কবে তাদের চোখ থেকে এই পর্দা সরবে এবং দেশের স্বার্থ চোখে পড়বে?

পাকিস্তানে ব্ল্যাক ওয়াটারের তৎপরতা

পাঠকবৃন্দ ইতোপূর্বেও পড়েছেন যে, আমেরিকার এক ধনকুবের খ্রিস্টান মৌলবাদী এরিক প্রিন্স ১৯৯৬ সালে দক্ষিণ ক্যারোলিনায় আমেরিকার নিয়মতান্ত্রিক সৈন্যের সমপরিমাণ প্রাইভেট সৈন্যের প্রতিষ্ঠান স্থাপন করে। এর নাম দেয় ব্ল্যাক ওয়াটার। এর জন্য ২০০০ একর বিশাল বিস্তৃত জায়গায় সিকুরিটি এজেন্সির নামে ট্রেনিংয়ের ব্যবস্থা করা হয়। শুরুতে এর নাম রাখা হয় ব্ল্যাক ওয়াটার ইউএসএ। ২০০৭ সালে এই নাম পরিবর্তন করে রাখা হয় ব্ল্যাক ওয়াটার ওয়ার্ল্ড ওয়াইড। ১৩ ফেব্রুয়ারি ২০০৯ সাল এক্স-ই নামে আত্মপ্রকাশ করে। এই কোম্পানির আয় সরকারি কাজের ঠিকাদারির উপর নির্ভরশীল। আমেরিকার সাবেক ভাইস প্রেসিডেন্ট ডিক চেনি, প্রতিরক্ষামন্ত্রী রামস ফেল্ড প্রমুখ বড় বড় মানুষের সঙ্গে এরিক প্রিন্সের সুসম্পর্কের কারণে ইরাকে সিক্যুরিটি

ঠিকাদারিও এই কোম্পানি লাভ করে। ইরাকের নিরাপত্তা বাজেটের দুই তৃতীয়াংশ এই কোম্পানিই পেয়ে থাকে। দেশপ্রেমিক ইরাকিরা ব্ল্যাক ওয়াটারের গতি ও কার্যক্রমের নোট এভাবে নেয় যে, ৩১ মার্চ ২০০৪ সালে ফালুজায় তাদের তিন সদস্যকে হত্যা করে তাদের লাশ ব্রিজের সথে ঝুলিয়ে দেয়। এই একটি মাত্র ঘটনায় সারা দুনিয়ার মানুষ ব্ল্যাক ওয়াটারের নাম জেনে যায়। তবে আমেরিকান সরকার জর্জিয়ায় আমেরিকার স্বার্থ তদারকি করার জন্য অনেক পূর্ব থেকেই তাদেরকে নির্বাচন করেছিল।

সীমান্তের গভর্নর জনাব ওয়ায়েস গণি ১৫ জুন এক সাংবাদকি সম্মেলনে এ কথা স্পষ্ট করেছেন যে, ২০০৮ সালের সেপ্টেম্বর পর্যন্ত পাকিস্তানে ১৫ হাজার ভাড়াটে খুনি ভর্তি করা হয়েছিল। তাদেরকে আট হাজার থেকে দশ হাজার টাকা মাসিক ভাতা, খাবার, জ্বালানির ডিজেল, অত্যাধুনিক অস্ত্র এবং 4X4 গাড়ির ব্যবস্থা করে সারা দেশে অরাজকতা সৃষ্টি করার জন্য প্রস্তুত করা হয়। এত মানুষের জন্য নিয়মতান্ত্রিক ভাতা প্রদান, খাবার ব্যবস্থা এবং অন্যান্য প্রয়োজন পূরণ করার জন্য অনেক বড় এবং সুসংগঠিত একটি প্রতিষ্ঠানের প্রয়োজন পড়ে। এত বড় কাজ কোনো উপজাতীয় সরদার বা কোনো তালেবান গ্রুপের পক্ষে সম্ভব নয়। আর এত বড় একিট সুসংগঠিত প্রতিষ্ঠান, যারা এমন বিশাল পরিসরে কাজ করছে, এরা কোনোভাবেই নিজেদেরকে বেশিদিন গোপন রাখতে পারবে না। তারা লোভ বা ভয় দেখিয়েই সরকারকে ম্যানেজ করে চলছে।

পাকিস্তান থেকে ন্যাটোর সাপ্লাইয়ের অসংখ্য কন্টিনার এবং ট্যাংকারেও ওই সব অরাজকতা সৃষ্টিকারীদের জন্য অস্ত্র, জ্বালানি এবং অন্যান্য উপকরণ এসে থাকে। এসব কন্টিনারের অস্ত্র এবং অন্যান্য যুদ্ধসরাঞ্জাম ব্ল্যাক ওয়াটারের অরাজকতাকারীদের মধ্যে বণ্টন করে দেওয়া হয়। সোয়াত, মেঙ্গুরা, মালাকান্ড, দের, উত্তর ও দক্ষিণ ওয়াজিরিস্তান আর এখন ইসলামাবাদ ও লাহোরের ধ্বংসযজ্ঞের বড় বড় ঘটনার পেছনে এসব সুশৃঙ্খল ও সুগঠিত গ্রুপই চিহ্নত হয়ে থাকে। যাদের উপকরণের কোনো কমতি নেই।

২০০২ সালে গুম হওয়া মানুষদের সন্ধানে ব্যাকুল স্বজনদের পেছনে একটি সুপরিকল্পিত স্কিমের তত্ত্বাবধানে চতুর এজেন্সিগুলোকে লাগিয়ে দেওয়া হয়। বিচার বিভাগের স্বাধীনতার বিষয় জড়িত করে তদন্ত কমিটির রিপোর্টে বিষয়টিকে পাকিস্তানি গোয়েন্দা বিভাগের দিকে ঘুরিয়ে দেওয়া হয়। পাঠকদের স্মরণ আছে যে ৯/১১-র ঘটনার অল্প কিছুদিন পরে মোটা অংকের ভাতা দিয়ে সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত অফিসারদেরকে আমেরিকা ভর্তি করেছিল, সেখানে আদর্শবাদী মানুষের যাওয়ার প্রশ্নই ওঠে না। এরপও ডলারের লোভ আর মদের

জড়ো হওয়ার মত মানুষের অভাব ছিল না। তাদের খোঁজে আমেরিকাকে ঘাম ঝরাতে হয়নি। এসব অপরিণামদর্শী লোকেরাই মোশাররফের আমলে কালো গ্লাসের আমেরিকান বড় বড় গাড়িতে বসে সাদা চামড়াওয়ালাদের আগে আগে তাদের জন্য পথ তৈরি করে দিত। এরা ছিল তাদের ভাড়াটে বডিগার্ড। গুম হওয়া মানুষদের সম্পর্কে যেসব সংবাদ প্রকাশিত হয়েছিল, তাতে রাতের শেষ প্রহরে এসব লোকদেরকেই চিহ্নত করা হয়েছিল। এজন্য প্রবল ধারণা হল, গুম হওয়া এসব লোকদেরকেও আমেরিকান কোম্পানি আমাদেরই অবসরপ্রাপ্ত অফিসারদের সাহায্যে উঠিয়ে নিয়ে গিয়েছে। যাদের সম্মুখে স্থানীয় পুলিশদের নিঃশ্বাস ফেলারও দুঃসাহস নেই। এ কারণেই সরকার আজ পর্যন্ত এমন অসংখ্য গুম হওয়া মানুষকে ফিরিয়ে আনতে পারেনি। সরকারি ফাইলেও তাদের কোনো তথ্য মিলবে না।

ইসলামাবাদের ম্যারিয়ট হোটেল এবং সাম্প্রতিক পার্ল কন্টিনেন্টাল হোটেলে ব্ল্যাক ওয়াটারের অফিসারদের মৃত্যু এ বিষয়টাই প্রকাশ করে যে, এই সংগঠনটি আমাদের দেশে অরাজকতা সৃষ্টির কাজে অতিতৎপর। ডলারের বিনিময়ে বড় বড় হোটেলের মালিকরা পাকিস্তানে তাদের অবস্থানকে আরামদায়ক আবাস বানিয়ে তাদের কাজকে সহজ করে দিয়েছে। অথচ এদের কারণে হোটেলের অন্যান্য বোর্ডারদের জীবন বিপদে পড়ে গিয়েছে। মনে রাখবেন, আসিফ আলী জারদারী সম্পর্কে বিখ্যাত আছে যে, সে দেশের প্রেসিডেন্ট হওয়ার পূর্ব থেকেই ম্যারিয়ট এবং পার্ল কন্টিনেন্টাল হোটেলের মালিক হাশিওয়ানির নিউইয়র্কের একটি হোটেলের শেয়ার হোল্ডার। পেশওয়ারের পার্ল কন্টিনেন্টাল হোটেলের দুটি ফ্লোরে ব্ল্যাক ওয়াটার তাদের আখড়া বানিয়েছিল। এই ভবনের চতুরপার্শ্বের হেফাজতের জন্য একটা উঁচু এবং মজবুত নিরাপত্তা দেয়াল নির্মাণের প্লান তৈরি করা হয়। কিন্তু ইতোমধ্যে ৯ জুনের দুর্ঘটনায় হোটেলের অধিকাংশ বিল্ডিং ধ্বসে যায়। হোটেলটি ব্ল্যাক ওয়াটারের ক্রয় করার সংবাদ এ কথাই প্রকাশ করে যে, পাকিস্তানে তারা স্থায়ীভাবে অবস্থান করার ইচ্ছা রাখে। যা কোনোভাবেই দেশের স্বার্থে নয়। ইরাকের পর আফগানিস্তান আর এখন পাকিস্তানে আল-কায়েদার সম্পৃক্ততার মিথ্যা সংবাদ এবং নানা তৎপরতার পেছনে জঙ্গি আবহ জারি রাখার জন্য ব্ল্যাক ওয়াটারের হাতেই লাগাম দেখা যাচ্ছে। পাকিস্তানে ব্ল্যাক ওয়াটারকে গত বছর থেকে দেখা যাচ্ছে। পেশাওয়ারে তাদের নিয়মতান্ত্রিক অফিস করার সংবাদ এবং অপহরণের আশঙ্কায় ওখানকার বিশিষ্ট ব্যক্তিগণ ভীতির মধ্যে রয়েছেন। তারা অন্যান্য প্রদেশের বন্ধু-বান্ধবদেরকে অনেক দিন থেকেই পেশওয়ারে আসতে নিষেধ করছেন। একটি বিদেশি কোম্পানির ভয়ে একটি

প্রদেশকে জিম্মি করে অন্যান্য প্রদেশে নৈরাজ্য ও অরাজকতা সৃষ্টির এই ঘৃণ্য খেলা যত দ্রুত সম্ভব খতম করা উচিত। সন্ত্রাসের এই বিষবৃক্ষকে সমূলে উৎপাটিত করা একান্ত জরুরি। সরবরাহ বন্ধ হওয়ার দ্বারা এই পাতা ও শাখা আপনা আপনি শুকিয়ে ঝরে যাবে।

পাকিস্তানে ব্ল্যাক ওয়াটারের তৎপরতার বিরুদ্ধে সরকারকে পরিপূর্ণ নিষেধাজ্ঞা আরোপ করতে হবে এবং যারা এর সঙ্গে জড়িত, তাদের প্রত্যেককে কঠিন শাস্তি দিয়ে দেশ থেকে সন্ত্রাসের এই আমেরিকান ক্ষতকে চিরদিনের জন্য শেষ করে দেওয়া উচিত। এ ব্যাপারে কোনো প্রকার বিলম্ব করা সমীচীন হবে না। সন্ত্রাসের মূলৎপাটনের জন্য নিজের দেশেই লক্ষ লক্ষ মানুষকে ঘর ছাড়া করা এবং নিরাপরাধ সাধারণ মানুষের জীবন নিয়ে খেলার চেয়ে ব্ল্যাক ওয়াটারের দিকে মনোনিবেশ করে তাদের থেকে নিষ্কৃতি পাওয়াই হবে উত্তম। এ ক্ষেত্রে কোনো দূতাবাসের চাপ আমলে নেওয়ার প্রয়োজন নেই। কারণ ব্ল্যাক ওয়াটার বাহ্যত তো একটি কোম্পানি। আর একটি স্বাধীন সার্বভৌম দেশের জন্য যেকোনো পরিস্থিতিতে বিদেশি একটি কোম্পানির গাট্টি-টোপলা বাঁধানোর আইনি সুযোগ রয়েছে। উপরন্তু কোম্পানিটি যখন দেশের ভেতর অরাজকতার সঙ্গে জড়িত এই কাজ তখন আরো সহজে হওয়া উচিত।

আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনগুলো কি অন্ধ যে কালের কলঙ্ক ব্ল্যাক ওয়াটারের ঘৃণ্য তৎপরতা তাদের চোখে পড়ে না? আমেরিকার প্রভাববলয় মুক্ত চীন ও রাশিয়ার জাতিসংঘের মাধ্যমে পাকিস্তানি স্থানীয় সংগঠনের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপের পরিবর্তে ব্ল্যাক ওয়াটার এবং এর গুরুদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করে না কেন? পাকিস্তান সরকারের বন্ধু রাষ্ট্রগুলো এবং মানবতার ধ্বজাধারী রাষ্ট্রগুলোর সঙ্গে যোগাযোগ করে ব্ল্যাক ওয়াটারকে শেষ করে দেওয়া উচিত, যাতে পৃথিবীতে শান্তি ও নিরাপত্তার পরিবেশ সৃষ্টি হয়।

ইসলামাবাদ, পেশওয়ার এবং তারবিলায় গোপন তৎপরতা

কালের কলঙ্ক ব্ল্যাক ওয়াটার ওয়াল্ড ওয়াইড অথবা এক্স-ই (জি)-এর গু-রা পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। এমনিভাবে পেশওয়ার, কুহাট, তারবিলা এবং কিছু সংবাদমাধ্যমের তথ্যানুযায়ী করাচিসহ কয়েকটি শহর এবং স্পর্শকাতর স্থানে তাদের উপস্থিতি এবং রহস্যময় তৎপরতার সংবাদ একের পর এক আসছে। এ সম্পর্কে সম্যক অবগতদের দাবি হল, পাকিস্তানে আজ পর্যন্ত যত সন্ত্রাসী ঘটনা ঘটেছে, সবগুলোতেই ব্ল্যাক

ওয়াটার এবং আমেরিকার গোয়েন্দা সংস্থার লোক, যারা পাকিস্তানে রয়েছে, তারা জড়িত ছিল। সূত্র এ কথাও জানিয়েছে যে, ইসলামাবাদে ব্ল্যাক ওয়াটারের কর্মকর্তাদের জন্য ২৫০টিরও বেশি বাসা অত্যন্ত গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর এরিয়ায় ভাড়া নেওয়া হয়েছে। আর এই স্পর্শকাতর এরিয়ার মধ্যে সেই এরিয়াও রয়েছে, যেখানে ডাক্তার আবদুল কাদিরের বাসা। ব্ল্যাক ওয়াটারের উপস্থিতির সংবাদ বিগত তিন মাস থেকে পাওয়া যাচ্ছে। কিন্তু আমাদের প্রধানমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীসহ রাষ্ট্রের অন্যান্য সমস্ত বড় বড় নেতৃবৃন্দ এদের উপস্থিতি ও এদের আপত্তিকর তৎপরতা সম্পর্কে 'আমাদের জানা নেই' বলে আসছেন। সাপ্তাহিক নিদায়ে মিল্লাত এ সম্পর্কে পর্যালোচনা করে লিখেছে–

পত্রিকার সংবাদ অনুযায়ী কয়েক দিন পূর্বে পাকিস্তানের প্রধানমন্ত্রী জনাব ইউসুফ রাজা গিলানি করাচির উর্ধ্বতন মন্ত্রীদের হাউসে প্রাদেশিক কেবিনেটের বৈঠকের পর এক প্রেস কনফারেন্সে অন্যান্য রাজনৈতিক ও অভ্যন্তরীণ বিষয়ে আলোচনা করতে গিয়ে এ কথাও বলেন যে, ব্ল্যাক ওয়াটারের পাকিস্তানে কোনো তৎপরতা নেই। এগুলো সব উড়ো কথা। গণতন্ত্রের জন্য পাকিস্তানে অনেক বিসর্জন দেওয়া হয়েছে। রাজনৈতিক নেতৃত্বের উপর অনেক বড় দায়িত্ব অর্পিত হয়েছে যে, তারা যেকোনো মূল্যে গণতন্ত্রকে সফল করবেন। আর গণতন্ত্র অবশ্য অবশ্যই সফল হবে। এ কথাকে আগে বাড়িয়ে সীমান্ত প্রদেশ বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রী কামরুজ্জামান কায়েরা ইসলামাবাদে 'ওয়াক্ত' নিউজ চ্যানেলের 'বরওয়াক্ত' প্রোগ্রামে অন্যান্য রাজনৈতিক বিষয়ে মতপ্রকাশ করতে গিয়ে এ কথাও বলেন যে, দেশে ব্ল্যাক ওয়াটারের কোনো অস্তিত্ব নেই, আর তাদের কাজ করারও কোনো অনুমতি নেই।

প্রধানমন্ত্রী যে সময় এই বক্তব্য দেন, ওই সময়ই সাবেক ফাটা ব্রিগেডিয়ারের সিক্যুরিটি ইনচার্জ মাহমুদ শাহ (অব.) বলেন, ব্ল্যাক ওয়াটার ও ডায়নাকোরকে দেশ থেকে বের করে দেওয়া না হলে ক্ষতির সম্মুখীন হতে হবে। অন্যদিকে আইএসআই-এর সাবেক প্রধান জেনারেল হামিদ গুল (অব.) একটি সমসাময়িক দৈনিকে সাক্ষাতকারে ব্ল্যাক ওয়াটারের উদ্ধৃতি দিয়ে সরকারের অবস্থান সম্পর্কে বলেন যে, সরকার মিথ্যাচারের আশ্রয় নিয়েছে। সরকারের সঙ্গে চুক্তি সম্পাদিত হয়েছে। আর চুক্তির ভিত্তিতেই তারা (ব্ল্যাক ওয়াটার) এখানে অবস্থান করছে। এই চুক্তি এনআরও-এর অংশ। এমন যদি নাই হয়ে থাকে তাহলে এনআরও-কে জাতীয় পরিষদে নেওয়া হল না কেন? পার্লামেন্ট যদি তাদের করণীয় সম্পন্ন করে, তাহলে এসবই ঠিক আছে। আমেরিকা পাকিস্তানে বড় ভয়ঙ্কর খেলা

খেলছে। সে ইতিমধ্যে আমাদের পারমাণবিক মূলধন চুরি করারও অনুশীলন সম্পন্ন করেছে।

এই আলোকপাতের পর ব্ল্যাক ওয়াটার সম্পর্কে প্রধানমন্ত্রী ইউসুফ রাজা গিলানির বিবৃতিকে এটাই মনে করা হবে যে, হয়ত তাকে এ বিষয় থেকে একদম বিচ্ছিন্ন রাখা হয়েছে। অথবা তিনি সব জেনেও না জানার ভান করছেন। বিষয় যাই হোক, সর্বাবস্থায় এটি জাতির জন্য অত্যন্ত আশঙ্কার। এমন একটি ঘৃণ্য সংগঠন, যে নাকি পেশওয়ার এবং ইসলামাবাদের মত গুরুত্বপূর্ণ শহরে নির্বিঘ্নে তৎপরতা ও কার্যক্রম চালিয়ে যাচ্ছে, পাকিস্তানি জনগণ ও নিরাপত্তা কর্মকর্তাদেরকে অপমানিত করছে, সেই সঙ্গে পাশ্চাত্যের কয়েকটি দূতাবাসের নিরাপত্তার আড়ালে ওই বিল্ডিংগুলোর সামনে বড় বড় রাজপথগুলোকে পাকিস্তানের জন্য 'নো গো এরিয়া' বানিয়েছে। এ সম্পর্কে আমাদের প্রধানমন্ত্রী ও সীমান্ত প্রদেশ বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রীও এ কথা বলছেন যে, পাকিস্তানের মাটিতে এদের কোনো অস্তিত্ব নেই। তাদের এই বক্তব্য আমাদের বোধগম্যের বাইরে।

কিছুদিন পূর্বে অত্যন্ত সূক্ষ্ম পরিকল্পনা করে রাষ্ট্রীয় গণমাধ্যমে এ কথা প্রচার করা হয় যে, তালেবান ইসলামাবাদের উপর নিয়ন্ত্রণ নিতে পারে। কিন্তু বাস্তবে মনে হচ্ছে, তালেবানের আড়ালে অন্য কেউ ইসলামাবাদের উপর নিয়ন্ত্রণ নিয়েছে। *[সৌজন্যে : সাপ্তাহিক নেদায়ে মিল্লাত লাহোর ১০-১৬ সেপ্টেম্বর ২০০৯]*

ব্ল্যাক ওয়াটারের সন্ত্রাসী স্কোয়াড

একটি সুপরিচিত সন্ত্রাসী সংগঠনের সদস্যদের পাকিস্তানের রাজধানীসহ অন্যান্য গুরুত্বপূর্ণ এলাকা বিশেষত উত্তরাঞ্চল ও ওয়াজিরিস্তানের উত্তর-দক্ষিণ পর্যন্ত পৌঁছা এবং সেখানে তাদের উপস্থিতি পাকিস্তানের নিরাপত্তার জন্য চরম ঝুঁকিপূর্ণ। এর মাধ্যমে এরা কি রাষ্ট্রীয় আদেশকে চ্যালেঞ্জ করছে না? ১৮ সেপ্টেম্বরের বিভিন্ন দৈনিকে প্রকাশিত একটি সংবাদে এ কথা স্পষ্ট করা হয়েছে, আমেরিকা পাকিস্তানের বিভিন্ন শহরে বিশাল জায়গা জুড়ে জমি ক্রয় করছে। সংবাদটি নিম্নরূপ–

ইসলামাবাদ, ডেরাগাজি খান, পেশওয়ার এবং খোশাবসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ স্থানে আমেরিকার পক্ষ থেকে জমি ক্রয় করা এবং কিছু কিছু স্থানে রহস্যময় তৎপরতার কারণে গোয়েন্দা বাহিনী সতর্কতা প্রকাশ করেছে এবং সরকারকে তাদের রিপোর্টে এই কাজের বিস্তারিত তদন্তের দাবি জানিয়েছে। সেই সঙ্গে

তারা নিশ্চিত করেছে, উল্লেখিত জায়গাগুলো আমাদের নিউক্লিয়ার ও নিরাপত্তা সংক্রান্ত দিকে থেকে স্পর্শকাতর ও অত্যন্ত গুরুত্বপূর্ণ। এজন্য খতিয়ে দেখা উচিত, আমেরিকানদের জমি ক্রয়ের কাজ কিভাবে, কোন উদ্দেশ্যে এবং কার অনুমতিতে হচ্ছে? কারণ এই কাজ কোনোভাবেই পাকিস্তানের স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং প্রতিরক্ষা দাবির দিক থেকে সমুচিত নয়। জানা গেছে, কোনো কোনো প্রতিষ্ঠানের পক্ষ থেকে শঙ্কা প্রকাশ করে এ কথাও বলা হয়েছে যে, আমেরিকানদের জমি ক্রয়ের ক্ষেত্রে নির্মাণ কাজের সঙ্গে সঙ্গে এমন কিছু যন্ত্রপাতিও আনা হচ্ছে, কোনোভাবেই যার অনুমতি দেওয়া যেতে পারে না। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সূত্র মতে, আমেরিকানদের পক্ষ থেকে পাকিস্তানে জমি ক্রয়ের কাজের কতিপয় প্রতিষ্ঠান গুরুত্বের সঙ্গে নিরীক্ষা করছে এবং সরকারকে নিয়মিত অবগত করছে। অন্যদিকে সশস্ত্রবাহিনীর সাবেক চিফ রিটায়ার্ড জেনারেল মির্জা আসলাম বেগ বলেছেন, জমি ক্রয় করা থেকে নানা রকম রহস্যময় তৎপরতা– এসব সেই মিশনের অংশ যে সম্পর্কে রিচার্ড হলব্রুক কিছুদিন পূর্বে এ কথা বলতে গিয়ে সন্তোষ প্রকাশ করেছে যে, আমাদের মিশন মোশাররফ সরকারের থেকেও অধিক সুচারুরূপে এই সরকারের দ্বারা বাস্তবায়ন হচ্ছে। আর অতীতে আমরা যে সুযোগ-সুবিধা পাচ্ছিলাম, তা পূর্বের চেয়ে আরও উত্তমভাবে পেতে থাকব। জেনারেল আসলাম বেগ আরও বলেন, আমেরিকার উদ্দেশ্য কি? তারা যা করছে তা গোপন কিছু নয়। দুর্ভাগ্যক্রমে রাষ্ট্রের দায়িত্বশীল প্রতিষ্ঠান এবং জনগণের মধ্যে অস্থিরতা ও চাঞ্চল্যতা থাকলেও সরকার রহস্যময় নীরবতা অবলম্বন করেছে। তিনি বলেন, অন্ততপক্ষে সরকার এবং সরকারের প্রতিষ্ঠানগুলোর এতটুকু দেখা উচিত যে, জমি ক্রয়ের কাজের সামনের ব্যক্তিটি কে? তিনি আরও বলেন, অনাগত প্রতিটি দিন রাষ্ট্রের স্বাধীনতা এবং সার্বভৌমত্বের জন্য চ্যালেঞ্জ নিয়ে আসছে। কিন্তু আমরা চোখ বন্ধ করে রয়েছি। অন্যথায় রাওয়াতে স্থাপিত ট্রেনিং সেন্টার দ্বারাই আমাদের বোঝা উচিত যে এসব খেলা কিভাবে হচ্ছে? তিনি বলেন, ভয়ঙ্কর এসব খেলা সম্পর্কে পার্লামেন্টে আলোচনা হওয়া উচিত এবং এসব বিষয় খোলাখুলি জাতির সামনে উন্মোচিত হওয়া উচিত। তিনি আরও বলেন, গিলগিট, বেলুচিস্তানের স্বাধীনতা এবং বর্তমানে বেলুচিস্তানের পূর্বদিকে একশ' সোয়াশ' কিলোমিটার পর নতুন একটি স্টেশনের রূপ এবং এখানে হেলিপ্যাড কেন স্থাপন করা হচ্ছে? এর সঙ্গে 'চীনের নিউক্লিয়ার জোন' রয়েছে। এটা ভবিষ্যতে পাকিস্তান এবং চীনের সম্পর্কের উপর প্রভাব ফেলতে পারে। তিনি বলেন, এসব রহস্যময় কর্মক্রম, তৎপরতা, রহস্যময় হেলিপ্যাড এবং স্টেশন আমাদের স্বাধীনতা ও সার্বভৌমত্বের জন্য প্রশ্নবিদ্ধ। আজ আমরা চুপ থাকলে ভবিষ্যতে আমাদের

কোনো কিছুই আর বলার পজিশন থাকবে না। *[সৌজনে : দৈনিক নাওয়ায়ে ওয়াক্ত, ১৮ সেপ্টেম্বর ২০০৯]*

ইসলামাবাদ ও পেশওয়ার থেকে প্রাপ্ত তথ্যমতে সহস্র মানুষ ব্ল্যাক ওয়াটারের হাতে বিপদগ্রস্ত হওয়ার অভিযোগ করেছে। বিষয়টি সীমান্ত প্রদেশের প্রশাসনের নজরেও আনা হয়েছে। কিন্তু আমেরিকান চাপ এবং ভয়ের কারণে প্রশাসনের দায়িত্বশীলগণ এর বিরুদ্ধে কোনো প্রকার পদক্ষেপ নেওয়া তো দূরের কথা নিচুস্বরে প্রতিবাদ করতেও অপারগ মনে হয়। কেন্দ্রীয় প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাদের আচরণ এর চেয়েও বেশি দুঃখজনক। তারা ব্ল্যাক ওয়াটার সন্ত্রাসীদের পাকিস্তানে উপস্থিতির ব্যাপারে হ্যাঁ বা না বলতেও রাজি নয়। প্রাইভেট টিভি চ্যানেলগুলোর বিভিন্ন প্রোগ্রামে শিরিন মাজারী, লেফটেন্যান্ট জেনারেল হামিদ গুল (অব.), তেহরিকে ইনসাফের প্রধান ইমরান খান এবং মুসলিম লীগের (এন) নেতৃবৃন্দসহ অন্যান্য কয়েকজন গুরুত্বপূর্ণ রাজনৈতিক নেতা এ বিষয়ে সরকারের কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন যে, ব্ল্যাক ওয়াটার (Xe) এর লোক পাকিস্তানে আছে। তাদের সংখ্যা প্রায় তিনশ'র মত। ইসলামাবাদ, তারবিলা, কোহাল, পেশওয়ার এবং কিছু কিছু তথ্যমতে করাচি পর্যন্ত তারা জাল বিছিয়েছে। বিশেষ করে তারবিলায় তাদের বিভিন্ন কেন্দ্র স্থাপনের ব্যাপারে ডাক্তার শিরিন মাজারী তার বিভিন্ন কলামে উল্লেখ করেছেন।

ডাক্তার শিরিন মাজারীর তথ্যমতে চাকলালাহ এয়ারবেইসে আমেরিকান কমান্ডোদের গোপন আগমন অব্যহত রয়েছে। এই ধারাবাহিকতা করাচিতেও শুরু হয়েছে। পাকিস্তানের ভিসা ছাড়া এবং অন্যান্য আইনী কার্যক্রম ব্যতীতই তাদের পাকিস্তানে আসার অনুমতি রয়েছে। এরা কারও নিকট জবাবদিহি করতে বাধ্য নয়। প্রতিদিন এদের সংখ্যা বৃদ্ধিই পাচ্ছে। এরা সব সময় তাদের বিশেষ পোশাক এবং বিশেষ স্টাইলে থাকে। ডাক্তার শিরিন মাজারীর বক্তব্য হল, ব্ল্যাক ওয়াটার অথবা আমেরিকান সেনাবাহিনীর সশস্ত্র কর্মকর্তাদের পাকিস্তানে উপস্থিতি এবং তাদের রহস্যময় কার্যক্রমে আমাদের প্রতিবেশী রাষ্ট্র এবং আমাদের দীর্ঘদিনের পরীক্ষীত বন্ধু চীনও কঠিন হুমকির সম্মুখীন। চীনের রাষ্ট্রদূত ইসলামাবাদে এক প্রেস কনফারেন্সে এ বিষয়ে স্পষ্ট মন্তব্য করে বলেছিলেন যে, চীন এই অবস্থা গভীরভাবে পর্যবেক্ষণ করছে এবং আমরা আমাদের আশঙ্কার বিষয়ে সরকারকেও অবগত করেছি। এর প্রেক্ষিতে পররাষ্ট্রমন্ত্রী শাহ মাহমুদ কুরাইশী বলেছিলেন, আমরা চীনের আশঙ্কা দূর করে দেব, চিন্তার কিছু নেই। হামিদ গুল 'আজ নিউজ'-এর প্রোগ্রামে নাদিম মূলকের সঙ্গে আলোচনা করতে গিয়ে বলেন, আমেরিকান দূতাবাসের সহযোগিতায় ব্ল্যাক

ওয়াটারের লোকদেরকে পাকিস্তানেও ভর্তি করছে এবং পাক ফৌজের রিটায়ার্ড এসএসজি কমান্ডোদেরকে বিশেষভাবে অন্তর্ভুক্ত করা হচ্ছে। এরপরও সরকারি কর্মকর্তাগণ এই ঘটনা অস্বীকার করে আসছেন। কিন্তু ১৪ সেপ্টেম্বর ২০০৯ তারিখে প্রাইভেট চ্যানেল 'আজ নিউজ' এই সংবাদ দিয়েছে যে, ব্ল্যাক ওয়াটার কোম্পানি পাকিস্তানি কন্ট্রাক্টরের সঙ্গে কাজ করার জন্য পেশওয়ারে পৌঁছে গিয়েছে। পরে এ সংবাদও এসেছে যে পাক ফৌজের এক রিটায়ার্ড ক্যাপ্টেন আলী জাফর জায়দীকে ব্ল্যাক ওয়াটারের জন্য কন্ট্রাক্টে ভর্তি করিয়ে সদস্য সংগ্রহ করার জন্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলো টার্গেট করেছে। সূত্র মতে, ক্যাপ্টেন জায়দী দুইশ'র বেশি সদস্যকে কন্ট্রাক্টে ভর্তি করে ব্ল্যাক ওয়াটার কোম্পানিতে শামিল করেছে।

ব্ল্যাক ওয়াটারের পাকিস্তানি এজেন্ট ক্যাপ্টেন জায়দী

কোহসার থানা পুলিশ ১৯ সেপ্টেম্বর শনিবার ইসলামাবাদে আমেরিকান দূতাবাস এবং অন্যান্য আমেরিকান দফতরের সঙ্গে সংশ্লিষ্ট সিকিউরিটি ফার্ম 'ইন্টার রিস্ক' এর মালিক আলী জাফর জায়দীর বাসায় অতর্কিত অভিযান চালিয়ে অনেকগুলো বিদেশী অস্ত্র উদ্ধার করে এবং দুইজনকে গ্রেফতার করে নিয়ে যায়। এ সম্পর্কে আমেরিকান দূতাবাসের মুখপাত্র বলেছে, আমরা ওই ফার্মের সেবা ভাড়া নেয়ার সময় পাকিস্তান সরকারকে অবগত করেছিলাম। সূত্রমতে ইন্টার রিস্ক সিকিউরিটি ইজেন্সি ইসলামাবাদের পাশে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেছে। *[সৌজন্যে : দৈনিক নাওয়ায়ে ওয়াক্ত, ২১ সেপ্টেম্বর ২০০৯]*

উল্লিখিত সংবাদের উপর পর্যালোচনা করে সংবাদপত্রটি লেখে–

আমেরিকা যেই গতিতে আমাদের দেশে জাল বিস্তার করে চলছে, এতে দেশের নাগরিকদের জান-মালই শুধু নয় বরং দেশের নিরাপত্তাও হুমকির সম্মুখীন। ব্ল্যাক ওয়াটার নামক ইজেন্সির প্রিয় মাতৃভূমিতে উপস্থিতি এবং কার্যক্রম সবার মুখে মুখে। কমবেশি সর্ব মহলেই এ বিষয়ে মন্তব্য হচ্ছে যে, ব্ল্যাক ওয়াটারকে আমাদের পারমাণবিক স্থাপনাকে ব্যর্থ বানানোর মিশন দেয়া হয়েছে। যার জন্য তারা ইসলামাবাদকে হেডকোয়ার্টার বানিয়ে ভবিষ্যতে এখানে আস্তানা বানানোর নিয়তে অনেকগুলো বাসা ভাড়া নিয়েছে এবং নিজেদের কার্যক্রমের পরিধি বিস্তৃত করার জন্য স্থানীয় বাসিন্দাদেরকে আকর্ষণীয় ভাতা দিয়ে ভর্তি করছে। সাম্প্রতিক ইন্টার রিস্ক সিকিউরিটি এজেন্সির মালিকের বাসা থেকে বিরাট সংখ্যক বিদেশী অস্ত্র উদ্ধার এ বিষয়েরই স্পষ্ট প্রমাণ যে, দুশমন আমাদের ঘাড় মপার জন্য আমাদের ঘর পর্যন্ত পৌঁছে গিয়েছে। এ অবস্থায় সরকারের

আমাদের নিরাপত্তার পরিপন্থি আমেরিকার কার্যক্রমের প্রথাগত প্রতিবাদ না করা উচিত। বরং ইসলামাবাদ এবং দেশের অন্যান্য শহরে অবস্থিত আমেরিকান নাগরিকদের কড়া নজরদারি করা উচিত। সেই সঙ্গে আমেরিকান দূতাবাসের কার্যক্রম ও তৎপরতার উপরও নজর রাখা উচিত। আমেরিকান দূতাবাসের সূত্র আলী জাফর জায়দীর কোম্পানী ইন্টার রিস্ক সিকিউরিটি এজেন্সির সেবা গ্রহণের কথা স্বীকার করছে। সুতরাং এই এজেন্সির কার্যক্রমও সহজে অনুমান করা যেতে পারে যে, আমেরিকা কোন উদ্দেশ্যে এই প্রাইভেট সিকিউরিটি এজেন্সিকে ব্যবহার করছে। *[সৌজনে : দৈনিক নাওয়ায়ে ওয়াক্ত, ২১ সেপ্টেম্বর ২০০৯]*

১ অক্টোবর বৃহস্পতিবার ইসলামাবাদে আমেরিকান সহকারী রাষ্ট্রদূত জিরাল্ড ফিয়ার স্টেন মিডিয়ার সঙ্গে কথা বলতে গিয়ে বলেন, আমেরিকা দূতাবাস সিকিউরিটি পরিবেশক প্রাইভেট কোম্পানী ইন্টার রিস্ক একটি পাকিস্তানী কোম্পানী। কোম্পানীটি রেজিঃকৃত। তাদের সঙ্গে আমাদের চুক্তি পাকিস্তানী আইন অনুযায়ীই হয়েছে। আর এটি একটি স্বচ্ছ চুক্তি। পাকিস্তান সরকার এবং ইন্টার রিস্ক কোম্পানির মাঝে যাই হোক, আমাদের সঙ্গে কোন সম্পর্ক নেই। আমেরিকান রাষ্ট্রদূত ইন্টার রিস্ক এবং আমেরিকান সিকিউরিটি এজেন্সি ব্ল্যাক ওয়াটার সম্পর্ককে অস্বীকার করে। এরপরও তিনি এ কথা স্বীকার করেছেন যে, ইসলামাবাদে আমেরিকান দূতাবাসের কর্মকর্তাদের জন্য ১০০ বাসা ভাড়া নেয়া হয়েছে। *[সৌজনে : দৈনিক এক্সপ্রেস ১১ অক্টোবর ২০০৯]*

অথচ ১২ অক্টোবরের সংবাদপত্রেই এই সংবাদ প্রকাশিত হয়েছিল যে, অপ্রসিদ্ধ প্রাইভেট সিকিউরিটি কোম্পানী 'ইন্টার রিস্ক'-এর মাধ্যমে আমেরিকা থেকে অত্যাধুনিক অস্ত্রসস্ত্র আমদানি করা হয়েছে। গত সপ্তাহে সেক্টর এফ ১৬ তে আমেরিকান দূতাবাসকে সিকিউরিটি পরিবেশনাকারী কোম্পানী ইন্টার রিস্ক-এর মালিক ক্যাপ্টেন সাইয়েদ আলী জাফর জায়দীর (অব.) বাসা থেকে ১৮টি অত্যাধুনিক রাইফেলস আইন প্রয়োগকারী বাহিনী উদ্ধার করেছিল। যেগুলোকে MI-16 বলা হয়। এই অত্যাধুনিক ১৮টি আমেরিকান গান কিছু দিন পূর্বে একটি চুক্তির ভিত্তিতে ইন্টার রিস্ক সিকিউরিটি কোম্পানীর জন্য আনানো হয়েছিল। আইন প্রয়োগকারী প্রতিষ্ঠান অত্যাধুনিক গানগুলো হস্তগত করে তদন্ত শুরু করে দিয়েছে। *[সৌজনে : দৈনিক এক্সপ্রেস ১১ অক্টোবর ২০০৯]*

এ সম্পর্কে আরও একটি সংবাদ দেখুন

আমেরিকান দূতাবাস এবং এর সঙ্গে সম্পৃক্ত আমেরিকানদের ঘোষিত সিকিউরিটি পরিবেশনাকারী কোম্পানী ইন্টার রিস্ক-এর মালিক ক্যাপ্টেন আলী

জাফর জায়দীকে (অব.) কোহসার পুলিশ গ্রেফতার করে। ইসলামাবাদের এডিশনাল সেশন জজ মুহাম্মাদ তানভীর মীরের আদালত থেকে আগাম জামিন নামঞ্জুর হওয়ায় আদালত প্রাঙ্গন থেকেই তাকে গ্রেফতার করা হয়। পুলিশের তথ্যমতে অভিযুক্তের বিরুদ্ধে প্রতারণা এবং অবৈধ অস্ত্রের মামলা করা হয়েছে। ইন্টার রিস্ক সিকিউরিটি কোম্পানীতে অভিযান চালিয়ে উদ্ধারকৃত রাইফেলসগুলো থেকে সাতটি টেম্পর্ড বের হয়েছে। এস এইচ ও রানা আকরাম বলেছেন, অভিযুক্তের বিরুদ্ধে পূর্ণ তদন্তের মাধ্যমে সমস্ত সত্যকে উদ্ঘাটন করা হবে। *[সৌজনে : দৈনিক এক্সপ্রেস ৩০ সেপ্টেম্বর ২০০৯]*

১৪ অক্টোবর ২০০৯ এ প্রকাশিত একটি সংবাদ

ইন্টার রিস্কের মালিক ক্যাপ্টেন আলী জাফর জায়দী (অব.) আগামী কয়েক দিনের ভেতর গুরুত্বপূর্ণ তথ্য দিতে যাচ্ছে। ইংরেজি পত্রিকা 'দি ন্যাশন'-এর তথ্যমতে, কুলাঙ্গার ইন্টার রিস্ক সিকিউরিটি কোম্পানীর মালিক আলী জায়দীর সম্পর্কে জানা গিয়েছে যে, আগামী কয়েক দিনের ভেতর সে চমকপ্রদ কিছু তথ্য দিবে। ইতোপূর্বে দেয়া আরো কিছু তথ্য তদন্তকারীদের হাতে সংরক্ষিত রয়েছে। এ ছাড়াও তথ্য মতে আলী জায়দী সম্পর্কে জানা গিয়েছে যে, তদন্তের সময় সে স্বীকার করেছে, যাদেরকে সে কোম্পানীর সিকিউরিটি গার্ড নিযুক্ত করে, তাদের অধিকাংশ সদস্যই পেশওয়ারে কনস্যুলেট অফিসের জন্য নিয়োগ দেয়া হয়েছে। তাদের নিকট ব্যবহার-নিষিদ্ধ অস্ত্র রয়েছে। এসব গার্ডদের ঘোষিতভাবে আমেরিকান নিরাপত্তা রয়েছে এবং তদন্তকারীরা তাদেরকে জিজ্ঞাসাবাদও করতে পারে না। অত্যন্ত শক্তিশালী সূত্রমতে, পাকিস্তানী শাসকদের জন্য সবচেয়ে বড় সমস্যা দেখা দিয়েছে তাদের এই সিকিউরিটি বাহিনীর সদস্যদের পর্যন্ত পৌঁছা। তদন্তকারীরা তাদের ব্যাপারে অন্ধকারেই রয়েছে। কেননা কারোরই জানা নেই যে, জায়দী এই বাহিনীকে ঠিক কোন ধরণের প্রশিক্ষণ দিয়েছে। সূত্র মতে আমেরিকান দূতাবাস (গ্রেফতারের পূর্বে) জামিল এবং জায়দীকে বাঁচানোর জন্য প্রস্তুতি গ্রহণ করছিল। তারা উপর মহলে যোগাযোগের মাধ্যমে এই বাহিনীর সদস্যদেরকে মিডিয়া এবং সিকিউরিটি এজেন্সিদের থেকে আড়াল করে রেখেছিল। *[সৌজনে : দৈনিক নাওয়ায়ে ওয়াক্ত, ১৪ অক্টোবর ২০০৯]*

রাজনৈতিক দল এবং বিভিন্ন সংগঠনের পক্ষ হতে ইসলামাবাদে আমেরিকান কর্মকর্তাদের কার্যক্রম সম্পর্কে সরকারের পক্ষ হতে বাধ্য হয়ে যখন কিছুটা কঠোর পদক্ষেপ গ্রহণ করে এবং কয়েকজনকে গ্রেফতার এবং ভিসা না দেয়ার

ফয়সালা করা হয় এবং কিছু কিছু কর্মকর্তাদের দেশ থেকে চলে যাওয়ার জন্য নির্দেশ দেয়া হয়, তখন আমেরিকাস্থ পাকিস্তানী রাষ্ট্রদূত হুসাইন হক্কানী হৈ হৈ করে ওঠেন। এ সম্পর্কে পর্যালোচনা করে সাপ্তাহিক নেদায়ে মিল্লাত তার সম্পাদকীয়তে লেখে–

সংবাদপত্রের তথ্যমতে ওয়াশিংটনে নিযুক্ত পাকিস্তানী রাষ্ট্রদূত হুসাইন হক্কানী পররাষ্ট্র সেক্রেটারী এবং আই এস আই-এর প্রধানের নিকট পত্র লেখেন। সেখানে তিনি উল্লেখ করেন, পাকিস্তানে আমেরিকানদের যেসব পরিস্থিতির মুখোমুখি হতে হচ্ছে তা চিহ্নিত করে রাখুন। পাকিস্তানে আমেরিকানদেরকে হয়রানি করা এবং ভিসা না দেয়া দেশের ইমেজকে প্রশ্নবিদ্ধ করে। এ ধরনের ঘটনায় বড় মূল্য দিতে হতে পারে। আমেরিকান সাংবাদিক এবং এনজিওকে ব্ল্যাকলিস্ট করার কারণে ক্ষতি হয়েছে। একটি প্রাইভেট চ্যানেলের তথ্যমতে ওয়াশিংটনে পাকিস্তানী দূতাবাসের মুখপাত্রের নিকট এই পত্র সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি এ বিষয়ে মুখ খুলতে অস্বীকৃতি জানান। তিনি বলেন, জাতীয় গোপন বিষয়ে প্রকাশ্যে কথা বলা সমুচিত নয়।

চিঠিতে কোন তাৎপর্য থেকে থাকলে তা অত্যন্ত বিস্ময়ের এবং দুশ্চিন্তার বিষয়। কারণ ওয়াশিংটনে বর্তমান পাকিস্তানী রাষ্ট্রদূত পাকিস্তানের গুরুত্বপূর্ণ এবং স্পর্শকাতর প্রতিষ্ঠানগুলোকে শুধু আমেরিকান তৎপরতা জারি রাখার জন্য ওপেন অনুমতি দিতেই বলেনি বরং ধমকের সুরে এ বিষয়টিও আমলে এনেছে যে, এ ধরনের পদক্ষেপের কারণে বড় মূল্য দিতে হতে পারে! তার এই বাচনভঙ্গী থেকে অনুমান করা কষ্টকর হয়ে যায় যে, ভদ্রলোক ওয়াশিংটনে পাকিস্তানের জন্য দূতিয়ালী কাজ করছে নাকি এক পকেটে পাকিস্তানী আর আরেক পকেটে আমেরিকান পাসপোর্ট রেখে পাকিস্তানের কোষাগার থেকে ভাতা নিয়ে আমেরিকার সেবা করছেন। আমেরিকান শাসকদের জন্য এই ধরনের সেবা আফগান বংশদ্ভূত জুলমে খলিল জাদও দিয়েছে। কারণ আমেরিকান শাসকদের তার সঙ্গে ওয়াদা ছিল যে তারা জুলমে খলিল জাদকে ভবিষ্যতে আফগানিস্তানের প্রেসিডেন্ট বানাবে। কিন্তু সেই আশা ও ওয়াদা পূরন হয়নি। হওয়ার কথা তো ছিল এই যে, ইসলামাবাদে বর্তমান আমেরিকান রাষ্ট্রদূত মিস পিটার্সন ওয়াশিংটনে আমেরিকান শাসকদেরকে চিঠি লিখবে যে, তারা যেন ইসলামাবাদ এবং পাকিস্তানের অন্যান্য জায়গার সিকিউরিটি ও আমেরিকানদের বিরুদ্ধে উত্থাপিত আপত্তিকর তৎপরতার তদারকি করেন। কেননা এর দ্বারা পাকিস্তানী জনগণের মধ্যে কঠিন উদ্বেগ বৃদ্ধি পাচ্ছে। কিন্তু তা হয়নি। তবে হক্কানী সাহেব দূতিয়ালি ইতিহাসে নতুন অধ্যায়ের সূচনা করে বিদেশে বসে নিজ দেশের

নির্বাহী পরিচালকদের অভিযুক্ত করতে শুরু করেছেন। হক্কানী সাহেব কি এ কথা জানেন যে, ইসলামাবাদে আমেরিকান দূতাবাসের সহকারী রাষ্ট্রদূত জিরাল ফেসটাইন ব্রিটিশ রেডিওতে তার বিশেষ সাক্ষাতকারে এ কথা স্বীকার করেছেন যে, পাকিস্তানে আমেরিকান দূতাবাসের সম্প্রসারণের পর তাদের কর্মকর্তা এবং সৈন্য সংখ্যা দ্বিগুন করা হবে। করাচিতে থাকা আমেরিকান কাউন্সিল হাউসে এক বছর থেকে এ ধরনের কাজ চলমান রয়েছে। এমনকি পেশওয়ারে ফাইভ স্টার হোটেল পার্ল কন্টিনেন্টাল ক্রয়ের জন্য মালিকের সঙ্গে আলোচনা হচ্ছে।

অন্যদিকে ইসলামাবাদে আমেরিকান দূতাবাসের সম্প্রসারনের সব চেয়ে বড় পরিকল্পনা শুরু করা হচ্ছে। এর জন্য কিছু জায়গাও নেয়া হয়েছে এবং আরও জায়াগা নেয়ার জন্য পাকিস্তানী শাসকদের সঙ্গে আলোচনা চলছে। এ ক্ষেত্রে আমেরিকান দূতাবাসের কর্মকর্তাদের সংখ্যা সৈন্যসহ ২৫০ থেকে বাড়িয়ে ৫০০ করা হবে। আমেরিকান সহকারী রাষ্ট্রদূতের বক্তব্য হল, সৈন্যদের সংখ্যা সম্পর্কে এই মুহূর্তে তার সঠিক সংখ্যা জানা নেই। কিন্তু তারা আসা যাওয়া করতে থাকবে। তবে আমেরিকান দূতাবাসে যেসব পাকিস্তানী কাজ করছে তাদের সংখ্যা প্রায় এক হাজার। এই সংখ্যা আরও বাড়ানো হবে। এর সঙ্গে সঙ্গে আমেরিকান সহকারী রাষ্ট্রদূত পাকিস্তানে ব্ল্যাক ওয়াটার বা এক্সই (Xe) নামক সিকিউরিটি এজেন্সিকে ঠিকা দেয়ার বিষয়টি নাকচও করেননি। তার দাবি ছিল, পাকিস্তানকে অধিক সহযোগিতার ভিত্তিতে উন্নয়নমূলক কয়েকটি পরিকল্পনা বাস্তবায়ন শুরু করা হচ্ছে। এগুলোর দেখাশোনার জন্য আরও কর্মচারির প্রয়োজন। আমেরিকান সহকারী রাষ্ট্রদূতের এই আপত্তির দ্বারা অদূর ভবিষ্যতে দেশের সিকিউরিটির ব্যাপারে বিশেষ হতাশাজনক অবস্থা সৃষ্টি হবে বলে মনে হচ্ছে। এটা এমন স্বীকারোক্তি যার দ্বারা পাকিস্তানের ব্যাপারে আমেরিকার ভবিষ্যত কর্মকৌশল কি হবে তা স্পষ্টই প্রকাশিত হয়েছে। *[সৌজনে : নেদায়ে মিল্লাত, ৭-২৩ সেপ্টেম্বর ২০০৯]*

পাকিস্তানে আমেরিকান প্রভাব : নাওয়ায়ে ওয়াক্তের উদ্বেগ প্রকাশ

এ সম্পর্কে দৈনিক নাওয়ায়ে ওয়াক্তের সম্পাদকীয়র কিছু গুরুত্বপূর্ণ অংশ দেখুন। পত্রিকাটি লিখেছে—

পাকিস্তানের পারমাণবিক ও মিজাইল প্রোগ্রাম আজও ভারত ও ইসরাইলের মত আমেরিকা ও ইউরোপের জন্যও অন্তর্জ্বালা হয়ে আছে। আফগানিস্তানে আমেরিকার ব্যর্থতা ছাড়াও ভারতের অনুপ্রশের কারণে পাকিস্তানের অবস্থা অবনতি হয়েছে। বেলুচ, সোয়াত এবং কাবালী অঞ্চলগুলোতে ভারতের

অনুপ্রবেশের স্পষ্ট প্রমাণ পাওয়া গিয়েছে। আমেরিকান অস্ত্রও উদ্ধার হয়েছে। যার অর্থ হল, আমেরিকাকে পাকিস্তানে অপারেশনের পথ দেখিয়ে এক দিকে নতুন চোরাবালিতে ফাঁসিয়ে দেয়া হচ্ছে, অন্যদিকে 'নিউক্লিয়ার ইসলামী রাষ্ট্র' পাকিস্তানকে ব্যর্থ রাষ্ট্রে পরিণত করা হচ্ছে। তাদের প্রভাবকে আরো সুদৃঢ় করার জন্য ইসলামাবাদে আমেরিকান দূতাবাসের সম্প্রসারণের নামে এক্সই (ব্ল্যাক ওয়াটার) নামক সন্ত্রাস সংগঠনের সদস্যদেরকে নিয়োগ দেয়া হচ্ছে।

এক রিপোর্ট মতে ইসলামাবাদের আবাসিক এলাকায় আমেরিকার পক্ষ হতে দুইশ বাসা নেয়ার সত্যায়িত তথ্য, বেফাকি দারুল হুকুমতে সন্দেহভাজন সশস্ত্র শ্বেতাঙ্গদের তৎপরতাও পাওয়া গিয়েছে। যাদের অনেককে পুলিশ গ্রেফতার করেছে। অবসরপ্রাপ্ত সৈন্যদেরকে এক্সই বা ব্ল্যাক ওয়াটারের জন্য ভর্তি করার অভিযোগে ইন্টার রিস্ক নামক এজেন্সির অফিসে অভিযান চালানো হয় এবং এজেন্সির মালিককে গ্রেফতার করা হয়। কিন্তু আমেরিকান দূতাবাসের হস্তক্ষেপে পরে তাকে ছেড়ে দেয়া হয়েছে। তবে কোহসা থানার দুইজনকে রিমান্ডে নিয়েছে। তারবিলার নিকটে একটি স্টেশন যা আমেরিকার ব্যবহারাধীন রয়েছে, তা ড্রোন হামলার কাজে ব্যবহার হচ্ছে বলে জানা গিয়েছে। আমেরিকান ভাইস প্রেসিডেন্ট জোজিফ বাইডন-এর পক্ষ হতে আমেরিকান কমান্ডোদেরকে পাকিস্তানের উপর দৃষ্টি নিবদ্ধ রাখার নির্দেশ, পাকিস্তানের জন্য ভাবনার বিষয়। পাকিস্তানের জাতীয় স্বার্থ, নিরাপত্তা এবং প্রতিরক্ষার জন্য এটা মারাত্মক হুমকি। পাকিস্তানকে সাহায্যের প্রলোভন দিয়ে যুদ্ধক্ষেত্র তৈরি করা হচ্ছে এবং পাকিস্তানে আলকায়েদার উপস্থিতিরি প্রোপাগান্ডার মাধ্যমে শুধু গেরিলা অপারেশনই নয় বরং মিজাইল ও ড্রোন হামলার ক্ষেত্র সম্প্রসারণ করার পথ মসৃন করা হচ্ছে। যার ফল—আল্লাহ না করুন—পাকিস্তানের পারমাণবিক প্রোগ্রামের উপর আমেরিকান কন্ট্রোল এবং পাকিস্তানের নিরাপত্তার জন্য হুমকির কারণ হতে পারে। আমেরিকার ভাইস প্রেসিডেন্ট তো ওপেন আমেরিকান কমান্ডোদেরকে পাকিস্তানে অপারেশন চালানোর জন্য উৎসাহিত করছেন। কিন্তু আমাদের শাসকদের সংকীর্ণ দৃষ্টিভঙ্গির অবস্থা এই যে, প্রেসিডেন্ট আসিফ আলী জারদারী নিজের ক্ষুদ্র স্বার্থের বিনিময়ে আমেরিকাকে যুদ্ধে সার্বিক সহায়তা করতে দায়বদ্ধ হয়ে পড়েছে। আফগানিস্তানে আমেরিকার সফলতার পথ হয়ত কখনেই মসৃন হবে না। আমেরিকার আলকায়েদা ও তালেবানকে পরাজিত করার স্বপ্ন পূরণ হওয়ার পূর্বেই এমনভাবেই আফগানিস্তান থেকে বের হয়ে যেতে বাধ্য হবে, ১৯৮৮ সালে সেভিয়ত ইউনিয়ন এবং গত শতাব্দীতে ব্রিটেনকে যেমন ছাইমুখে বিদায় নিতে হয়েছিল। কিন্তু নিজেদের নেটওয়ার্ক

প্রতিষ্ঠিত করার পর যদি আমেরিকা সি আই এ, এফ আই এ এবং ব্ল্যাক ওয়াটার ও এক্সই এর মাধ্যমে পাকিস্তানে অপারেশন শুরু করে দেয়, তবে তা এমন এক নতুন যুদ্ধের সূচনা করবে, যা যে কোন সময় তৃতীয় বিশ্ব যুদ্ধের রূপ ধারন করতে পারে। কারণ এক দিকে পারমাণবিক শক্তির অধিকারী ইসলামী রাষ্ট্র পাকিস্তানের জনসাধারণ তাদের হস্তক্ষেপ এবং আধিপত্য বরদাশত করবে না। অন্যদিকে চীনও তার স্বার্থ রক্ষার জন্য এই যুদ্ধে লিপ্ত হতে বাধ্য হবে। এজন্য পাকিস্তান সরকারের অধিকা দুর্বলতা প্রকাশ করা উচিত নয়। বরং সম্ভাব্য অবস্থার সঠিক অনুমান করে আমেরিকান থাবা থেকে বের হওয়ার জন্য এবং পাকিস্তানে আমেরিকান হস্তক্ষেপ খতম করার জন্য তাৎক্ষণিকভাবে কার্যকর পদক্ষেপ নেয়া উচিত। *[সৌজনে : দৈনিক নাওয়ায়ে ওয়াক্ত, ২৫ সেপ্টেম্বর ২০০৯]*

আমেরিকান দূতাবাসের সঙ্গে ব্ল্যাক ওয়াটারের সম্পর্ক

ব্ল্যাক ওয়াটার কোম্পানী পাকিস্তানে কি পরিমাণ তৎপর, ইসলামাবাদ, তারবিলা, কোহাট এবং পেশওয়ারে তাদের ক্রমবর্ধমান কার্যক্রম থেকেই অনুমান করা যায়। এরা প্রকাশ্যে যে কোন জায়গায় যে কোন ব্যক্তিকে থামিয়ে পূর্ণ তল্লাশি নেয়া শুরু করে। ভাড়ায় নেয়া বাসার সঙ্গে সম্পৃক্ত বিশেষ এলাকাকে গতিরোধক দিয়ে রাস্তাগুলো বন্ধ করে দিয়েছে। ওই এলাকায় বসবাসকারীরা দৈনন্দিন কার্যক্রমে হস্তক্ষেপের কারণে মারাত্মক দুশ্চিন্তায় রয়েছে। পথ বন্ধ এবং অবৈধ জিজ্ঞাসাবাদের কারণে মানুষজন শুধু ভীতির মধ্যে রয়েছে তাই নয়, বরং অত্যন্ত অমার্জিত ও অপমানজনক ভাষায় তাদেরকে ভিন্ন রাস্তা দিয়ে বাসা যাওয়ার জন্যও সতর্কও করা হয়ে থাকে। কোন কোন এলাকায় ব্ল্যাক ওয়াটারের সদস্যরা পাকিস্তানী পুলিশ অফিসারদেরকে হেনস্তাও করেছে। বিষয়টি মিডিয়াতেও এসেছে।

ডাক্তার শিরিন মাজারী বলেন–

আমেরিকান কমান্ডোদের জন্য পাকিস্তানী সরকার বিশেষ ছাড় দিচ্ছে এবং এ ব্যাপারে গোপন চুক্তিও সম্পন্ন করেছে। যা দেশের নিরাপত্তার জন্য হুমকির কারণ।

শিরিন মাজারী বলেন–

আমেরিকান দূতাবাসের অযৌক্তিক সম্প্রসারণের ব্যাপারে আমাদের সরকারের অবস্থান অত্যন্ত অনুপযোগী ও অন্যায়। আমেরিকান দূতাবাস প্রথম থেকেই অপ্রয়োজনীয়ভাবে সম্প্রসারিত এবং বিশাল জায়গা জুড়ে অবস্থিত। এখন সেটাকে আরও সম্প্রসারনের জন্য ১৮ একর ভূমি, কোন কোন তথ্যমত ২৫

একর ভূমি ব্যাবস্থা করা হয়েছে। এতে আমেরিকান কাউন্সিল হাউসের পরিধি ৫৬ একর পর্যন্ত বিস্তৃত হবে এবং এখানে ৩০০০ মানুষের থাকার জন্য রুম ও আন্ডাগ্রাউন্ডের সুরতে নতুন ভবন নির্মাণ করা হচ্ছে। আমেরিকান দূতাবাসে প্রয়োজনীয় কর্মচারির সংখ্যা ২০ থেকে ৬০ পর্যন্ত হতে পারে। আর অস্বাভাবিক অবস্থায় এই সংখ্যা ১০০ পর্যন্তও যেতে পারে। কিন্তু ৩০০০ মানুষের ধারন ক্ষমতা সম্পন্ন স্থাপনা এবং তাতে আমেরিকান কমান্ডোদের নিয়োগদান অত্যন্ত ভয়ঙ্কর বিষয়। আমেরিকার দূতাবাস পাকিস্তানের রাজধানীর ঠিক মাঝখানে অবস্থিত। আর এর চার পাশে গুরুত্বপূর্ণ স্থাপনা, পার্লামেন্ট, প্রেসিডেন্ট ভবন, প্রধানমন্ত্রীর ভবন এবং এন্টেলিজেন্স প্রতিষ্ঠানগুলোর কেন্দ্রীয় অফিস অবস্থিত। আর জাতীয় ব্যক্তিত্বদের বাসস্থানের সন্নিকটে ব্ল্যাক ওয়াটার সহ অন্যান্য আমেরিকান এজেন্সির তৎপরতা বিষয়টাকে আরও জটিল ও সন্দেহপূর্ণ করে তুলেছে। স্বরাষ্ট্রমন্ত্রী রহমান মালিক স্বীকার করেছেন যে, আমেরিকান দূতাবাসের ২৬১ জন কর্মকর্তা, যারা ইসলামাবাদে বাসা নিয়ে আছে। এরপরও তিনি পাকিস্তানে আমেরিকান মেরিন কমান্ডোদের উপস্থিতির কথা অস্বীকার করে এ তথ্যগুলোকে ভুল সাব্যস্ত করেছেন। অথচ অন্যদিকে ব্ল্যাক ওয়াটারের তৎপরতা সম্পর্কে গঠিত জাতীয় এসেম্বলীর 'মানবাধিকার নীরিক্ষা কমিটি' দেশে আমেরিকান সিকিউরিটি এজেন্সি ব্ল্যাক ওয়াটারের প্রকাশ্য উপস্থিতি এবং গোপন তৎপরতার ব্যাপারে আশঙ্কা প্রকাশ করে বিষয়টি খতিয়ে দেখার জন্য জাভেদ হাশেমীর নেতৃত্বে পাঁচ সদস্যের একটি উপকমিটি গঠন করেছে।

২৯ সেপ্টেম্বর কমিটির বৈঠকে ইসলামাবাদের ইন্সপেক্টর জেনারেল পুলিশ কলিম ইমাম কমিটিকে জানিয়েছেন, আমেরিকানদের নিশ্চিত সংখ্যা তো জোট সরকারের পররাষ্ট্রমন্ত্রণালয়ই বলতে পারে। এরপরও এক অনুমান অনুযায়ী ৪০০ থেকে ৫০০ আমেরিকান বর্তমানে আমেরিকান দূতাবাসের সঙ্গে সম্পৃক্ত রয়েছে। এর মধ্যে আমেরিকান সিকিউরিটি এজেন্সি এবং এনজিও'র কর্মকর্তারাও রয়েছে।

ইসলামাবাদের আইজি বলেছেন, আমেরিকান দূতাবাসের পাশে ডিপ্লোমাটিক ইংক্লিউজে ২০টি বাসা রয়েছে। অথচ ইসলামাবাদে তারা ২৪০টি বাসা ভাড়া নিয়ে রেখেছে। এখানে আমেরিকান দূতাবাসের কর্মচারিদের সঙ্গে সঙ্গে আমেরিকান একটি সিকিউরেটি এজেন্সির কর্মকর্তা অবস্থান করছেন। আমেরিকান সিকিউরিটি এজেন্সির এই কর্মকর্তা পাকিস্তানি সিকিউরিটি কর্মকর্তাদের প্রশিক্ষণ দেয়ার দায়িত্বে রয়েছেন।

সীমান্তের আইজি মল্লিক নাভিদ খান কমিটিকে জানিয়েছেন, সীমান্ত প্রদেশে ব্ল্যাক ওয়াটার নামক সংগঠনের কোন অস্তিত্ব নেই। তবে আমেরিকান এক এজেন্সি– ডাইনাকোরের– ২৯ জন বিদেশী এবং ৬৫ জন পাকিস্তানী কাজ করছে। বিদেশী কর্মকর্তাগণ পাকিস্তানী কর্মকর্তাদেরকে প্রশিক্ষণ প্রদান করা ছাড়া আমেরিকান কাউনসলিটের সিকিউরিটিরও দায়িত্বে রয়েছে। *[সৌজন্যে : দৈনিক নাওয়ায়ে ওয়াক্ত, ২৫ সেপ্টেম্বর ২০০৯]*

স্বরাষ্ট্রমন্ত্রী রহমান মল্লিক ২৬১ জন আমেরিকান কর্মকর্তার উপস্থিতির কথা স্বীকার করেছেন। অথচ ইসলামাবাদের আইজি কলিম ইমাম বলছেন, আমেরিকানদের সংখ্যা ৪০০ থেকে ৫০০ মত হবে। আসল সংখ্যা যাই হোক, কিন্তু উভয় উর্ধ্বতন কর্মকর্তার স্বীকার করার দ্বারা অন্তত পক্ষে এ কথা প্রমাণিত হচ্ছে যে, ইসলামাবাদে আমেরিকান এজেন্সির বিরাট এক সংখ্যক সদস্য উপস্থিত রয়েছে। যা নিঃসন্দেহে পাকিস্তানবাসীদের জন্য দুশ্চিন্তার বিষয়।

ডাক্তার শিরিন মাজারী বলেন–

ব্ল্যাক ওয়াটার এবং আমেরিকান সেনা কমান্ডোরা যেসব এলাকায় তাদের বাসা নিয়েছে, তার মধ্যে আমাদের পারমাণবিক কেন্দ্র কহুটার স্পর্শকাতর স্থাপনা এবং ডাক্তার আবদুল কাদির খানের বাসাও রয়েছে। এরা ভাড়া করা বাসায় গোপন ক্যামেরা, স্যাটেলাইট এন্টিনা এবং গোপন তথ্য জন্য স্পর্শকাতর যন্ত্র স্থাপন করে রেখেছে। বলা যায় তারা এক রকম ইসলামাবাদকে তাদের গোয়েন্দা ইলেক্ট্রনিক স্থাপনার আওতায় নিয়ে ফেলেছে এবং আমাদের সমস্ত কার্যক্রম মনিটর করছে।

বাসার চারপাশে ব্ল্যাক ওয়াটার এজেন্সির কেন্দ্র স্থাপিত হওয়ার কথা জেনে ডাক্তার আবদুল কাদির খান বলেন, ব্ল্যাক ওয়াটার এজেন্সি যদি আমার বাসার নিকটে চলে এসে থাকে, তবে এটা সরকারের দায়িত্ব যে তার প্রতিটি নাগরিককে নিরাপত্তা দেয়া। ডাক্তার কাদির বলেন, আমেরিকার আসল টার্গেট পাকিস্তানের পারমাণবিক উপকরণ এবং আমাদের মিজাইল প্রোগ্রাম। কেরি লুগার বিলে আরোপিত শর্ত সম্পর্কে ডাক্তার কাদির বলেন, এই বিলে পাকিস্তান ও আমেরিকা আমার ব্যাপারে কি সিদ্ধান্ত নিয়েছে, আমি তা জানি না। কিন্তু আসল কথা হল, আমি তো এখানে একটা দাবার ঘুঁটি মাত্র। আমেরিকার আসল টার্গেট পাকিস্তানের পারমনবিক উপকরণ। *[সৌজন্যে : দৈনিক নাওয়ায়ে ওয়াক্ত, ২৬ সেপ্টেম্বর ২০০৯]*

ইসলামাবাদে প্রাইভেট আর্মি ব্ল্যাক ওয়াটার এক্সই'র উপস্থিতির কথা সরকারি পর্যায়ে এখন পর্যন্ত স্বীকার করা হয়নি। কিন্তু গণমাধ্যমে তাদের উপস্থিতি

সম্পর্কে অনেক তথ্যই এসেছে। এমনকি তাদের বাসস্থানের ছবিও এখন ইন্টারনেটে দেখা যায়। Black Water in Islamabad এর শিরোণাম গুগলসার্চে অনুসন্ধান করলে ছবিগুলো দেখা যাবে। এ ছাড়া ব্ল্যাক ওয়াটারের নিজস্ব ওয়েব সাইট htt//source.blackwaterusa.com-এও সেগুলো রয়েছে। যেখানে কন্ট্রাক্ট ভর্তির জন্য Application ফরম রয়েছে। এই ফরমের গুরুত্বপূর্ণ বিষয় হল, পৃথিবীর বিভিন্ন দেশ ছাড়া পাকিস্তানের বিভিন্ন ভাষাভাষীর জন্য উর্দূ, দুররি এবং পাঞ্জাবী ভাষার মানুষকেও আহ্বান জানানো হয়েছে যে, তারা নিজেদের তথ্য প্রদান করে ব্ল্যাক ওয়াটারে ভর্তি হওয়ার আবেদন করতে পারে। এ ছাড়াও গুগলের ওয়েব সাইটের সার্চে Black Water in Pakistan লিখে সার্চ দিয়ে Youtube-এর ওয়েব সাইটে আপলোড করা ভিডিওগুলোও দেখতে পারবেন। এই কুকুরেরা কিভাবে সশস্ত্র প্রশিক্ষণ নেয় এবং পাকিস্তানে সন্ত্রাসী কার্যক্রম চালানোর ক্ষেত্রে তারা কেমন দৃঢ়প্রতিজ্ঞ, তাও দেখতে পাবেন।

সূত্রমতে পাক ফৌজের সাবে এস এস জি কমান্ডো ছাড়া এলিট ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স এবং অন্যান্য সার্ভিসের সঙ্গে সম্পৃক্ত সদস্যদেরকে ভর্তি করা হচ্ছে। আর এর ভর্তির কাজের জন্য অনেকগুলো পাকিস্তানী কন্ট্রাক্টারও মাঠে নেমেছে। ইতিমধ্যে অনেকেই ভর্তি কাজ সম্পন্ন করেছে।

সূত্রমতে আশঙ্কা করা হচ্ছে যে, আগামী দিনে ব্ল্যাক ওয়াটারের তৎপরতার পরিধি বিস্তৃত হয়ে পুরো দেশব্যাপী ছড়িয়ে পড়বে। কারণ আমেরিকান চাপের কারণে সরকার তাদের বিরুদ্ধে কোন প্রকার বাধ্যবাধকতা আরোপ করার পজিশনে নেই। যদি এমনটি করা হয়, তো দেশের ভেতর বিশৃঙ্খলা ছড়িয়ে পড়বে। ব্ল্যাক ওয়াটারের তৎপরতাকে সেনাবহিনী এবং অন্যান্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলো প্রথম থেকেই ভালো দৃষ্টিতে দেখছে না। আমেরিকান নির্বাহী পাকিস্তানী সরকার এবং সেনাবাহিনীকে বাধ্য করছে যে এরা যেন তাদের পথে বাধা না হয় এবং কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি না করে। ইতিপূর্বে আমেরিকান রাষ্ট্রদূত এন ডব্লিউ পিটার্সন এবং সহকারী রাষ্ট্রদূত জিরাল ফিয়ার স্টেনের বিপজ্জনক বিবৃতি এবং কেরি লোগার বিলের শর্তাবলীও দৃষ্টিতে রাখা উচিত। কেরি লোগার বিলের শর্তাবলীতে স্পষ্ট করে বলা হয়েছে যে, পাক ফৌজ এবং এন্টেলিজেন্স প্রতিষ্ঠানগুলোতে বিদ্যমান তালেবান সহযোগীদেরকে কন্ট্রোল করতে হবে অথবা নিষ্ক্রিয় করে দিতে হবে। সুতরাং ১৩ অক্টোবর ২০০৯ সালের পাক ফৌজে ব্যাপকভাবে রদবদলের বিষয়টিকে এরই ধারাবাহিকতায় গণ্য করা হচ্ছে। আমেরিকা পাকিস্তানে তার অবস্থানকে এ পরিমাণ সুদৃঢ় করতে চায় যে, পাকিস্তানে চীনের ভূমিকা যেন সীমিত হয়ে যায় এবং আগামী কয়েক মাসের

মধ্যে পাকিস্তানের উপজাতীয় এলাকাগুলোতে সম্ভাব্য একটি বড় সেনা অভিযানের প্রতিরোধের মাধ্যমে কার্যকর পদ্ধতিতে সুরাহা করার জন্য ব্ল্যাক ওয়াটার, আমেরিকান মেরিন কমান্ডো, সিআইএ এবং এফবিআই-এর এজেন্টদেরকে ব্যবহার করা যায়।

পাকিস্তানের পারমাণবিক স্থাপনা আমেরিকান নির্বাহী পরিষদের দৃষ্টি-জ্বালার করণ হয়ে দাঁড়িয়েছে। কেরি লোগার বিলের শর্তাবলিতে এ সম্পর্কেও একটি শর্ত উল্লেখ হয়েছে। ব্ল্যাক ওয়াটার সহ অন্যান্য কয়েকটি আমেরিকান এজেন্সির এবং তাদের প্রশিক্ষণপ্রাপ্ত কমান্ডোদের ইসলামাবাদের আশেপাশে নিয়োগদান এবং তাদের তৎপরতাকে পাকিস্তানের মিডিয়া এবং গণমাধ্যম ছাড়াও সমর বিশেষজ্ঞরাও ভয়ঙ্কর আশঙ্কাজনক বলে মন্তব্য করেছেন। তারা এ আশঙ্কা প্রকাশ করেছেন যে, আমেরিকা, ইসরাইল এবং ভারতের যৌথ পরিকল্পনার ভিত্তিতে পাকিস্তানের পারমাণবিক কেন্দ্রের উপর আল্লাহ না করুন কোন কমান্ডো এ্যাকশন করে ক্ষতি করার চেষ্টা না করলে হয়। পাকিস্তানের শুভাকাঙ্ক্ষী এবং দেশপ্রেমিক সর্বশ্রেণীর মানুষ ব্ল্যাক ওয়াটার এক্সই-এর পাকিস্তানে উপস্থিতি, আমেরিকান দূতাবাসের প্রয়োজনহীন সম্প্রসারণ এবং ৩০০০ আমেরিকান কমান্ডোর পাকিস্তানে নিয়োগদানকে দেশ ও জাতির স্বার্থের পরিপন্থি এবং পাকিস্তানের স্বাধীনতা ও সার্বভৌমত্বের উপর কুঠারাঘাত বলে সাব্যস্ত করছেন। বর্তমান সরকারের নিকট দাবি প্রচ্ছন্ন প্রত্যাখ্যানের পরিবর্তে জনগণকে স্পষ্ট ভাষায় বলে দিন যে, পাকিস্তানে ব্ল্যাক ওয়াটার সহ অন্যান্য আমেরিকান এজেন্সি এবং কমান্ডোদের তৎপরতা কার অনুমতিতে চলছে। বিশেষত ব্ল্যাক ওয়াটার এজেন্সিকে যদি কোন প্রাইভেট সিকিউরিটি কন্ট্রাক্টের তত্ত্বাবধানে দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বদের হেফাজতের জন্য পাকিস্তানে ডেকে আনা হয়ে থাকে, তো এ সম্পর্কেও জাতিকে জানানো হোক যে, তাহলে পাকিস্তানের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সিকিউরিটি প্রতিষ্ঠানগুলোর উপর অনাস্থা জ্ঞাপন কেন করা হচ্ছে? আর কয়েকজন ব্যক্তিত্বের নিরাপত্তার জন্য বিরাট অংকের ব্যয় বহন করে এমন ধ্বংসাত্মক কন্ট্রাক্টের মাধ্যমে দেশ ও জাতির সম্পদ নিঃশেষ করা হচ্ছে কেন? উপরন্তু ব্ল্যাক ওয়াটার কিংবা আমেরিকান মেরিন কামান্ডোদের মাধ্যমে যদি পাকিস্তানের পারমাণবিক সামগ্রীর কোন ক্ষতি হয়, তার দায় কে বহন করবে? এ প্রসঙ্গে বর্তমান সরকারের দায়িত্বশীল ব্যক্তিগণ শুধু মাথা উঁচু করে নিজেদের অজ্ঞতার কথা প্রকাশ করে জীবন বাঁচাতে পারবে না। এই দেশ কোন একক দলের ও কতিপয় ব্যক্তির ব্যক্তি স্বার্থের বধ্যভূমি হতে পারে না। ১৭ কোটি মানুষের রাষ্ট্রের প্রতিটি নাগরিকের এই অধিকার রয়েছে যে, তাদের উপর

চেপে দেয়া আপদের হিসাব অবশ্যই বর্তমান সরকার থেকে নিবে। সরকার যদি তাদের প্রশ্নের উত্তর দিতে অক্ষম হয় তাহলে বোঝা উচিত যে, নৈতিকভাবে তারা রাষ্ট্র পরিচালনার বৈধতা হারিয়ে ফেলেছে।

আমরা কি গোলাম?

[বিখ্যাত কলামিস্ট ইয়াসির মুহাম্মাদ খানের প্রতিক্রিয়া]

কয়েক দিন পূর্বে আমি ইসলামাবাদ থেকে লাহোর যাচ্ছিলাম। আমার পাশের সিটে এক যুবক বসা ছিল। যুবকের চেহারা আকৃতিতে উত্তরাঞ্চলীয় বাসিন্দা মনে হচ্ছিল। দেখতে যুবকটিকে শিক্ষিত এবং ভদ্রও মনে হচ্ছিল। উড়োজাহাজ টেক অফের পর যখন শূন্যে সমান্তরালভাবে চলতে শুরু করল, সে সিট বেল্ট খুলে পত্রিকা পড়ায় মনোযোগি হল। আমিও একটি বইয়ে মনোযোগ দেই। আমরা উভয়ে দীর্ঘক্ষণ নিজ নিজ ব্যস্ততায় মশগুল থাকি। হঠাৎ সে আমার সঙ্গে কথা বলা শুরু করে। সে আমার কুশলাদি ও পরিচয় জিজ্ঞাসা করে। এরপর আমাদের মাঝে কথাবার্তা চলতে থাকে। তার জিজ্ঞাসার উত্তরে আমি যখন বললাম, আমি সাংবাদিক, সে সঙ্গে সঙ্গে সে ঘুরে আমার দিকে মুখ করে বসে বলল–

'গ্রেট স্যার! সাংবাদিকদেরকে আমি খুবই পছন্দ করি। এরা অত্যন্ত সচেতন এবং চিত্তাকর্ষক হয়ে থাকেন। নিঃসন্দেহে আমার ভ্রমণ আনন্দের হবে।'

আমি হাসি মুখে তার কথার উত্তর দেই। তার চেহারাতেও হাসির ঝলক খেলে যায়। সে বলল–

'সাংবাদিকরা হন তথ্যের ভা-ার। তাদের নিকট গোটা দুনিয়ার তথ্য থাকে। সাংবাদিকরা জাতির সমস্যাগুলোর প্রতি গভীর দৃষ্টি রাখেন। তাই একজন সাংবাদিকের সঙ্গে মিলিত হতে পেরে আমি খুবই আনন্দিত।'

আমি এবারও সৌজন্যতাস্বরূপ তার কৃতজ্ঞতা জ্ঞাপন করি। এরপর আমাদের আলোচনায় বর্তমান সরকারের পলিসি, দেশের অর্থনৈতিক অবস্থা, বেকারত্ব, উর্ধ্বমূল্য সব কিছুই আসে। আমরা দীর্ঘ সময় এসব বিষয়ে আলোচনা করতে থাকি।

যুবক রাজনীতির স্টুডেন্ট ছিল। এজন্য রাজনীতির প্রতি তার যথেষ্ট পরিমাণ আগ্রহ ছিল। আমিও এ বিষয়ে কথা না বলে থাকতে পারি না। আমাদের আলোচনা চলছিল। হঠাৎ সে চমকে দেয়া একটি প্রশ্ন করে বসে। সে জিজ্ঞাসা করে–

'আচ্ছা, আমরা কি আমেরিকার টাকায় কেনা গোলাম?'

তার এই আকস্মাৎ প্রশ্নে আমি স্তম্ভিত হয়ে পড়ি। আমি তাৎক্ষণাত না সূচক মাথা দুলাই। কিন্তু সে একই সুরে বলতে থাকে–

'কিন্তু স্যার! আমরা যদি আমেরিকার গোলামই না হব তো তাদের যুদ্ধ করছি কেন? আমরা আমাদের দেশের নাগরিকদের উপর বোমা বর্ষণ করছি কেন? আমরা আমাদেরই আপনজনদেরকে হত্যা করছি কেন? স্যার, আমরা যদি আমেরিকার গোলামই না হব, তো আমেরিকার আক্রমণের দাঁতভাঙ্গা জবাব দেই না কেন?'

যুবক পুরোপুরি আবেগী হয়ে পড়ে। আমি তার কাছে এমনটি অবশ্য আশা কিরনি। কিন্তু হয়ত তার আবেগী হওয়াও উচিত ছিল। কারণ সে একজন শিক্ষিত এবং সচেতন যুবক ছিল। এরপরও আমি অত্যন্ত ধৈর্যের সঙ্গে বললাম–

আপনার কথা ঠিক আছে। কিন্তু আমাদের প্রেসিডেন্ট এবং প্রধানমন্ত্রী বারবার আমেরিকান হামলার নিন্দা জানিয়েছেন। সরকার এসব হামলার কারণে আমেরিকান রাষ্ট্রদূতকে পররাষ্ট্র দফতর ডেকে প্রতিবাদও করেছেন। এমনকি আমাদের পার্লামেন্ট আমেরিকান হামলার তীব্র নিন্দাজ্ঞাপন করে চৌদ্দ দফার একটি প্রস্তাবও পাশ করেছে। এবং গত কয়েক দিন পূর্বে প্রধানমন্ত্রী ইউসুফ রেজা গিলানী স্পষ্ট ভাষায় বলেছিলেন যে, আমরা আমেরিকার গোলাম কিংবা প্রজা নোই। পাক মাটিতে আমরা কাউকেই হামলা করার অনুমতি দিতে পারি না।'

আমি থামি। সে মুচকি হাসে। হেসে বলল–

কিন্তু স্যার! প্রেসিডেন্ট অথবা প্রধান মন্ত্রীর পক্ষ হতে নিন্দাসূচক বিবৃতি, আমেরিকান দূতের কাছে প্রতিবাদ, পার্লামেন্টে প্রস্তাব মুঞ্জুরি এবং প্রধানমন্ত্রীর– আমরা আমেরিকার গোলাম নোই, পাক মাটিতে আমরা কাউকেই হামলা করার অনুমতি দিতে পারি না– এ ধরনের ভাষণ-বিবৃতির পরও নিয়মিত এবং ধারাবাহিকভাবে হামলা হচ্ছেই হচ্ছে।

আমেরিকান ড্রোন বিমান উপজাতীয় এলাকাগুলোতে নিয়মিত টহল দিচ্ছে। প্রতিদিন মিজাইল নিক্ষেপ করছে এবং উপজাতীয় এলকাগুলোতে প্রতিদিন পনের থেকে বিশ জন শহীদ হচ্ছে। অথচ সরকার কেবল নিন্দাজ্ঞাপন আর প্রতিবাদ জানিয়েই ক্ষ্যান্ত হচ্ছে।

সে আমার দিকে প্রশ্নবোধক দৃষ্টিতে তাকায়। আমি সঙ্গে সঙ্গে বলালাম–

আপনার ধারণামতে সরকারের কি করা উচিত বলে মনে করেন?

সে আরেকবার পাশ বদলায় এবং অত্যন্ত চিন্তাশীল ভঙ্গিতে বলতে থাকে–

'আমাদের শাসকদের ইরান, উত্তর কোরিয়া, ভেনিজুয়েলার মত দেশগুলো থেকে শেখা উচিত। আমাদের শাসকদের উচিত, আমেরিকার সঙ্গে সমতা বজায় করে কথা বলা। রাষ্ট্রীয় নিরাপত্তার বিষয়ে কোন প্রকার কম্প্রোমাইজ না করা। তারা স্পষ্ট এবং দ্ব্যর্থহীন ভাষায় আমেরিকাকে নিশ্চিত করবে যে, তারা যদি আমাদের সীমান্তে প্রবেশ করে, তাহলে আমাদের সেনাবাহিনী তাদেরকে দাঁত ভাঙ্গা জবাব দিবে এবং সন্ত্রাস বিরোধী যুদ্ধে তাদের সহযোগিতা করার ব্যাপারে অস্বীকৃতি জানাবে।'

আমি চুপচাপ তার কথা শুনছিলাম আর সে বলে যাচ্ছিল–

'আমাদের শাসকবর্গ যাকে আমাদের যুদ্ধ বলছে, মৌলিকভাবে সেটি আমাদের এবং আমাদের নিরাপত্তার বিরুদ্ধে যুদ্ধ। আপনি চিন্তা করে দেখুন, এই যুদ্ধ শুধু পাকিস্তান আর আফগানিস্তানে হচ্ছে। আর এর সবচেয়ে বেশি ক্ষতি হচ্ছে পাকিস্তানেরই। আমেরিকা সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের বাহানা বানিয়ে ইসলাম এবং বিশেষ করে পাকিস্তানকে পরাজিত করার ষড়যন্ত্রে লিপ্ত। অথচ আমাদের শাসকবর্গ আমেরিকার সঙ্গে বন্ধুত্বের নেশায় বুঁদ হয়ে আছে। এরা আমেরিকার বিরুদ্ধে প্রস্তাব পাশ করে কিন্তু তার ফল কি হয়? আমাদের পার্লমেন্ট মেম্বাররা ও শাসকরা আমেরিকান রাষ্ট্রদূতকে প্রতিবাদ জানায়। কিন্তু আমেরিকান রাষ্ট্রদূতদের পশমও কি নড়ে? প্রত্যেক আক্রমনের পর আমাদের শাসকরা হয়ত নিন্দা বিবৃতি জানায়, কিন্তু এতে কী হয়? আপনিই বলুন, আজ পর্যন্ত এসব প্রতিবাদ, প্রস্তাবনা এবং বিবৃতির কোন ফল পাওয়া গিয়েছে কি? শুধু তাই নয়, আমাদের প্রতিটি নিন্দাজ্ঞাপন, প্রতিটি প্রতিবাদ ও প্রস্তাবনার পরক্ষণেই ন্যাটো ফোর্সের গোয়েন্দা বিমান আমাদের সীমান্তে প্রবেশই করেনি শুধু বরং মিজাইলও নিক্ষেপ করেছে। আর আমাদের শাসকরা আরেকটি বিবৃতি দিয়ে ক্ষ্যান্ত হয়েছে, ব্যাস। এর অর্থ কি স্যার? স্যার, এটা আমেরিকার স্পষ্ট বদমাশি নয় কি? এটা কি এ কথাই প্রমাণ করে না যে, আমেরিকা আমাদের প্রতিবাদ, বিবৃতি এবং কোন প্রস্তাবনাকেই পরোয়া করছে না?'

যুবক আবেগের স্রোতে ভাসছিল। সে থামলে আমি বললাম–

এতে কোন সন্দেহ নেই যে, প্রেসিডেন্ট এবং প্রধানমন্ত্রীর নিন্দা বিবৃতি, প্রস্তাবনা এবং প্রতিবাদের মূল্যায়নযোগ্য কোন ফলই আজ পর্যন্ত পাওয়া যায়নি। আমেরিকা লাগাতার আমাদের সীমানায় প্রবেশ করছে। কিন্তু এর পরও এটা বাস্তবতা যে, পৃথিবীতে অন্যায়ের বিরুদ্ধে আওয়াজ তোলা, পৃথিবীকে সুরতেহাল সম্পর্কে অবগত করা এবং নিজের দাবি মানানোর উত্তম পদ্ধতি প্রতিবাদই। আর

প্রতিবাদ এমন একটি অধিকার, যা দুনিয়ার কোন শক্তিই ছিনিয়ে নিতে পারে না। প্রতিবাদের মাধ্যমেই আন্তর্জাতিক প্রতিষ্ঠান, মানবাধিকার সংগঠন এবং জাতি উঠে দাঁড়ায়। আর এই প্রতিবাদ এমন একটি জিনিস যার কারণে স্বাধীনতা এবং সার্বভৌমত্বের মত সম্পদ অর্জিত হয়ে থাকে। এজন্য সভ্য এবং জাগ্রত জাতির মাঝে প্রতিবাদকে অধিকার মনে করা হয়। আর আমাদের সরকারও প্রতিবাদ করছে। নিন্দাজ্ঞাপন করছে। বাকি থাকল আমেরিকাকে দাঁত ভাঙ্গা জবাব দেয়ার প্রশ্ন? প্রিয়, এই মুহূর্তে আমাদের পক্ষে তা সম্ভব নয়। পাকিস্তান আমেরিকার মত সুপার পাওয়ারের সঙ্গে টক্কর দেয়ার মত পজিশনে নেই।

যুবকের চেহারা রক্তাভ হয়ে ওঠে। হয়ত আমি তার কষ্টের শিরায় হাত রেখে দিয়েছিলাম। সে বিরক্ত হয়ে বলল–

'কিন্তু কেন? আমরা কি স্বাধীন জাতি নোই? আমাদের কাছে কি সৈন্য নেই? আমাদের কাছে কি পারমাণবিক শক্তি নেই? আমাদের মধ্যে আত্মমর্যাদাবোধ এবং সাহস নেই? আমেরিকা আমাদের উপর বোমা মারবে আর চুপচাপ তামাশা দেখতে থাকব? না স্যার, পাকিস্তান একটি আজাদ এবং স্বাধীন দেশ। আমাদের জাতি বাহাদুর, আত্মমর্যাদশীল এবং দুঃসাহসী। পৃথিবীর বুকে পাকিস্তানের একটা মর্যাদা এবং অবস্থান রয়েছে। এজন্য আমাদের শাসকদের উচিত, আমেরিকার হামলার দাঁতভাঙ্গা জবাব দেয়া। বিশ্বাস করুন স্যার, আমাদের শাসকরা যখন থেকে আমেরিকার সম্মুখে নত হওয়া শুরু করেছে, আমরা তখন থেকে ধ্বংসের মুখে পতিত হতে শুরু করেছি। ৯/১১ এর পর রিচার্ড আর্মটেজ পারভেজ মোশাররফকে ধমকি দিয়েছিল– আমেরিকার বন্ধু হও, অন্যথায় পাথরযুগে যাওয়ার জন্য প্রস্তুত হও। আমাদের প্রেসিডেন্ট এই ধমকির ফলে আমেরিকার বন্ধুত্ব গ্রহণ করে এবং তার প্রতিটি দাবি মেনে নেয়। সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধে আমরা আমেরিকার মিত্র হয়েছি। আমরা বিগত সাত বছর ধরে বন্ধুত্ব বজায় রাখছি। আর আমরা সেই বন্ধুত্বের জন্য ৩৪ বিলিয়ন ডলার উৎসর্গ করে দিয়েছি। আমরা আমাদের আট হাজারেরও বেশি মানুষকে বারুদের স্তূপে পরিণত করেছি। হাজার হাজার পরিবারকে ঘর ছাড়া করেছি। লক্ষ লক্ষ মানুষকে বেকার করে দিয়েছি। আমাদের নাগরিকদেরকে ধরে ধরে আমেরিকার হাতে তুলে দিয়েছি। আমরা সীমান্তের প্রহরী উপজাতীয়দেরকে আমাদের শত্রু বানিয়েছি। আমরা আমেরিকার 'ডু মোর, ডু মোর' (আরো দাও, আরো দাও) দাবির উপর নতজানু হয়ে গিয়েছি। আমরা আমেরিকার সব দাবি মেনে নিয়েছি। এমনকি আজ করাচি থেকে খাইবার পর্যন্ত এবং কশ্মির থেকে নিয়ে

পেশওয়ার পর্যন্ত গোটা দেশ আগুনে দাউ দাউ জ্বলছে। কিন্তু এর পরও আমরা এই বন্ধুত্বের মর্ম বুঝতে পারছি না। আমেরিকা ২০০৮ সালের জানুয়ারী থেকে নিয়ে ২০০৮ সালের নভেম্বর পর্যন্ত ২৪ বার উপজাতীয় এলাকাগুলোতে মিজাইল নিক্ষেপ করেছে। সাড়ে তিনশ'র অধিক মানুষকে ভস্মিভূত করেছে। হাজার হাজার মানুষকে ঘরছাড়া করেছে। কিন্তু আমরা এরপরও বন্ধুত্ব বজায় রেখেছি। এসব কি হচ্ছে? আমাদের ইজ্জত, আত্মসম্মান ও আত্মমর্যাদাবোধ কি প্রশ্নবিদ্ধ নয়?

সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের পর বন্দিদের প্রকারের ব্যাপারে অভিধানে নতুন কিছু পরিভাষা সংযোজিত হয়েছে। এমন একটি নতুন পরিভাষা হল Ghost detainess ভূত বন্দি। খোদ আমেরিকান তদন্ত কর্মকর্তাদের বিশ্লেষণ হল ইরাকে সিআইএ নিয়মিত এমন সব ব্যক্তিদেরকে ধরে আনছে, যাদের কোন পরিচয় নেই অথবা তাদের গ্রেফতারীর স্পষ্ট কোন কারণও নেই। এ ধরনের কয়েদীদেরকে ভূত কয়েদী নাম দেয়া হয়েছে।

মেজর জেনারেল এনটিভ নিভ টিগো ইরাকের কুখ্যাত বন্দিখানা আবু গারিবের বন্দিদের সঙ্গে দুরাচারের ব্যাপারে তার রিপোর্টে এই Ghost detainess ভূত কয়েদী সম্পর্কে বলেছে যে, রেডক্রস তার আন্তর্জাতিক কমিটির পক্ষ হতে বন্দিখানার এক সার্ভের সময় ৩২০তম এমপি ব্যাটালিয়ানের আমেরিকান সেনা আর্মির নিয়ম লঙ্ঘন করে রেডক্রসের এই কমিটির প্রতিনিধিদের দৃষ্টি থেকে লুকিয়ে রাখার জন্য এ ধরনের কয়েদীদেরকে এদিক থেকে ওদিকে, ওদিক থেকে এদিকে লুকিয়ে ছাপিয়ে রাখতে থাকে। এটি আন্তর্জাতিক আইনের স্পষ্ট লঙ্ঘণ।

মানবাধিকারের পর্যবেক্ষক প্রতিষ্ঠান human rights Watch হিউম্যান রাইটস ওয়াচ ২০০৪ এর অক্টোবারে এসব সদস্যদের সম্পর্কে একটা রিপোর্ট তৈরি করে। পাকিস্তান ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, মারাকিশ এবং উপসাগরীয় কিছু দেশ থেকে হারাসাতে নিয়ে আমেরিকার হাওলা করা হয়েছে। এরা হয়ত একেবারে গায়েব হয়ে গিয়েছে, অথবা দীর্ঘ দিন পর তাদেরকে হারাসাতে রাখার কথা প্রকাশ করা হয়েছে।

নিউ ইয়র্ক টাইমস-এর ২০০৫ এর ১৪ ফেব্রুয়ারীর সংখ্যায় jan mayer জন মায়ের এর এক রিপোর্ট প্রকাশিত হয়। সেখানে এমন সব ব্যক্তিদের আলোচনা এসেছে, যারা ইউরোপ, আমেরিকা, এশিয়া এবং মধ্যপ্রাচ্য থেকে আমেরিকান এজেন্সিগুলোর ছদ্মবেশি এজেন্টরা জোরপূর্বক অহরণ করেছে। এরপর তাদেরকে বল প্রয়োগ করে উড়োজাহাজে তুলে এমন জায়গায় নিয়ে গিয়েছে, এর পর আর তাদের হদিসই পাওয়া যায়নি।

সংবাদ বিশ্লেষক Adrian levy এডরিয়ান লেভী এবং Cathy scort clark কেথি স্কাট ক্লার্কে আমেরিকা এবং ব্রিটেনের সেনা সূত্রের উদ্বৃতি দিয়ে লিখেছে যে, ভূত কয়েদীদের সংখ্যা দশ হাজারেরও বেশি হবে। এদের মধ্যে অনেক কয়েদীদের রক্ত হীম করা কাহিনী প্রকাশিত হয়েছে। এদেরকে ধরার পর তৃতীয় কোন দেশের হাতে হস্তান্তর করা হয়েছে। সেখানে তদন্ত ও অনুসন্ধানের নামে এবং অপরাধ স্বীকার করানোর জন্য এমন নির্মম নির্যাতন করা হয়েছে, যা ভাষায় ব্যক্ত করা সম্ভব নয়।

আইন বিশেষজ্ঞরা এমন হস্তান্তর rendition কে আমেরিকান কংগ্রেসের ১৯৯৮ সালের পাশকৃত আইনের পরিপন্থী সাব্যস্ত করেন। এই আইনের আলোকে কোন

ব্যক্তিকে এমন কোন দেশের হাওলা করা নিষিদ্ধ করা সাব্যস্ত করা হয়, যেখানে ওই ব্যক্তিকে জুলুম নির্যাতন এবং তার সঙ্গে অমানবিক আচরণ করার সম্ভবনা থাকবে। সাম্প্রতিক চতুর্থ জেনেভা কনভেনশনের আর্টিক্যাল ৪৯-ও কোন একক ব্যক্তিকে অথবা কোন দলকে অধিকৃত অঞ্চল থেকে ধরে বাইরে পাঠানো কিংবা অন্য কোন দেশের হাতে হস্তান্তর করা নিষিদ্ধ, বেআইনী এবং অমানবিক বলেছে।

আইনী বাধ্যবাধকতা থেকে বাঁচার জন্য আমেরিকান প্রশাসন অসংখ্য সন্দেহভাজন ব্যক্তিকে বিভিন্ন জায়গা থেকে নিজেই গ্রেফতার করে অন্য দেশ থেকে নিজের আন্ডারে এনে কিউবায় গোয়ান্তানামাবে'র (Guantanamobay) বন্দিখানায় নিক্ষেপ করেছে। এভাবে যৌক্তিক ও সভ্য পদ্ধতির আইনী কার্যক্রম থেকে পাশ কাটার পথ বের করা হয়েছে। যাতে এ কথা বলা যায় যে, এই দ্বীপে আমেরিকান আইন প্রয়োগই হয় না। তিন চার বছর পর্যন্ত তাদেরকে সব ধরনের আইনি সুযোগ সুবিধার অধিকার থেকে বঞ্চিত রাখা হয়। ২০০৪ এর জুনে আমেরিকান সুপ্রিমকোর্ট এমন বন্দিদেরকে আমেরিকান আদালত থেকে রুজু করার অধিকার দিয়েছে। কিন্তু ওখানে বন্দি কয়েদীরা অসংখ্য অপারগতা ও বাধ্যবাধকতার কারণে এই অধিাকর থেকে উপকৃত হতে পারে না।

এসব কয়েদীদেরকে মানসিক কষ্ট দেয়ার জন্য এমন এমন অমানবিক অস্ত্র প্রয়োগ করা হয়, যা আমেরিকার গণতন্ত্রের দাবিকে একদম দাবি প্রমাণিত করে। গোয়ান্তানামাবে থেকে ২০০৫ এর জানুয়ারীতে মুক্তি পেয়ে আসা অতপর তিন চার মাস পর্যন্ত নিজ দেশের জেলে থাকার পর এপ্রিলের মাঝামাঝিতে মুক্তপ্রাপ্ত কুয়েতী নাগরিক নাসির আল মাতিরী বলেন, কিউবার ওই বন্দিখানায় নতুন ধরনের এক যুদ্ধ চলছে। সেটা হল মনস্তাত্ত্বিক যুদ্ধ। এ পরিমাণ অল্প খাবার দেয়া হয় যে, কোন বন্দিরই পেট ভরে না। আর দেয়ও কুকুরকে দেয়ার মত ঢেল দিয়ে।

বোস্টেনের (boston) ডিস্ট্রিক্ট কোর্টে বুশ প্রশাসনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়েছে। রায়টার-এর সূত্রে গলফ নিউজ ২০০৫ এর এপ্রিলের সংস্করণে এর বিস্তারিত বিবরণ উল্লেখ রয়েছে। গোয়ান্তানামোবেতে বসনিয়ার এক কয়েদিকে জেলের কর্মকর্তারা এমন নিষ্ঠুরভাবে শারীরিক নির্যাতন করে যে, তার মুখ অবশ হয়ে গিয়েছে। তার মাথা এবং মুখ ধরে টয়লেটের কমোডে ঢুকিয়ে দেয়া হত এরপর ফ্লাশ করা হত। বাগানে পানি দেয়ার প্লাস্টিকের নর তার মুখে ঢুকিয়ে দিয়ে ফুল পাওয়ারে পানি ছেড়ে দেয়া হত।

একটি যুদ্ধাস্ত্র : যৌন নির্যাতন

বিশ্ব তাদের উপর কৃত নিষ্ঠুর আচরণের ছবি দেখে পেরেশান ছিল। যা আবু গারিব এবং গোয়ান্তানামোবে'র বন্দীদের উপর আমেরিকান সৈনিকের নিষ্ঠুরতার সুদৃঢ় প্রমাণত ছিল। বিশ্ব এসব ছবি দেখে কি প্রতিক্রিয়া ব্যক্ত করবে। যেমন এক নারী বন্দী– যার উভয় হাত মাথার সঙ্গে বাঁধা, এক সৈনিক মাথার সঙ্গে গান ঠেকিয়ে রেখেছে আর তিন আমেরিকান সৈনিক তার উপর নির্যাতন করছে। যখন এই প্রশ্ন উঠানো হয় যে, আমেরিকান সৈন্যরা যুদ্ধের এসব ছবি প্রকাশ করে কেন? উত্তরে পেন্টাগনের সরকরি অফিসার বলেছে, মানুষ এ ধরনের ছবি দেখলে দ্বিতীয়বার আর যুদ্ধ হবে না।

যুদ্ধের নামে নারীদের সঙ্গে ব্যাপকহারে যেই নির্যাতন ও বর্বর আচরণ চলছে, বিবেকবান প্রতিটি মানুষের উচিত তা বিশ্বকে অবগত করা। কারণ বিশ্বের সমস্ত মানুষ ইন্টারনেট সুবিধা পায় না। এমনকি আমেরিকান কংগ্রেস এবং সেন্টের সদস্যের যারা এ ধরনের অসংখ্য ছবি দেখেছে, তারাও এগুলোকে নিন্দনীয় বলেছে। কিন্তু তারাও এর জন্য কিছু করেনি।

আমেরিকার কিছু নারীবাদী সংগঠন এমন কিছু কাজ করছে, যা আমেরিকার মিডিয়াও করছে না। এরা তাদের ওয়েব সাইটে শুধু আমেরিকারই না বরং সমস্ত বিশ্বের নির্যতনের শিকার নারীদের সম্পর্কে সর্বশেষ রিপোর্টস এবং তথ্য সরবরাহ করছে। এ ছাড়া এই সংগঠনগুলো সেই সব নারীদের সম্পর্কে তথ্য সরবরাহ করছে, যাদেরকে পুলিশ এবং অন্যান্য রাষ্ট্রীয় অথরিটির পক্ষ হতে হয়রানি করা হয়। দুঃখের বিষয় হল, আমেরিকার মিডিয়া বুশ প্রশাসনের বিজ্ঞাপন পর্যন্তই সীমাবদ্ধ থাকে। এজন্য তারা এ বিষয়গুলো সম্মুখে আনে না। একটি প্রশ্ন যা অনেক নারীকেই পেরেশান করে যে, পুরুষরা অনর্থক নারীদেরকে বিশেষত স্ত্রীদেরকে নির্যাতন করে কেন? অথচ নারীরা কোমল হৃদয়ের মানুষ, সহজেই তারা অন্যের কথা মেনে নেয়! এর উত্তর হল, কিছু কিছু পুরুষদেরকে তাদের শৈশবে এবং যৌবনকালে উত্তম পদ্ধতিতে লালন পালন করা হয়নি। যার কারণে তারা অন্যায়ভাবে নির্যাতনের পথ বেছে নেয়। ইরাক এবং আফগানিস্তানে আমেরিকান সৈনিকদের নির্যাতন তারই প্রমাণ।

যৌন নির্যাতনের ব্যাখ্যা

বুশ প্রশাসন আমেরিকান সৈনিকদেরকে অনুমতি দিয়েছিল যে, তারা ইরাকে যে কোন ধরনের অন্যায় কাজ দমন করার জন্য সেখানকার আইন ব্যবহার করবে

পারে। এই অনুমতি আমেরিকান সৈনিকদেরকে লুণ্ঠন, নির্যাতন সব ধরনের অমানবিক কাজ করার উন্মুক্ত সুযোগ করে দিয়েছিল। আর অনেক সৈনিকই এই সুযোগকে শত ভাগ কাজে লাগায়। ইরাকে অদ্যাবধি সরকারী ভাবে যৌন নির্যাতনের ঘটনা খুব কমই সামনে এসেছে। কারণ ওখানকার নির্যাতনের শিকার পরিবারগুলো ইরাকের রক্ষণশীল সমাজের মানুষ। এ সম্পর্কে তারা অন্য কাউকে কিছু জানাতে চায় না। তারা চায় না জীবনের এই কালো অধ্যায় অন্য কেউ আর জানুক। কিন্তু সর্বশেষ সবচেয়ে ঘৃণ্য ও ন্যাক্কারজনক যেই ঘটনা সামনে এসেছে, তা হল, চৌদ্দ বছরের ছোট্ট একটি মেয়ে চার আমেরিকান সৈনিকের হিংস্রতার শিকার হয় এবং তাকে হত্যা করে মেরে ফেলে। মেয়েটির বাবা-মা এবং তার পাঁচ বছরের একটি বোনকেও জানোয়ারেরা মেরে ফেলে। এখানেই থেমে থাকেনি জানোয়ারেরা। নিজেদের পাপ ঢাকার জন্য সবাইকে ঘরের ভেতর রেখে পুরো বাড়িতে আগুন লাগিয়ে দেয়। এর প্রতিশোধ নিতে দুই আমেরিকান সৈনিককে হত্যা করা হয়। তখন বিষয়টি সবার সামনে চলে আসে। এই ঘটনা সমস্ত ইরাকিদের সঙ্গে সঙ্গে মুসলিম বিশ্বকেও ক্ষীপ্ত করে তোলে। যৌন নির্যাতন এবং অন্যান্য বর্বর কার্যক্রম আমেরিকান সৈনিকদের জন্য ডালভাত বিষয়। এমনকি আবু গারিব এবং গোয়ান্তানামোবেসহ বিভিন্ন জায়গায় তাদেরকে এ ধরনের অপরাধ করার জন্য উৎসাহিতও করা হয়। এই কেসকে আমেরিকান প্রশাসনের সিরিয়াসলি সমাধান করার একটি কারণ হল, আমেরিকা আন্তর্জাতিকভাবে এর জন্য ব্যাপকভাবে সমালোচিত হয়েছিল। অন্যদিকে আমেরিকান ওই সৈনিকরা এই ঘৃণ্য কাজ তাৎক্ষনিকভাবে করেনি। বরং এই কাজ করার এক সপ্তাহ পূর্ব থেকে তারা ওই পরিবারের তৎপরতার উপর নজর রাখছিল।

নির্যাতনের আমেরিকান পদ্ধতি

অনুসন্ধানী প্রতিবেদক বুরাডিউস লিখেছে, এই দৃশ্য দেখা এবং জানা অত্যন্ত কষ্টদায়ক যে, আপনারা শুধু নির্যাতনই নয় বরং যুবকদেরকে মরতেও দেখছেন। জেলের রক্ষিরা বন্দীদের কাছে বৈদ্যুতিক রড, বন্দুক এবং কুকুর নিয়ে দাঁড়িয়ে আছে। তাদেরকে গালিগালাজ করে এবং জমিনের উপর হামাগুড়ি দিতে বলে। কোন বন্দী এমন করতে বিলম্ব করলে তাকে সঙ্গে সঙ্গে ধাক্কা দিয়ে নিচে ফেলে দেয় এবং লাথি মারতে থাকে। এক কয়েদী জোরে জোরে চিৎকার করছিল। তার পায়ের গোড়ালিতে কুকুর কামড়িয়েছিল। আরেক পা ভাঙ্গা ছিল। তাকে

বৈদ্যুতিক শকট দেয়া হচ্ছিল। এই অবমাননাকর দৃশ্য ক্ষণে ক্ষণে ক্যামেরাবন্দিও করা হচ্ছিল।

আবু গারিব এবং গোয়ান্তানামোবে'র নির্যাতনের দৃশ্য ইরাকি কয়েদীদের ক্ষেত্রেও দেখা গিয়েছে। যাদেরকে কোন যুদ্ধক্ষেত্র থেকে পাকড়াও করা হয়নি। বরং তারা আমেরিকান নাগরিক। এই দৃশ্য টেক্সাসের জেলের। এগুলো আমেরিকারই কয়েদখানার নির্যাতনের সামান্য দৃষ্টান্ত, যা আপনাদের সম্মুখে পেশ করলাম। আমাদের এই তথ্য উড়োকথা কিংবা সন্দেহের ভিত্তিতে নয়। এগুলোর শক্ত প্রমাণ রয়েছে। এর ভিডিও ফুটেজগুলো আমেরিকা থেকে সংগ্রহ করা হয়েছে। এই প্রমাণ গোয়েন্দাদের হাতে কিভাবে আসল? এর উত্তর হল, আমেরিকার জেলরক্ষী নির্যাতনের সব ধরনের ঘটনা নিয়মতান্ত্রিকভাবে ক্যামেরা বন্দি করতে নির্দেশপ্রাপ্ত। এর উদ্দেশ্য ছিল, যাতে তদন্তের কাজ স্বচ্ছ হয়। আর বন্দীদের উপর সীমাতিরিক্ত শক্তি প্রয়োগ না হয়। কিন্তু এর দ্বারা কোনই ফয়াদা হয়নি। কারণ যারা এই ভিডিও ফুটেজ দেখবে, তাদের থেকে এগুলো গোপন রাখা হত। 'নির্যাতন এবং আমেরিকা' শিরোণামে ২০০৬ এর মার্চে বিবিসি চার মাসের অনুসন্ধানের উপর একটি ফিল্ম উপস্থাপন করে। দুর্ভাগ্যক্রমে সেটি পাকিস্তানে আনা সম্ভব হয়নি।

ভাড়াটে সৈন্য

একটা সময় ছিল যখন সৈনিক জাতির মোহাফেজ হত। এ কারণে তাদেরকে লাভ ক্ষতির দুনিয়া থেকে দূরে রাখা হত। তারা তাদের এই পেশাদারিত্বের বৈশিষ্ট্য ও স্বাতন্ত্রের কারণে গর্ব অনুভব করত। তারা নির্ধারিত নিয়ম অনুযায়ী যুদ্ধ নিরাপত্তা এবং যুদ্ধবন্দীদের সঙ্গে আচরণ করত। কিন্তু বর্তমানে প্রাইভেট সৈন্যের প্রচলন শুরু হয়েছে। বিশেষ করে আমেরিকায়। এটি নিয়মতান্ত্রিক সেনাবাহিনীর শক্তি ও বিশ্বস্ততার জন্য হুমকি। কিন্তু আমেরিকান সেনাবাহিনী এ ব্যাপারে প্রাইভেট কোম্পানীগুলোকে অনেক বেশি সাহস যোগাচ্ছে। ফলে আমেরিকায় পাবলিক সার্ভিসের মত সৈন্যদেরকেও পাবলিক সেক্টরে নিয়ে আসা হয়েছে। এমন অনেক দায়িত্ব, অতীতে যা সেনাবাহিনী করত, এখন তা প্রাইভেট প্রতিষ্ঠানগুলোর দায়িত্বে দেয়া হয়েছে। প্রকৃত সৈনিকদের এই কারবার মোকাবেলার পরিবেশ সৃষ্টি করে দিয়েছে। এরা শুধু আমেরিকান সেনাবাহিনীর জন্যই কাজ করে না, বরং তাদেরকে ভাড়াও খাটানো হয়। আমেরিকান সৈনিকদেরও প্রাইভেটাইজেশন শুরু হয়ে গিয়েছে। পেন্টাগনের দাবি, এর দ্বারা ট্যাক্স আদায়কারীদের অর্থ বাঁচে। এমনই যদি হয় তাহলে আমেরিকার প্রতিরক্ষা

বাজেট বার্ষিক ৩০০ বিলিয়ন ডলার কেমনে হয়? এটা যদি সঠিকও হয় তবুও এটা রিস্কি পদক্ষেপ। কারণ এসব যোদ্ধাদের উপর নিয়ন্ত্রণ খুবই যৎসামান্য। তা ছাড়া তাদের কাজের ব্যাপারে জবাবদিহী করতেও বাধ্য নয়। কিন্তু এমন মানুষদেরকে হায়ার করানো আমেরিকান সৈনিকদের জন্য স্বার্থের বিষয়। কারণ যে কোন ধরনের উলট পালট হলে তারা এই দাবি করতে পারে যে, তারা এর নির্দেশ দেয়নি। ব্রিটেন ও আমেরিকা পার্লামেন্টের বিশ্লেষণ থেকে বাঁচার জন্য এদেকে রাখছে। এমনকি এটি পররাষ্ট্র পলিসিরও অংশে পরিণত হচ্ছে। সৈনিকরা এখনও অনেক দায়িত্ব থেকে দায়িত্বমুক্ত হতে পারেনি। তাদেরকে এখনোও টর্চার এবং মানবাধিকারের বিরুদ্ধে নির্যাতন করার জন্য ভর্তি করা হচ্ছে। বিগত তিন দশকে আমেরিকা তার সেনাবাহিনীকে অর্ধেকে নামিয়ে এনেছে। কিন্তু বাস্তবতা হল এটি শুধু ভর্তি করার নিয়মের ভেতর পরিবর্তন করেছে। ইরাক যুদ্ধের সময় আমেরিকান সৈন্যের কমতি শুধু এ কারণেই। আমেরিকান সেনাবাহিনী এই প্রাইভেট সার্ভিস কর্পোরেশনকে খুব বেশি ব্যবহার করছে। এদেরকে আফ্রিকান গ্রুপের প্রশিক্ষণ করানোর জন্য ব্যবহার করা হচ্ছে। এমনিভাবে সিঙ্গাপুর, কলোম্বিয়া, ফিলিপাইন, জর্জিয়া, পশ্চিম কোরিয়া, নাইজেরিয়া, তাইওয়ান, ইউক্রাইন, বোসনিয়া, জাপান আরও অনেক দেশে প্রাইভেট কন্ট্রাক্টর ভর্তি করে যাচ্ছে। আমেরিকান সেনাবাহিনীর সবচেয়ে সংক্ষিপ্ত ব্রাঞ্চ যার সেবা ভাড়াভিত্তিক নেয়া হচ্ছে, সেটি আর্মি এবং বিমানবাহিনী। নাগরিকদের সঙ্গে সেনাকর্মকর্তাদের পরিবর্তন আয় বৃদ্ধির ক্ষেত্রে প্রভাব ফেলে। যা বিভিন্ন রাজ্যে নির্বাচিত আফিসারদের জন্য উপকারী হয়। এ কারণেই তারা কেন্দ্রীয় প্রতিরক্ষা বাজেটে বৃদ্ধির পক্ষে। যার আরেক অর্থ হল জেলাসমূহে কেন্দ্রীয় অর্থ বাড়ানো। গোটা বিশ্বে সৈনিকরা হয় নাগরিক কর্মচারি। কিংবা তাদের সম্পর্ক হয় সরাসরি সরকারের সঙ্গে। কিন্তু আমেরিকায় সেনাবাহিনী বিভিন্ন প্রাইভেট কোম্পানিগুলোকে কন্ট্রাকে রাখে। যা একদম নতুন পদ্ধতি। এই নিয়ম কষ্টদাকয়। কারণ তারা না সৈনিক, না সেনাবাহিনীর সাধারণ কর্মচারি। তাদেরকে সাধারণ সৈনিকের মত নির্দেশও দেয়া যায় না, উপরন্তু তারা সেনাবাহিনীর জন্য কাজ করার পরিবর্তে প্রাইভেট কোম্পানীগুলোর জন্য কাজ করে। যার উদ্দেশ্য জাতির প্রতিরক্ষার পরিবর্তে অর্থ কামানো। এ ধরনের ৩৫টি কোম্পানি ১০০ মিলিয়ন ডলারের মার্কেটে অংশীদার। আগামী পাঁচ বছরে এটি দ্বিগুণ হওয়ার সম্ভাবনা রয়েছে। এর মধ্যে অস্ত্র নির্মতারাও অন্তর্ভুক্ত। আমেরিকার আন্তর্জাতিক সাধারণ ক্ষমা বিষয়ক ডাইরেক্টর স্পষ্ট করেছে যে, আমেরিকা এমন স্বাধীন অঞ্চল প্রতিষ্ঠা করছে, যেখানে আইন ভঙ্গকারী ব্যক্তিকে কারো সম্মুখে জবাবদিহী করতে হবে না।

ফিদায়ীদের প্রশিক্ষণস্থল

ডব্লিউ রি গটম্যান 'ফিদায়ীদের রাজনীতি' গ্রন্থে লিখেছে, আমেরিকান আর্মির রক্তাক্ত উপহার হল স্কুল অফ আমেরিকান। যেখানে ঐতিহ্যবাহী নির্বাচন পদ্ধতি, প্রচারণামূলক কার্যক্রম, জাতীয় গণভোট প্রভৃতি ব্যর্থ হয়ে যায়, স্কুল অফ আমেরিকান (SOA) সেখানে সাহায্য করে। এটি একটি মডেল প্রতিষ্ঠান। এখানকার শিক্ষক ও শিক্ষার্থী ল্যাটিন আমেরিকার ক্রাইম বা অপরাধমূলক কর্মকা- নিয়ে কাজ করে। বিদ্রোহমূলক যুদ্ধ, মিলিটারী ইন্টেলিজেন্স টেকনিক, পদাতিক ও কমান্ডো প্রশিক্ষণ ও বনভূমিতে অপারেশন পরিচালনা ইত্যাদিও এর আওতায় রয়েছে। কিন্তু ল্যাটিন আমেরিকান সৈনিকদেরকে (SOA) স্কুল অফ আমেরিকায় তার দেশের সীমান্তকে বহিশক্তির দখল থেকে বাঁচানোর জন্য প্রস্তুত করা হয়। বরং তাদের লক্ষ নিজেদের লোকদের বিরুদ্ধে যুদ্ধ করা, সততাকে কবর দেয়া। সম্মিলিত স্বপ্নকে মাটিতে মিশিয়ে দেয়া। বেদনার আহাজারিকে দমন করা এবং প্রতিবাদকারীদেরকে অনুগত করা। এসওএ-যার বার্ষিক বাজেট চল্লিশ মিলিয়ন ডলার, এই সমস্ত সমালোচনাকে এ কথা বলে প্রত্যাখ্যান করে যে, শিক্ষাসমাপনকারী সদস্যদের কোন গ্রুপ অন্যায় ধরনের কার্যকলাপে লিপ্ত হয়, তাতে স্কুলের দোষটা কোথায়। ১৯৯৩ থেকে দ্বিতীয় জোজেফ কেনেডির তত্ত্বাবধানে আমেরিকানদের একটি গ্রুপ এই স্কুল বন্ধ করানোর জন্য চেষ্টা করে। কেনেডির বক্তব্য হল, এসওএ থেকে শিক্ষা সমাপনকারী ডক্টিটর এবং সৈনিক মৌলিক মানবাধিকার পরিপন্থি কাজে লিপ্ত। তাদের ব্যয় মিলিয়ন ডলার। আর এরা আমাদেরকে নীপিড়ক এবং লুণ্ঠকারী শাসক হিসেবে পরিচিত করাচ্ছে। এরপরও তারা এখন পর্যন্ত সফল হয়নি। এটাকে ফিদাইয়ীদের স্কুল হিসেবেও স্মরণ করা হয়ে থাকে। মৌলিকভাবে এদের দৃষ্টি ছিল ল্যাটি আমেরিকার রাষ্ট্রগুলোর উপর, যেই রাষ্ট্রগুলো প্রকৃতিক সম্পদে ভরপুর। এদের সবচেয়ে নিষ্ঠুর অপরাধ টোকাইদেরকে হত্যা করা। লিভ সিগান যে গোওয়াতে মালান সৈনিকের প্রধান ছিল, তার দায়িত্বে দশ লাখ মানুষ গুম হয়। যার মধ্যে বেশির ভাগ ছিল ঠিকানাহীন ও পরিচয়হীন শিশু। এরা মেরে ফেলাকেই এই শিশু সমস্যার সমাধান মনে করত। বিবিসি এর উপর একটা ডকুমেন্টরীও রিলিজ করেছে।

স্কুল অফ আমেরিকান ১৯৪৬ সালে পানামা কেনাল জোনে আমেরিকান সরকারের তত্ত্বাবধানে প্রতিষ্ঠিত হয়। ১৯৪৬ সালে ৬০,০০০ অফিসার এবং কিডস এবং ৩০০ ফ্যাকাল্টি মেম্বার ছিল। এসওএ বা স্কুল অফ আমেরিকাকে

স্কুল অফ ডিক্টিটরও বলা হয়। কারণ পরবর্তীতে অনেকেই আমেরিকা প্লট ডিক্টিটর হয়েছে। ব্রিটিশ পত্রিকার জর্জ মুতু বাইটের তথ্য অনুযায়ী স্কুল অফ আমেরিকা–এসওএ সন্ত্রাসীদের ক্যাম্প। এর শিকার নিউ ইয়র্কে হামলা, বোম্বিং এবং এ ধরনের অন্যান্য হামলায় মৃত লোকেরা। এসওএ'র অনেক ছাত্র এই মহাদেশের কট্টরপন্থী জালেম, খুনি, ডিক্টিটর এবং রাষ্ট্রীয় সন্ত্রাসী। এসওএ ওয়াচ গ্রুপ সহস্র পৃষ্ঠাব্যাপী কাগজপত্র তৈরি করেছে। যাতে এসওএ'র সদস্যদের হাতে ল্যাটিন আমেরিকার ধ্বংসাবস্থার উল্লেখ রয়েছে। এর প্রধান হল ফাদার রায় বরজি। যিনি একজন পাদ্রী। স্কুলের বিরুদ্ধে প্রতিবাদ করার কারণে দুই বছর জেল খাটতে হয় তাকে। তিনি বলেন, এসওএ গরীবদের থেকে ছিনতাই করে এবং ধনাঢ্যদেরকে অধিক সুদৃঢ় করে। যুদ্ধ অপরাধে লিপ্ত এই সদস্যরা যেখানে ইচ্ছা আসা যাওয়া করতে পারে। ১৯৯৩ সালে জাতিসংঘ এ কথার সত্যতা স্বীকার করেছে। এক দশকের বেশি সময় ধরে স্কুলটার বিরুদ্ধে দেশব্যাপী প্রতিবাদ চলছে। সরকার স্কুলটা বন্ধ করারও নির্দেশ দিয়েছিল। কিন্তু অন্য নামে আবার খুলেছে এবং দ্বিতীয়বার তাদের কর্মকা- চালিয়ে যাচ্ছে।

সুধী পাঠক, অনুমান করুন, আমেরিকা এমন এক সেনাবাহিনী তৈরি করছে, যারা মানুষকে পশুর চেয়ে নিকৃষ্ট মনে করে। কোন মুসলমানের উপর এভাবে নিষ্ঠুর নির্যাতন ও বর্বরতা চালানোর জন্য নানা কৌশল অবলম্বন করার অনুমতি রয়েছে। অজ্ঞাত গোপন কারাগারে এসব নির্যাতন চলমান রয়েছে।

সিআইএ এবং ব্ল্যাক ওয়াটারের বেআইনী কার্যক্রম

ব্ল্যাক ওয়াটারের পৃষ্ঠপোষকতায় আমেরিকান গোয়েন্দা সংস্থা বিশেষত সিআইএ এবং এফবিআই'র সদস্যরা অন্তর্ভুক্ত রয়েছে। সিআইএ'র মাধ্যমে ব্ল্যাক ওয়াটার আমেরিকা এবং ইউরোপে অনেক মুসলমানকেই শেষ ঠিকানায় পাঠিয়ে দিয়েছে। নাইন এলিভেনের পর ব্ল্যাক ওয়াটারের কাজ সুখ্যাতি লাভ করে এবং মানুষ বিভিন্ন জায়গায় ব্ল্যাক ওয়াটারের সদস্যদেরকে সিকিউরিটির জন্য চয়ন করে। আমেরিকার অভ্রস্পর্শী বিল্ডিং সহ সরকারী ও বেসরকারী ভবনে ব্ল্যাক ওয়াটারের হেলিকপ্টার সতর্ক অবস্থায় দাঁড়িয়ে থাকে। বর্তমানে যে কোন ভবন হলে তার ছাদে হেলিপ্যাড অবশ্যই থাকে। সিআইএ এবং আমেরিকা সরকার তাদের বিশেষ ছাড়ে করে ব্ল্যাক ওয়াটারকে হাজার হাজার হেলিকপ্টার দিয়ে দিয়েছে। যাতে ব্ল্যাক ওয়াটারের কালো কুকুরগুলো অতি সহজে আকাশেও ইচ্ছামত উড়তে পারে। ব্ল্যাক ওয়াটারের ঘৃণ্য প্রশিক্ষণ এবং খুনিবৃত্তির বিষয় ইউরোপ পর্যন্ত পৌঁছে গিয়েছে। ইউরোপে কয়েকজন মুসলমানকে সন্দেহভাজন

মনে করে ধরা এবং আমেরিকায় নিয়ে আসার কাজ ব্ল্যাক ওয়াটারের দায়িত্বে অর্পিত। কারণ আমেরিকা তার সেনাবাহিনীকে নির্দ্বিধায় কোনো জায়গায় ঝুঁকি নেয়ার চেয়ে ব্ল্যাক ওয়াটারের ভাড়াটে সৈন্যদেরকে মৃত্যুর মুখোমুখি করতে বেশি মজা পায়।

ইতালি সরকার অইরোপিয়ান এবং মুসলমান নাগরিকদের অপহরণ এবং নির্যাতনের বিরুদ্ধে নিয়মতান্ত্রিকভাবে আদালতি তদন্ত করছে। আর এই তৎপরতা তৃতীয় বিশ্বের দুর্বল কোন দেশের কর্মকর্তাদের বিরুদ্ধে নয় বরং সুপার পাওয়ার আমেরিকার কুখ্যাত গোয়েন্দা প্রতিষ্ঠান সিআইএ'র বিরুদ্ধে। তারা সিআইএ'র ২৫ জন এজেন্টদের বিরুদ্ধে ইটালি আইন লঙ্ঘন করার মামলা দায়ের করেছে। আর ইটালি প্রশাসন আদালতে শুনানির সময় জবানবন্দিমূলক যেই বিবৃতি দেয়, তাতে সিআইএর বেআইনি তৎপরতার বিবরণ সামনে আসে। ইটালির মায়লান শহরে গত সপ্তাহে ইটালি মিলেটারী ইন্টেলিজেন্সের প্রধান এ্যাডমিরাল জিয়ান ফ্রানকো বেটিলির বর্ণনা রেকর্ড করা হয়েছে। যার বিবরণ আমেরিকান পত্রিকাগুলোতে প্রকাশিত হয়েছে।

২০০১ এর ১১ সেপ্টেম্বরের কিছু দিন পর সিআইএ'র স্টেশন চিফ এডমিরাল রোমে এ্যাডমিরাল বেটিলির সঙ্গে সাক্ষাত করতে যায় এবং জিজ্ঞাসা করে যে, আপনি কি সন্দেহভাজন সন্ত্রাসীদেরকে অপহরণ এবং দেশের বাইরে নিয়ে যেতে সিআইএ'র সহযোগিতা করবেন কি না। কিন্তু সে এ কথা বলেনি যে, সে কাদেরকে অপহরণ করতে চায়। আরেকজন কর্মকর্তা জেনালের গোস্তাভূদ পাজনিরো এর বর্ণনা অনুযায়ী বছর খানিক পর আবার ফরমায়েশ করে। এবার সিআইএ'র লোকেরা দশজনের লিস্ট দেখায়। এদের প্রত্যেকেই ছিলেন মুসলমান। অস্ট্রেলিয়া, বেলজিয়াম, হলান্ড এবং ইটালিতে যাদের উপর সিআইএ নজর রেখে যাচ্ছিল। জেনারেল পাজনিরো বলেন, ২০০২ সালে সিআইএ এই প্রস্তাব পেশ করেছিল যে, তারা ইটালি কমিউনিস্ট সংগঠনের রেড ব্রিগেডের একজন লিডার, যে দক্ষিণ আমেরিকায় আত্মগোপন করে আছে, তাকে অপহরণ করে ইটালিকে হস্তান্তর করবে। বিনিময়ে ইটালি সন্দেহভাজন ইটালি মুসলমানদেরকে অপহরণ করে দেশের বাইরে নিতে সহযোগিতা করবে। ইটালি প্রশাসন সহযোগিতা করার প্রস্তাব অস্বীকার করে। কারণ তারা আন্তর্জাতিক নিয়ম অমান্য করে কমিউনিস্ট লিডারকেও দেশে আনতে চায় না। আবার নিজের নাগরিকদেরকেও নিজের আইন অমান্য করে সিআইএ'র হাতে তুলে দিতে চায় না।

যে সব লোকদেরকে অপহরণ করা হয়, পরবর্তীতে তাদেরকে Rendition এর মধ্যমে তৃতীয় কোন দেশের কাছে হস্তান্তর করা হয়। এগুলো এমন দেশ যেখানে বিশেষ কোন আইনকানুন ও নিয়ম নীতি নেই। এই রাষ্ট্রগুলো মানবাধিকার লঙ্ঘনের ব্যাপারে কুখ্যাত। এর মধ্য থেকে বেশির ভাগ মানুষকে কায়রোতে প্রেরণ করা হয়েছিল। ইউরোপিয়ান কান্ট্রিগুলো হতে চারজনকে অপহরণ করা হয়েছিল। যারা সুইডেন, ম্যাসেডোনিয়া এবং ইতালিতে ছিল। আর ছয়জনকে সফরকালীন সময়ে অপহরণ করা হয়েছিল। এদের কয়েকজন পাকিস্তানে গ্রেফতার হয়েছিল। ইটালির গোয়েন্দা সংস্থার কয়েকজন এজেন্ট এ কাজে তাদেরকে সহযোগিতা করেছিল।

অপহরণের বিখ্যাত ঘটনা হল হাসান মোস্তফার। ২০০৩ এর ফেব্রুয়ারী মাসে মায়লানের এক রাস্তা থেকে অপহরণ করা হয়। ইনি ছিলেন মিশরীয় নাগরিক। ইটালি প্রশাসন তার গায়েব হওয়াকে ভেবেছিল সে হয়ত ইরাকে চলে গিয়েছে। যাতে সে সেখানে আমেরিকান আক্রমনের বিরুদ্ধে প্রতিরোধ আন্দোলনের অংশ নিতে পারে।

সিআইএ'রা রোমে একটা ইন্টেলিজেন্স ব্যাটালিয়ান চালু করেছে। যাদের লক্ষ্য হল ধোকা দেয়া। ব্যাটালিয়ানে দাবি করা হয়েছিল যে নাসারকে বলকানের এক অঞ্চলে দেখা গিয়েছে। পরে জানা গিয়েছে যে, মায়লানের এক মসজিদে নামায পড়তে যাওয়ার সময় সিআইএ'র এজেন্টরা তাকে অপহরণ করে একটি সাদা ভ্যানে উঠায়। এরপর তাদের বিশেষ বিমানের মাধ্যমে জার্মানিতে Ramstein Air Base নিয়ে যাওয়া হয়। সেখান থেকে তাকে কায়রোতে পাঠানো হয়। নাসরের দাবি, সেখানে তাকে কঠিন নির্যাতন করা হয়। যেমন বিদ্যুৎ শকট দেয়া হয়। যৌন হয়রানি করা হয়।

নাসরের এক বন্ধু জামাল আল মানশাবী অস্ট্রেলিয়ার গ্রীস শহর থেকে হজের উদ্দেশ্যে মক্কায় যাচ্ছিল। সেখানে তার পরিবার তার অপেক্ষায় ছিল। কিন্তু তিনি সেখানে পৌঁছেননি। তার আম্মান (জর্দান) পর্যন্ত পৌঁছার রেকর্ড ছিল। তাকে সেখান থেকে অপহরণ করে মিশরে পাঠানো হয়। সেখাসে সে দুই বছর বন্দী থাকে। এরপর ২০০5 সালে তাকে মুক্তি দেয়া হয়।

২০০৩ এর ১২ জানুয়ারী সুদানী বাসিন্দা মাসআদ ওমর বাহরী সুদান থেকে ভিয়ানায় অবস্থিত তার পরিবারের নিকট যাচ্ছিল। জর্দানের সিক্রেট সার্ভিস তাকে এয়ারপোর্ট থেকে অপহরণ করে। সে অস্ট্রেলিয়াতে দশ বছর বসবাস করেছিল। তিনি ইউরোপি পার্লামেন্টের জন্য তদন্তকারীদেরকে বলেছে যে, তাকে জর্দানে তিন বছর রাখা হয় এবং অস্ট্রেলিয়ার কট্টরপন্থিদের সম্পর্কে

জিজ্ঞাসাবাদ করা হয়। তাকে নিশ্চিন্ত করার জন্য বলা হয়, তাকে সন্ত্রাসী মনে করা হচ্ছে না। কিন্তু সে তথ্য দিতে পারে। ওয়াশিংটন পোস্ট সরকারী নথিপত্রের উদ্ধৃতি দিয়ে বলেছে যে, ১৯৯৮ থেকে সামুদ্রিক অস্ট্রেলিয়ার জাতীয় গোয়েন্দা সংস্থা সার্ভিসের নজরদারিতে ছিল। যখন ভিয়ানস্থ আমেরিকান দূতাবাস বোমা মেরে উড়ে দেয়ার পরিকল্পনা প্রকাশ হয়।

ইসলামিক গ্রুপ অফ অস্ট্রেলিয়ার চেয়ারম্যান মুহাম্মাদ মহমুদের বক্তব্য হল, আমেরিকান সরকার ইউরোপে লক্ষ্য করে কে উচ্চ আওয়াজে কথা বলছে, কে দ্ব্যার্থহীন ভাষায় মুখ খুলছে। আমেরিকা এ ধরনের মানুষকে অপহরণ করে।

২০০১ এর ১১ সেপ্টেম্বরের পরে প্রেসিডেন্ট জর্জ বুশ ঘোষণা করেছিল যে, সন্ত্রাস চাই সে যেখানেই থাকুক, তাকে ইনসাফের কুঠুরিতে নিয়ে আসা হবে। আন্তর্জাতিক আইন অনুযায়ী আপনি যদি কোন দেশ থেকে তার নাগরিককে অথবা সেখানে আইন অনুযায়ী বসবাসকারী কোন ব্যক্তিকে নিজের দেশে এনে তার বিরুদ্ধে মামলা চালাতে চান, তখন আপনার দেশ ও সেই দেশের মাঝে আসামি বিনিময়ের চুক্তি সম্পাদন করা আবশ্যক। এরপর আপনি সেই দেশ থেকে আপনার প্রত্যাশিত ব্যক্তিকে এনে আপনার দেশের আইন অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে পারবেন। কিন্তু যাদেরকে গুম করা কিংবা চুপ করানো লক্ষ্য, তারা তো কোন অপরাধ করেনি, এজন্য সাধারণ নিয়ম অনুযায়ী সাধারণ আদালতগুলোতে তার বিরুদ্ধে কোন অভিযোগ প্রমাণ করা যায় না।

১১ সেপ্টেম্বরের পর অসংখ্য আইন তৈরি করা হয়েছে। যা আন্তর্জাতিক আইন থিউরির সঙ্গে উপহাস। কিন্তু এই আইনের আলোকেও অধিক মানুষের বিরুদ্ধে অপরাধী প্রমাণিত করা কষ্টকর। আমেরিকান সরকার মানুষকে খামুশ করে দিতে চায়। কেউ সত্য কথা বললে তাকে চুপ করিয়ে দেয়া জরুরী হয়ে যায়। কারণ সত্যকথন আমেরিকার স্বার্থের পরিপন্থি। আগে আমাদেরকে দৃষ্টান্ত দেয়া হত যে, যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় কান্ট্রিগুলোতে গণতন্ত্র এবং ন্যায় বিচার ব্যবস্থা রয়েছে। আর তৃতীয় বিশ্ব বিশেষত ইসলামী বিশ্বে মানবাধিকারের রক্ষণাবেক্ষণ এই ন্যায়বিচার নেই। এখন আমেরিকা ইউরোপীয় কান্টিগুলো থেকে অভিযোগহীন ব্যক্তিদেরকে অপহরণ করে তাদের ন্যায় বিচারের কুঠুরিতে না নিয়ে মিশর, জর্দান এবং অন্যান্য দেশগুলোতে নিয়ে যায়। আর এই দেশগুলো নির্যাতনের জন্য বিখ্যাত। সিআইএ পূর্ব ইউরোপের দেশগুলো বিশেষভাবে রুমানিয়ায় গোপন কয়েদখানা বানিয়ে ছিল। রুমানিয়া এবং পূর্ব ইউরোপকে এজন্য নির্বাচন করা হয়েছিল, কারণ শীতল যুদ্ধের দিনগুলোতে সেভিয়েত ইউনিয়নকে ভাঙ্গার জন্য সেখানে সিআইএ'র নেটওয়ার্ক বিদ্যমান ছিল।

ওখানকার সেনাবাহিনী, রাজনীতিবিদ এবং গোয়েন্দ সংস্থাগুলোতে সিআইএ'র গভীর সম্পর্ক ছিল। এরা সেই সব মানুষ যারা সেভিয়েত ইউনিয়ন ভাঙ্গার পূর্বে সিআইএ'র থেকে ভাতা নিত।

মুসলমানদেরকে নির্যাতন করার জন্য গণতন্ত্রী দেশগুলো থেকে মানবাধিকার লঙ্ঘনের রেকর্ডধারী দেশগুলোতে পাঠানোর কর্ম থেকে বোঝা যায়, আমেরিকা মুসলমানদের সঙ্গে ইনসাফ করা পছন্দ করে না। সে মুসলমানদেরকে অপহরণ করে অথবা কতিপয় মুসলিম রাষ্ট্র থেকে ভেড়া-বকরির মত ক্রয় করে জেলখানাতে পঁচায়। অথবা মৃত্যুর দুয়ারে পৌঁছে দেয়।

নির্যাতনের জীবন্ত দৃষ্টান্ত

আমেরিকান প্রেসিডেন্ট জর্জ ওয়াকার বুশ চরম মিথ্যাচারের আশ্রয় নিয়ে ভাষণ দিয়েছে যে, আমেরিকান প্রশাসন বন্দিদেরকে নির্যাতন করার অনুমতি দেয় না। তার এই নির্জলা মিথ্যাচারের প্রমাণ তার ভাইস প্রেসিডেন্ট ডিক চেনিই দিতে পারে। যিনি একদিন পূর্বে এই সত্য উন্মোচন করেছিলেন। তার মতে বন্দি সন্দেহভাজন সন্ত্রাসীদের থেকে তথ্য নেয়ার জন্য তাদেরকে পানির ভেতর ডোবানোর শাস্তি দেয়া বৈধ। প্রেসিডেন্ট বুশকে এ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, আমেরিকা কষ্ট দেয়ার পদ্ধতি ব্যবহার করেও না, আর করবেও না কখনো। অথচ বাগরাম এবং গোয়ান্তানামোবের টর্চারসেলগুলোর দেয়ালে দেয়ালে আমেরিকান হিংস্রদের পক্ষ হতে আলকায়েদার সদস্য, তালেবান এবং ইরাকের স্বাধীনতাবাদী উপর কৃত নির্যাতনের হিংস্র ও ভয়াবহ উপাখ্যান খোদিত হয়ে আছে।

নির্দয়তা ও নিষ্ঠুরতায় ডিক চেনিও দৃষ্টান্তবিহীন। বুশ এমন অপরিণামদর্শী প্রেসিডেন্টকে আফগানিস্তান এবং ইরাকের উপর একের পর এক আক্রমণ করার পথ ডিক চেনি এবং তার ইহুদী উপপ্রতিরক্ষা মন্ত্রী পল ভেলফুটস (বর্তমান চেয়ারম্যান বিশ্বব্যাংক) এর মত ধূর্তরা সাজিয়েছিল এবং গ্রেফতারকৃত আফগানী এবং আলকায়েদা সদস্যদেরকে দিয়েছিল। ডিক চেনি যার জোরদার সমর্থন করেছিল। ২৪ অক্টোবর স্কাট হেনিন রেডিও ইন্টারভিউয়ে ডিক চেনিকে জিজ্ঞাসা করেন যে, অন্যদের জীবন বাঁচানোর জন্য কোন বন্দীকে পানির ভেতর চুবিয়ে ধরা কি No-brainer তথা মস্তিষ্কে অধিক বল প্রয়োগ হতে বিরত থাকা? পাষাণ ডিক চেনি ডাটের সঙ্গে উত্তর দেয় 'আমার নিকট এটা No-brainer। অবশ্য এটা খুব অল্প সময়ের জন্য করা হয়ে থাকে। কিন্তু আমার বিরুদ্ধে সমালোচনা করা হচ্ছে যে, আমি ভাইস প্রেসিডেন্ট নির্যাতনের পক্ষে। আমরা আসলে

নির্যতান করি না। আমরা আন্তর্জাতিক চুক্তিকে সম্মান করি এবং তাকে রক্ষণাবেক্ষণ করি। যার উপর আমরা স্বাক্ষর করে রেখেছি। কিন্তু বাস্তবতা হল আপনি নির্যতান করা ছাড়া বিশেষ কিছু আইনি পরিধিতে থেকে তদন্ত কাজ সম্পন্ন করতে পারেন।

ইসলামের দুশমন এবং কট্টর সাম্প্রদায়িক চেতনায় উদ্দীপ্ত ক্রুসেডার ডিক চেনিও মিথ্যাচারে তার প্রেসিডেন্টের মতই পটু। তার 'আন্তর্জাতিক চুক্তির রক্ষণাবেক্ষণের উপাখ্যান নাইন ইলেভেনের পর শুরু হওয়া ক্রুসেডের সেই সব লজ্জকর ছবির আকারে বিশ্ববাসীর নিকট এসেছে যা আবু গারিব এবং গোয়েন্তানামোবে'র জাহান্নাম থেকে প্রতিনিয়ত বের হচ্ছে। মুসলমান বন্দিদের সঙ্গে আমেরিকানদের ঘৃণ্য আচরণ এবং ডিক চেনির পক্ষ হতে নির্যাতন করার সহযোগিতার নিন্দা জানিয়ে এ্যামনেস্টি ইন্টারন্যাশনাল ইউএসএ'র এক্সিকিউটিভ ডাইরেক্টর লেরি কাকাস বলেছেন, (নিষিদ্ধ ঘোষিত শাস্তি) মস্তিষ্কের উপর অধিক বল প্রয়োগের সমর্থন দিয়ে আর কেউ নয় বরং আমেরিকান ভাইস প্রেসিডেন্ট নির্যাতনের সহযোগিতা করছে। আর হিউম্যান রাইটস ওয়াচ (ওয়াশিংটন)এর এডো কেসি ডাইরেক্টর নম মেলফো স্কি ভাইস প্রেসিডেন্টের এক হাত নিয়ে বলেন, ইরান বা শাম যদি কোন আমেরিকানকে কয়েদ করে, ডিক চেনির দৃষ্টিকোণ থেকে কি এটি উত্তম কাজ হবে না যে তারা ওই আমেরিকানের মাথা পানির ভেতর ডুবিয়ে রাখবে। এমনকি তার জীবনের বারোটা বেজে যাবে। আচ্ছা তিনি কি মনের করেন, ইরানী ও সিরিয়দের জীবন বাঁচানোর জন্য এমন পন্থা অবলম্বনের প্রয়োজন রয়েছে?

বন্দিদের উপর আমেরিকানদের বর্বর ও নিষ্ঠুর আচরণের কিছু ঘটনা সাম্প্রতিক সময়ে প্রকাশিত হয়েছে। এএসপি'র তথ্যানুযায়ী জেডডিএফ পাবলিক টিভি'র এক রিপোর্টে বলা হয়েছে যে, জার্মান প্রশাসন এ ধরনের সংবাদের উপর পর্দা ফেলার চেষ্টা করছে যে ২০০১ এর শেষের দিকে বসনিয়ার ভেতর আমেরিকান এক গোপন বন্দিখানায় একজন বয়বৃদ্ধ জার্মান নাগরিককে শাস্তি দেয়া হয়েছিল। সরকারি নথিপত্র অনুযায়ী কেন্দ্রীয় পুলিশ (BKA) এবং ফার্ন এন্টেলিজেন্স সার্ভিস (BND) জানতে ছিল যে, আবদুল হালিমকে উত্তর পূর্ব বসনিয়ায় তাজলার আমেরিকান সেনাঘাঁটিতে বন্দি করে রাখা হয়েছিল। তার নিকট মিশর এবং জার্মান পাসপোর্ট ছিল এবং ব্রাইউদ থেকে গ্রেফতারা করা হয়েছিল। BKA এবং BND এর কর্মকর্তারা তাজলায় আমেরিকান আমেরিকান ক্যাম্প পরিদর্শন করে আবদুল হালিমের সঙ্গে সাক্ষাত করেছিল। ৭০ বছরের সন্দেহভাজন সন্ত্রাসীর মাথায় রাইফেলের বাট দিয়ে আঘাত করা হয়েছিল। তার

ক্ষতস্থানে বিশটা সেলাই দিতে হয়। একজন জার্মান পুলিশ অফিসার তাজলার আমেরিকান ঘাঁটিতে যা কিছু চাক্ষুষ দেখেছে, সেটাকে বসনিয়ার সারবুর যুদ্ধাপরাধের সঙ্গে তুলনা করেছে।

আবু গারিব জেলের (বাগদাদ) সৈনিদকের থেকে অনুসন্ধান করা এবং তাদের বিরুদ্ধে মামলা পরিচালনাকারী আর্মি জজ এ্যাডভোকেট জেনারেল টিমের সদস্য ক্রাস্টাফ গ্রেয়ো লাইন গত মাসে ওয়াশিংটন পোস্টে লিখেছে, চাক্ষুষ সাক্ষ্য থেকে জানা গিয়েছে যে, কয়েদিদের সঙ্গে বর্বর আচরণ করার অধিকাংশ ছবির তাদের তদন্তের সঙ্গে কোন সম্পর্ক ছিল না। জেলের রক্ষিরা (আমেরিকান) নিছক চিত্তবিনোদনের জন্য এসব ঘৃণ্য ও বর্বর আচরণ করেছিল।

আর আর্মি মেজর জেনারেল জর্জ ফাই যিনি আবু গারীবের তদন্ত/পরিদর্শন করেছেন, তিনি তার রিপোর্টে লেখেন, আর্মি গার্ড বলেছে, তারা অজ্ঞাত মানুষকে সিভিল পোশাকে দেখেছে। যারা কয়েদীদেরকে সঙ্গে নিয়ে যেত আর গার্ডদেরকে বলত, এই কয়েদীদের পরিচয় নাম্বার বলবে না। এটা জেনেভা কনভেনশনের নিয়মের পরিপন্থী ছিল। কিন্তু ওই সিভিলিয়ানরা বলত, তাদেরকে নিয়ম ও আইন লঙ্ঘণ করার অনুমতি দেয়া হয়েছে। তদন্ত বুথে বৈধতা দেয়া হয়েছে এমন অনেক নিয়মপরিপন্থী আচরণ উদঘাটিত হয়েছে। আবু গারিবে সিআইএ'র তদন্তের একটি ঘটনায় নির্যাতন সহ্য করতে না পারার কারণে এক ব্যক্তির মৃত্যু ঘটে।

এক সেনা তদন্তকারী চিফ ওয়ারেন্ট অফিসার লিউস ভেলশুফার কঠিন (Harsh) তদন্তের অস্পষ্ট ভাষায় ইচ্ছামত কথা বের করতে গিয়ে এক ইরাকি জেনারেলকে স্লিপিং ব্যাগে শুইয়ে দেয়। ব্যাগের চারপাশে বিদ্যুতের তার বাঁধে। এরপর তার বুকের উপর উঠে ভয় দেখাতে থাকে যে, সে মুখ না খুললে দম আকটে মারা যাবে। আর ওই পোড়া কপালে সত্যি সত্যি দম আটকে মারা যায়। আবু গারিব ছাড়া অন্য কোনো যুগে কি এই ঘটনা ঘটেছে? সেনাবাহিনীর পক্ষ হতে ভেলশুফার উদাসীনতাবশত মানুষ হত্যার অপরাধী সাব্যস্ত করা হয়। ক্রাস্টাফার গ্রিও লাইনের তথ্য অনুযায়ী প্রেসিডেন্ট বুশ সাম্প্রতিক সময়ে নতুন যেই তদন্ত আইনের উপর দস্তখত করেছে, তাতে এ কথা স্পষ্ট করা হয়নি যে, এমন কাজে লিপ্ত সিভিলিয়ান তদন্তকারীর বিরুদ্ধেও মামলা চলবে। কারণ এটা প্রমাণ করা অসম্ভব হবে যে, তদন্তকারী নির্যাতন করতে অথবা কঠিন ও নির্মম শারিরীক ও মানসিক কষ্ট দেয়ার বিশেষভাবে ইচ্ছা রাখে। গ্রিওলাইন আরও লেখে, দুর্ভাগ্যবশত এই নতুন আইন প্রণয়ন থেকে এ কথা প্রকাশ পায় যে, প্রশাসন এবং কংগ্রেস উভয়ে আবু গারীবে (ইরাক) কয়েদীদের সঙ্গে অসদাচরণ

থেকে শিক্ষা নিতে ব্যর্থ হয়েছে। বুশ যাকে 'সবচেয়ে বড় ভুল' বলে সাব্যস্ত করেছে।

এর অর্থ হল, আমেরিকান সৈনিক এবং সিআইএ মুসলমান কয়েদীদেরকে নিয়মিত নির্যাতন করার অনুমিত দিয়েছে। অথচ প্রেসিডেন্ট বুশ সম্প্রতি বড় গর্ব করে বলেছিল যে, আলকায়েদার মাস্টার মাইন্ড খালিদ শায়েখ মুহাম্মাদ থেকে কথা বের করার জন্য যেই অস্ত্র প্রয়োগ করা হয়েছে, তাতে সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধে অনেক সহযোগিতা হয়েছে। এই তদন্ত কৌশলে 'ওয়াটার বোর্ডিং'ও শামেল ছিল। নিউজ উইক এই নির্যাতন পদ্ধতি সম্পর্কে লিখেছে যে, এই পদ্ধতি স্পেন আবিস্কার করেছে। শাস্তির পদ্ধতি হল, মুখ নিচের দিকে করে ঝুলিয়ে দেয়া পর চিকন একটা পাইপের মাধ্যমে কয়েদীর নাকের ছিদ্রে পানির ফোটা দেয়া হয়। এতে কিছুক্ষণ পরই মনে হতে থাকে যে, মানুষ পানির ভেতর ডুবে যাচ্ছে।

এ সম্পর্কে 'দি নেশন' এর বিশেষ সংবাদদাতার রিপোর্টও (২০০৬ সালের ২৮ আগস্ট) বিষয়টাকে স্পষ্ট করেছে। সে লিখেছে, আমেরিকা গোয়ান্তানামোবে'র কয়েদীদের সাথে তাদের পক্ষে নিযুক্ত উকিলদের যোগাযোগ সীমিত করার চেষ্টা করে যাচ্ছে। কারণ প্রশাসন কয়েদীদেরকে উত্তেজনামূলক তথ্য দিয়েছে। যেমন আবু গারীব জেলে অসদাচরণের রিপোর্ট এবং সন্ত্রাস হামলা সম্পৃক্ত পত্রিকা কাটিং, আমেরিকান সরকার আগস্টে ফেডরাল আপিলস কোর্ট ওয়াশিংটনে নতুন রুলস পেশ করেছিল। যা গোয়ান্তানামোবে'র কয়েদীদের কেসের বিষয়ে তার উপর নীরিক্ষা করছিল। আদালত এই নতুন রুলের মনজুরী দিলে এর আলোকে কয়েদী পক্ষের উকিলগণ মাত্র চারবার তার মক্কেলের সাথে সাক্ষাত করার অনুমতি পাবে। অথচ আগে সাক্ষাতের ব্যাপারে কোন বাধ্যবাধকতা ছিল না। উপরন্তু সরকার এই সাক্ষাতে আলোচনার বিষয় নিয়ন্ত্রণ করতে পারবে এবং বন্দি ও উকিলদের মাঝে চিঠির মাধ্যমে মতবিনময়ও সীমিত করতে পারবে।

নাইন ইলেভেনের দুর্ঘটনার পর বুশ প্রশাসন বন্দিদের নাম এবং তাদের সম্পর্কে অন্যান্য তথ্য গোপন রাখত। তাদেরকে উকিলের সেবা গ্রহণের অনুমতি দিতেও অস্বীকার করত। এরপরও উকালায়ে সাফায়ী ২০০৪ সালে কয়েদীদের সঙ্গে সাক্ষাত করার অধিকার অর্জন করতে সফল হয়। যখন কিউবার সেনাঘাঁটিতে ৪৫০ জনের মত সদস্য সম্পর্কে আমেরিকান সুপ্রিম কোর্ট রুলিং দেয় যে, সে তার বন্দিকে কেন্দ্রীয় আদালতে চ্যালেঞ্জ করতে পারবে।

(WHO) World Health Organization

ডাক্তারি একটি অতিশয় সম্মানজনক পেশা। কিন্তু এ পেশার দৃষ্টান্ত হলো তরবারির মতো। তরবারি যদি আল্লাহভক্ত মানুষের হাতে থাকে, তাহলে সমগ্র মানবতার জন্য রহমতের কাজ দেয় এবং মানবতাকে সব ক্ষতিকর ব্যাধি থেকে রক্ষা করে। কিন্তু এই তরবারি যদি ধর্মহীন ও আল্লাহর শত্রুর হাতে চলে যায়, তাহলে মানবতার ধ্বংসের কারণ হয়ে যায়। ডাক্তারি পেশাটিও আজ ঠিক অনুরূপ হয়ে গেছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার বক্তব্যকে মিডিয়ার মাধ্যমে এমনভাবে উপস্থাপন করা হচ্ছে, যেন এগুলো আকাশ থেকে অবতীর্ণ অহি যে এই সংস্থাটির কোনো কথা ভুল হতেই পারে না। কিন্তু আপনি কি জানেন, (WHO) আসলে কী? এর হর্তাকর্তা কারা? এর ফান্ড কারা জোগান দেয়? এর মূল লক্ষ্য মানবতার সেবা, না অন্য কিছু?

এখানে আমরা শুধু এটুকু বলব যে এ সংস্থাটি শতভাগ ইহুদি প্রতিষ্ঠান, যার কাজ হলো এমনসব বস্তু আবিষ্কার করা, যেগুলো ইবলিসি মিশন বাস্তবায়নে ইহুদিদের জন্য সহায়ক প্রমাণিত হয়। চাই তা বিনাশমূলক হোক কিংবা গঠনমূলক। দৃষ্টান্তস্বরূপ এখানে আমরা সংক্ষেপে কয়েকটি বস্তুর প্রতি ইঙ্গিত করব যে (WHO) ইহুদি স্বার্থের পক্ষে কিভাবে পথ সুগম করছে।

প্রাকৃতিক খাদ্যদ্রব্য আল্লাহপাক মানুষের প্রয়োজনে সৃষ্টি করেছেন এবং প্রতিটি ভূখণ্ডে সেখানকার মানুষের মেজাজ, মৌসুম ও ভৌগোলিক অবস্থান হিসেবে নানা প্রকার ফলমূল ও শাকসবজি উৎপন্ন করেন। এসব বস্তুসামগ্রী সেই দেশের নাগরিকদের মালিকানা ছিল। নিজেদের ক্ষুধা নিবারণে তারা কারো মুখাপেক্ষী হওয়ার কথা ছিল না। নিজেদের উৎপাদিত ফসল নিজেরাই ভোগ করত। কিন্তু আল্লাহর শত্রু ইহুদিগোষ্ঠীর বিষয়টি সহ্য হলো না। তারা এসব উৎপাদনকে নিজেদের হাতে নিয়ে নেওয়ার পরিকল্পনা প্রস্তুত করল। ঠিক এমন, যেন এই গোষ্ঠীটি আল্লাহর অবতারিত মান ও সালওয়ায় সন্তুষ্ট না হয়ে অর্থব্যবস্থাকে নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে নেওয়ার লক্ষ্যে আল্লাহর কাছে সবজি ও ডালের আবেদন জানিয়েছিল, যাতে সম্পদ কুক্ষিগত করে নিজেদের দুষ্ট স্বভাবের প্রকাশ ঘটাতে পারে।

এর জন্য তারা 'World Health Organization-এর মাধ্যমে এমন আদেশ জারি করিয়ে নিল, যার আওতায় প্রাকৃতিক খাদ্য ও পানীয় সামগ্রীকে স্বাস্থ্যের জন্য ক্ষতিকর সাব্যস্ত করা হয়েছে। এর ফলে বিশ্ব ধীরে ধীরে প্রাকৃতিক খাদ্য ও

পানীয় সামগ্রী থেকে দূরে চলে গেছে এবং মাল্টিন্যাশনাল কোম্পানিগুলোর প্রস্তুতকৃত খাদ্যসামগ্রীর ওপর নির্ভরশীল হয়ে পড়েছে। অথচ মাল্টিন্যাশনাল কোম্পানিগুলো যেসব খাদ্য-পানীয় সামগ্রী প্রস্তুত করছে, সেগুলোতে সাধারণত নষ্ট ও মানহীন উপাদান ব্যবহার করা হয়ে থাকে। বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোর বেলায় তো তারা কোনোই আইনের ধার ধারে না।

১৯৯৭ সালে সৌদি বাণিজ্য মন্ত্রণালয় হেডসন ফুড কোম্পানির বিরুদ্ধে জীবাণু সংক্রমিত গোশত সরবরাহের অভিযোগ আরোপ করে প্রতিষ্ঠানটিকে কালো তালিকাভুক্ত করেছিল। তারপর সরকার আমেরিকাসহ সব কটি পশ্চিমা রাষ্ট্র থেকে গোশত আমদানির ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছিল। *[ডন, ২৪ ডিসেম্বর ২০০৪]*

ইহুদি মাল্টিন্যাশনাল কোম্পানিগুলো স্টিলের কারখানা তৈরি করে তার দ্বারা অর্থ উপার্জন করতে চাইল। এই পণ্যটির জন্য তারা বাজারের সন্ধানে নেমে পড়ল। এখানে তারা তাদের উৎপাদিত এই পণ্যটি বিক্রি করবে। এর জন্যও তারা আন্তর্জাতিক সংস্থাগুলোর সেবা গ্রহণ করল। তারা তথ্য প্রকাশ করল, মাটির পাত্রে খাবার খাওয়া ক্ষতিকর। আর যায় কোথায়! আধুনিক শিক্ষায় শিক্ষিত প্রগতিশীল লোকগুলো তাদের এ তথ্যটি মেনে নেওয়া ফরজ মনে করল। কেউ চিন্তা করে দেখার প্রয়োজন বোধ করল না যে এর পেছনে আসল রহস্যটা কী?

এভাবে তারা মানুষের ঘর থেকে মাটির থালা-বাসন-পাত্রের ব্যবহার তুলে দিল। কিন্তু মজার বিষয় হলো, মাটির যে বরতনগুলোকে ক্ষতিকর সাব্যস্ত করে পরিত্যাজ্য ঘোষণা দিয়ে সাধারণ মানুষের ঘর থেকে বের করে দিল, সেই মাটির বাসন ফাইভস্টার হোটেলে পৌঁছে গেল এবং বলা হলো, এগুলোতে খাওয়ার মজাই আলাদা!

মানুষের মন-মস্তিষ্ক ও চিন্তা-চেতনা যেহেতু পশ্চিমা মিডিয়ার বিষাক্ত প্রভাবে চরমভাবে প্রভাবিত, তাই পশ্চিমারা যা বলে, কোনো চিন্তা-ভাবনা ছাড়া মানুষ তা-ই মেনে নেয়। আমি আল্লাহর দোহাই দিয়ে বলছি, ওহে মুসলমান, তোমরা নিজেদের যে বিবেককে বিবিসি, ভোয়া ও সিএনএনের কাছে বন্ধক রেখেছ, তাকে ওদের কাছ থেকে ফিরিয়ে আনো। অন্যথায় তোমার বিবেককেও তারা একদিন টিনপ্যাক করে গায়ে নেসলের লেবেল এঁটে আন্তর্জাতিক বাজারে বিক্রি করে দেবে।

'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' দাজ্জালের জন্য অনেক ক্ষেত্রে পথ সুগম করেছে। হাদিসে আছে, যদি কারো উট মরে যায়, তখন দাজ্জাল তার মৃত উটটির মতো একটি

উট তৈরি করে দেবে। এ ঘটনাটিকে সে এক গ্রাম্য ব্যক্তিকে দেখাবে। এটি জাদুর মাধ্যমেও হতে পারে, জেনেটিক ক্লোনিংয়ের মাধ্যমেও হতে পারে।

যদিও হাদিসে এ কথার উল্লেখ আছে যে দাজ্জালের আদেশে শয়তান গ্রাম্য লোকটির পিতা-মাতার আকৃতিতে এসে হাজির হবে, তথাপি এ বক্তব্যের কারণে জেনেটিক ক্লোনিং পদ্ধতির প্রয়োগকেও প্রত্যাখ্যান করা যায় না। কারণ, কোরআন ও হাদিসে 'শয়তান' শব্দটি মানুষের ক্ষেত্রেও ব্যবহৃত হয়েছে। পবিত্র কোরআনে আল্লাহপাক বলেন–

وَكَذَٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيَاطِينَ الْإِنسِ وَالْجِنِّ

অনুরূপভাবে আমি প্রত্যেক নবীর জন্য শত্রু স্থির করেছি–মানুষ-শয়তান ও জিন-শয়তান। *[সুরা আন আম : ১১২]*

নবীজি সা. বলেছেন, হে আবুজর, তুমি মানুষ ও জিন শয়তান থেকে আল্লাহর আশ্রয় প্রার্থনা করেছ কি? উত্তরে আবুজর রা. জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রাসুল, শয়তান কি মানুষদের মধ্য থেকেও হয়ে থাকে? নবীজি সা. বললেন, হ্যাঁ, মানুষ-শয়তানের অনিষ্টতা জিন-শয়তানের চেয়ে বেশি হয়।

পাশ্চাত্যের গবেষণাগারগুলোতে মানব ক্লোনিং বিষয়ে নানা রকম গবেষণা চলছে। তার মধ্যে সবচেয়ে ভয়ানক গবেষণাটি হলো এমন একটি মানুষ তৈরি করা, যেটি শক্তিতে অপরাজেয় এবং মেধায় অদ্বিতীয় প্রমাণিত হবে। এ ক্ষেত্রে মৌলিক ভূমিকা পালন করছে 'ন্যাশনাল জিওগ্রাফিক'-এর যাবতীয় ব্যয় ইহুদিরা বহন করে থাকে।

আন্তর্জাতিক চিকিৎসা-বিষয়ক প্রতিষ্ঠানগুলোর কথামতো এবং তাদের অর্থায়নে পরিচালিত এনজিওগুলো মুসলিম রাষ্ট্রগুলোতে মানববংশ ধ্বংসের কাজ আঞ্জাম দিচ্ছে। সবার চোখের সামনে তাদের হাতে মুসলমানদের বংশধারাকে ধ্বংস করা হচ্ছে। তাদের মা, বোন ও কন্যাদের কোলগুলো শূন্য করে ফেলা হচ্ছে। কিন্তু তার পরও মুসলিম জাতি জেনে-বুঝে নীরব দর্শকের ভূমিকা পালন করছে।

ইহুদিদের চিন্তা-চেতনা অনুপাতে তাদেরই অর্থায়নে মুসিলম দেশগুলোতে অত্যন্ত গুরুত্বসহকারে পরিবার-পরিকল্পনা অভিযান পরিচালিত হচ্ছে। এর একমাত্র উদ্দেশ্য ব্যভিচার ও অশ্লীলতার সব কটি প্রতিবন্ধক অপসারিত করা। ওহে মুসলিম জাতি, তোমরা জান কি যে ইহুদি প্রতিষ্ঠানগুলোর অর্থ দ্বারা আমাদের নতুন প্রজন্মকে মনস্তাত্ত্বিকভাবে পঙ্গু করে তোলার ষড়যন্ত্র চলছে? জাতি এতটা সরল ও অবুঝ কেন হয়ে গেল যে তারা এ চিন্তাটুকুও করছে না যে একটি জাতির শত্রুগোষ্ঠী কোনো দিন তাদের কল্যাণের চিন্তা করতে পারে না?

যেসব ইহুদি পুঁজিপতি আমাদের দেশের অর্থনীতিকে ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছে দিল, গম, চাল ও ঘিয়ের মূল্যকে আকাশছোঁয়া করে দিয়ে জাতির শিশুদের মুখের গ্রাসটি পর্যন্ত ছিনিয়ে নিল, সাধারণ ওষুধের ওপর আইএমএফ ও বিশ্বব্যাংক এত পরিমাণ ট্যাক্স আরোপ করল যে একজন গরিব মানুষ সেসব ওষুধের পরিবর্তে মৃত্যুকে বেছে নিতে শুরু করল, অলিগলিতে ইন্টারনেট-ক্যাফে খুলে জাতির কোমলমতি ছেলেমেয়েদের অশ্লীলতায় লিপ্ত করে তাদের মানসিক ও দৈহিকভাবে প্যারালাইজড করে তুলল; সেই আন্তর্জাতিক ইহুদি সংস্থাটি আমাদের জাতির এত সহমর্মী ও হিতকামী হয়ে গেল যে তারা আমাদের নতুন প্রজন্মের ভাবনায় অস্থির হয়ে গেল! কেন?

বর্তমানে আল্লাহর শত্রুদের মাধ্যমে মানুষের ওপর, বিশেষ করে তৃতীয় বিশ্বের মানুষের ওপর যেসব পরীক্ষা-নিরীক্ষা চালানো হচ্ছে, তার বিস্তারিত বিবরণ পড়লে মানবতার শত্রুদের চিন্তা-চেতনা খোঁজে পাওয়া যায় যে তারা কিভাবে মানুষের বিপক্ষে কাজ করছে, যার ফলে আজ মানুষ নানা ধরনের রোগ-ব্যাধিতে আক্রান্ত হয়ে পড়ছে। তথাকথিত সভ্য জগতের অনিষ্টতা থেকে না মহাশূন্য নিরাপদ, না নদী-সমুদ্র, না পৃথিবী। প্রাকৃতিক খাদ্য-উপাদানের বস্তু তৈরি করানো হচ্ছে, যা কিনা পুষ্টির স্থলে রোগের জন্ম দিচ্ছে।

জীবাণু অস্ত্রের মাধ্যমে পানির ভাণ্ডারকে ধ্বংস করার চেষ্টা চলছে। স্বাস্থ্যকর পরিবেশের অঞ্চলগুলোতে মেহগনি বৃক্ষ লাগিয়ে এখানকার পরিবেশকে বিষাক্ত বানিয়ে মানুষকে অ্যাজমা রোগে আক্রান্ত করা হচ্ছে। পানির ভূগর্ভস্থ ভাণ্ডারগুলোকে ধ্বংস করার লক্ষ্যে ইউক্যালিপ্টাস বৃক্ষ লাগানো হয়েছে। খোঁজ নিয়ে দেখুন, এগুলো কোন দেশ থেকে এসেছে, কাদের অর্থে এসব গাছ লাগানো হয়েছে এবং কাদের তত্ত্বাবধানে এসবের পরিচর্যা আঞ্জাম দেওয়া হচ্ছে। খোঁজ নিলেই তথ্য পাবেন, এনজিওগুলো আমাদের দেশ ও ধর্মবিরোধী কর্মকাণ্ডে কতটা তৎপর রয়েছে।

আপনি জিজ্ঞেস করতে পারেন, দাজ্জালের সঙ্গে এসবের সম্পর্ক কী? তাহলে উত্তর শুনুন–এসবের সঙ্গে দাজ্জালের সুগভীর সম্পর্ক বিদ্যমান। হাদিসে আছে, ইমানদাররা দাজ্জালের বিরুদ্ধে যুদ্ধ করবে। পক্ষান্তরে ইহুদি ও পাপিষ্ঠ লোকরা অধিকাংশই দাজ্জালের সঙ্গী হবে।

মোটকথা, দাজ্জালের এজেন্টরা মুসলমানদের পাপের পথে টেনে নামাতে চায়। একটি বাস্তবতা এই যে একজন অতিশয় সৎকর্মপরায়ণ মুসলমানকেও যদি সন্দেহপূর্ণ খাবার খাওয়ানো হয়, তাহলে এর ক্রিয়া সবার আগে তার অন্তঃকরণের ওপর পতিত হয়। আন্তর্জাতিক সংস্থাগুলো এ কাজটিতে পূর্ণ প্রচেষ্টা

চালিয়েছে। মাল্টিন্যাশনাল কোম্পানিগুলোর প্রস্তুতকৃত কৃত্রিত খাদ্য ও পানীয় সামগ্রীগুলোতে এমন সব কেমিক্যাল মেশানো থাকে, যেগুলো মানবদেহে প্রবেশ করে মানুষকে অশ্লীলতা ও উলঙ্গপনার দিকে আকৃষ্ট করে। তা ছাড়া এসব কেমিক্যাল মানুষের যৌনশক্তিকেও প্রভাবিত করে। বিশেষ করে শিশুদের স্নায়ুবিক ব্যবস্থাপনাকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করে তোলে।

বর্তমানে মুসলমান ডাক্তারদের কর্তব্য হলো, আপনারা জাতিকে সেসব অপকারিতা সম্পর্কে অবহিত করুন, আন্তর্জাতিক কুফরি শক্তির ষড়যন্ত্রের ফলে জাতি আজ যার শিকার। যদিও বর্তমানে সময়টি এমন যে সত্য বললে আগুন, আর মিথ্যার সামনে মাথানত করলে ডলারের বৃষ্টি বর্ষিত হয়! তথাপি কারো যদি নবীজি সা.-এর হাদিসের ওপর পরিপূর্ণ আস্থা ও বিশ্বাস থাকে যে দাজ্জালের সময়ে যেটি আগুন হিসেবে পরিদৃশ্য হবে, সেটিই মূলত শীতল পানি হবে। তাহলে মুসলমান ডাক্তারদের সেই পথটিই অবলম্বন করা দরকার, যেটি তাদের জন্য উপকারী বলে বিবেচিত হবে। আমাদের সব সময়ের জন্য স্মরণ রাখতে হবে, সত্য বলার অপরাধে যে আগুন বর্ষিত হয়, এগুলোই আসলে ফুলের বাগান। আর মিথ্যার সামনে মাথানত করার ফলে যে ডলারের বৃষ্টি বর্ষিত হয়, এগুলোই মূলত আগুন। অতএব, সাবধান হে মুসলমান!

(WTO) World Trade Organization

ইংরেজিতে World Trade Organization. বাংলায় বিশ্ব বাণিজ্য সংস্থা পৃথিবীর অবশিষ্ট ব্যবসা ও অর্থনীতির ওপর দস্যুবৃত্তি চরিতার্থের জন্য আন্তর্জাতিক দস্যুদল একটি গ্যাং তৈরি করেছে। এই গ্যাংটিরই নাম 'ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন'। এই সংস্থাটির কাজ হলো, পৃথিবীময় ছড়িয়ে থাকা ক্ষুদ্র শিল্পপ্রতিষ্ঠানগুলোকে শক্তির জোরে ধ্বংস করে সেগুলোতে নিয়োজিত লাখ লাখ শ্রমিককে বেকার বানিয়ে গরিবদের মুখ থেকে শেষ গ্রাসটি পর্যন্ত ছিনিয়ে নিয়ে তাদের ধুঁকে ধুঁকে মরতে বাধ্য করা।

সভ্যতার চাদর গায়ে জড়িয়ে তারা এই গ্যাংটির নাম দিয়েছে (WTO)। এটি এতই পাষাণ ও নির্দয় প্রতিষ্ঠান, যার অত্যাচারের শিকার হয় নিরীহ গরিব মানুষ, চিকিৎসাবঞ্চিত অসহায় রোগী ও দুর্বল মানবশ্রেণী। কারণ এর সবচেয়ে বেশি প্রভাব পড়ে কৃষি, স্বাস্থ্য ও শিক্ষার ওপর।

(WTO) পাকিস্তানসহ বিভিন্ন মুসলিম রাষ্ট্রে তার প্রতিক্রিয়া দেখাতে শুরু করেছে। এ প্রতিষ্ঠানটির অপতৎপরতার ফলে সবার আগে পোশাকশিল্প প্রভাবিত হতে শুরু করেছে। ইতিমধ্যে কৃষি খাতেও উৎপাদন হ্রাস পেতে শুরু

করেছে। পাকিস্তানে ২৭ লাখ একর ভূমিতে আখ চাষ হয়। অদূর ভবিষ্যতে এ ফসলটির কোনো প্রয়োজন অবশিষ্ট থাকবে না। কারণ অধিক পরিমাণ আখ উৎপাদনকারী রাষ্ট্রগুলোর পক্ষ থেকে বিশ্ববাজারে কম দামে চিনি সরবরাহ করা হবে, যার ফলে পাকিস্তানের ৭৭টি সুগার মিল বন্ধ হয়ে যাবে। এর পরিণতিতে হাজার হাজার শ্রমিক বেকার হয়ে যাবে।

মিডিয়াযুদ্ধ

খলিফা আবদুল হামিদ দ্বিতীয় পশ্চিমা মিডিয়াগুলো সম্পর্কে একটি মন্তব্য করেছিলেন। তা হলো, এগুলো শয়তানের সন্তান। তিনি সঠিক মন্তব্যই করেছেন। কিন্তু তিনি যদি এ যুগের মানুষ হতেন, তাহলে একে 'দাজ্জালের চোখ ও কণ্ঠ' নাম দিতেন।

দাজ্জাল আরবি 'দাজলুন' থেকে ব্যুৎপন্ন। 'দাজলুন' অর্থ আচ্ছাদিত করা। দাজ্জাল অর্থ অনেক আচ্ছাদনকারী। দাজ্জালকে এ জন্য দাজ্জাল বলা হয় যে সে নিজের মিথ্যা ও প্রতারণার মাধ্যমে সত্যকে ঢেকে ফেলবে। প্রতারণার মাধ্যমে সে বড় বড় লোকদের বিভ্রান্ত করে ফেলবে। তার ধোঁকা ও প্রতারণার ফাঁদে পড়ে মানুষ দেখতে না-দেখতেই ইমান থেকে হাত ধুয়ে বসবে।

পশ্চিমা প্রচারমাধ্যমগুলোর কর্মধারাও অনেকটা এ রকম। তারা যে বাস্তবতাকে পৃথিবীর দৃষ্টি থেকে লোকানো প্রয়োজন বোধ করছে, তার গায়ে তারা সংশয় ও সন্দেহের এমন চাদর জড়িয়ে দেয় যে মানুষ তার তলদেশ পর্যন্ত পৌছতে সক্ষম হয় না। পক্ষান্তরে যে বিষয়টিকে তারা প্রশাণিত করে ছাড়ে—যেমন, তারা যদি আজ সংবাদ প্রচার করে, সমগ্র অস্ট্রেলিয়া সমুদ্রে ডুবে গেছে, তাহলে এই মিডিয়ায় আস্থাশীল বিশ্বের জন্য সংবাদটি বিশ্বাস না করে উপায় থাকবে না।

পশ্চিমা প্রচারমাধ্যমগুলো দাজ্জালের সংবাদ ও তার খোদায়িত্বকে পৃথিবীর কোনায় কোনায় পৌছিয়ে দেবে এবং বিষয়টিকে এমনভাবে উপস্থাপন করবে, যেন যুগ শুরু হয়ে গেছে। তা ছাড়া পেছনে আমরা হিস্টনের উক্তি উদ্ধৃতি করেছি যে দাজ্জালের সংবাদ আন্তর্জাতিক প্রেস কনফারেন্সের মাধ্যমে প্রচার করা হবে। ওই সম্মেলনটি স্যাটেলাইটের মাধ্যমে পৃথিবীর যেকোনো অঞ্চলে বসে দেখা যাবে।

এর জন্য তারা দুই ধরনের প্রস্তুতি নিচ্ছে। এক হলো, পৃথিবীর প্রতিটি অঞ্চলে বিদ্যুৎ পৌছিয়ে দেওয়া, যাতে প্রতিটি ঘরে টিভি ঢুকে যায়। দ্বিতীয় হলো, টেলিযোগাযোগ ব্যবস্থাপনাকে (টেলিফোন, মোবাইল ফোন, ইন্টারনেট ইত্যাদি)

সহজলভ্য ও সস্তা করে দেওয়া, যাতে সমগ্র পৃথিবী একটি 'আন্তর্জাতিক পল্লীতে' (গ্লোবাল ভিলেজ) পরিণত হয়ে যায় এবং প্রতিটি সংবাদ তাৎক্ষণিকভাবে পৃথিবীর অধিকাংশ মানুষের কানে পৌঁছে যায়। এর জন্য এখন দূর-দূরান্তের মানুষের কাছে পরিচিত করে তোলা হবে। এ ব্যবস্থাপনার মাধ্যমে গুরুত্বপূর্ণ খবরাখবর কিংবা ব্রেকিং নিইজগুলো ঘটনা ঘটার সঙ্গে সঙ্গে সমগ্র পৃথিবীতে ছড়িয়ে দেওয়া হবে। এই পরিকল্পনার বেশির ভাগই ইতিমধ্যে কার্যকর হয়ে গেছে।

টেলিফোন, মোবাইল ফোন, টেলিভিশন ইত্যাদি যোগাযোগ ও প্রচারমাধ্যমগুলো দাজ্জালি শক্তির জন্য এতই আবশ্যকীয় বিষয় যে পৃথিবীর জনসাধারণ যদি এগুলোর ব্যবহার পরিত্যাগ করে, তাহলে আন্তর্জাতিক ইহুদিগোষ্ঠী এসব সামগ্রী বিনা মূল্যে বিতরণ করবে এবং এগুলো ব্যবহারের জন্য পুরস্কারের প্রজেক্ট ঘোষণা করবে।

পরিবার পরিকল্পনা বা ফ্যামিলি প্লানিং

আল্লাহপাক পবিত্র কোরআনে বলেছেন–

وَكَذَٰلِكَ زَيَّنَ لِكَثِيرٍ مِّنَ الْمُشْرِكِينَ قَتْلَ أَوْلَادِهِمْ شُرَكَاؤُهُمْ لِيُرْدُوهُمْ
وَلِيَلْبِسُوا عَلَيْهِمْ دِينَهُمْ.

> 'অনুরূপভাবে তাদের দেবতারা বহু মুশরিকের দৃষ্টিতে সন্তান হত্যাকে শোভন করে দিয়েছে তাদের ধ্বংস সাধনের জন্য এবং তাদের ধর্ম সম্বন্ধে তাদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টির জন্য। *[সুরা আন আম : ১৩৭]*

মুশরিক খ্রিস্টানদের তাদেরই সতীর্থ ইহুদিরা পরিবার পরিকল্পনার মাধ্যমে স্বয়ং তাদেরই হাতে তাদের বংশধারাকে ধ্বংস করিয়েছে। বর্তমানে ইউরোপের পরিস্থিতি হলো, তাদের অবস্থা খুবই শোচনীয়। তারপর ইহুদিরা এই কর্মপন্থাটিকে মুসলমানদের বিরুদ্ধে প্রয়োগ করেছে এবং এ কাজে আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলোর পক্ষ থেকে প্রতিবছর হাজার হাজার কোটি ডলার ব্যয় করা হচ্ছে। এ যাবত মানববংশ ধ্বংসের এত অধিক পন্থা আবিষ্কৃত হয়েছে, যার সংখ্যা নির্ণয় করাও দুষ্কর।

National Aeronatical Space Agency

এটি এমন একটি প্রতিষ্ঠান, যেটি পৃথিবীর সীমানা অতিক্রম করে মহাশূন্যে দাজ্জালি শক্তিগুলোর রাজত্ব প্রতিষ্ঠিত করেছে। বর্তমানে মহাশূন্যে বিদ্যমান Satellite's-এর মাধ্যমে তারা পৃথিবীর গতিবিধির ওপর দৃষ্টি রাখছে এবং তাদের যুদ্ধবিমান, মিসাইল ও পারমাণবিক বোমা–সব কিছু এই Satellite's-এর মাধ্যমে নিয়ন্ত্রণ করছে। সম্প্রতি তারা 'Infrared' দুরবিন মহাশূন্যে প্রেরণ করছে। এই দুরবিনের মাধ্যমে এমন সব বস্তু দেখা যায়, যার মধ্যে উষ্ণতা আছে, যদিও সেটি সাধারণ চোখে দেখা যায় না।

এর বাহ্যিক উদ্দেশ্য তো এটিই বলা হয় যে এর মাধ্যমে মহাশূন্যে বিদ্যমান অনাবিষ্কৃত স্থানগুলো খুঁজে বের করার কাজে সাহায্য নেওয়া হয়। কিন্তু যদি বিষয়টিকে আন্তর্জাতিক সামরিক প্রস্তুতির আলোকে দেখা হয়, তাহলে বলা যায়, এর উদ্দেশ্য হলো, এর মাধ্যমে তারা সেই শক্তিগুলোকে দেখতে চাচ্ছে, যেগুলো সাধারণ চোখে দেখা যায় না।

ইহুদিদের প্রতিটি কাজই ইবলিসের পক্ষে ও তাকদিরের বিপক্ষে হয়ে থাকে। তাদের জানা আছে, জিহাদে মুসলমানদের সাহায্যার্থে আল্লাহর পক্ষ থেকে ফেরেশতা অবতরণ করে থাকে। তাহলে কি তারা এই দুরবিনের মাধ্যমে সেই আসমানি শক্তিগুলোকে দেখতে চাচ্ছে, যাতে তাদের মোকাবিলা করার কোনো পদ্ধতি আবিষ্কার করা যায়? এমনিতেই ইহুদিরা হজরত জিবরাইল ও হজরত মিকাইল (আ.)-কে তাদের পুরনো শত্রু মনে করে। তা ছাড়া এ প্রতিষ্ঠানটির অনেক গোপন মিশন আছে, যেগুলোকে পৃথিবীর দৃষ্টি থেকে আড়াল করে রাখা হয়েছে।

Ma-na Umi বা শয়তানী সমুদ্র

এটি Pacific Ocean তথা প্রশান্ত মহাসাগর এরিয়ার জাপান ও ফিলিপাইনের সীমান্ত এলাকায় অবস্থিত। এ Triangle জাপানের উপকূলীয় শহর (Yokohama) ইয়াকুহামা থেকে ফিলিপাইনের গুয়াম দ্বীপ পর্যন্ত এবং (Guam) গুয়াম থেকে আবার জাপানের মারিয়ানা দ্বীপ পর্যন্ত এবং মারিয়ানা থেকে Yokohama পর্যন্ত বিস্তৃত সামুদ্রিক এলাকা। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমেরিকা মারিয়ান দ্বীপ আয়ত্ত করে নিয়েছিল।

জাপানিরা এ এলাকাকে তাদের ভাষায় Ma-na Umi বলে, যার অর্থ 'শয়তানের সমুদ্র'। বারমুডা ও শয়তানী Triangle-এর ব্যাপারে

গবেষণাকারীদের মধ্যে চার্লস ব্রিল্টাস হচ্ছেন অন্যতম। তিনি The Dragon Triangle নামক গ্রন্থে লিখেন : ১৯৫২-১৯৫৪ পর্যন্ত ওই এলাকায় জাপান সরকারের বড় বড় পাঁচটি সৈন্যবাহী জাহাজ গায়েব হয়েছে। সেনাবাহিনী গুম হয়েছে ৭০০-র বেশি। এ ঘটনার রহস্য যাচাই করার জন্য তখন জাপান সরকার একটি অত্যাধুনিক জাহাজে করে ১০০-রও বেশি গবেষকের এক তদন্ত টিম প্রেরণ করে। কিন্তু শয়তানী সমুদ্রের রহস্য উন্মোচন করতে গিয়ে তাঁরাই রহস্যে ঢাকা পড়ে গেছেন। এরপর থেকে জাপান সরকার ওই এলাকাকে ভয়ানক এলাকা হিসেবে চিহ্নিত করে দেয়।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় সামুদ্রিক যুদ্ধে জাপানকে তার পাঁচটি জঙ্গি বিমান ওখানে গায়েব হওয়ার খবর শুনতে হয়েছে। এ ছাড়া ৩৪০টি জঙ্গি বিমান, ১০টি যুদ্ধজাহাজ, ১০টি নৌযান, ৯টি স্পিডবুট এবং আরো ৪০০টি জঙ্গি ফাইটার ওই এলাকায় ধ্বংস হয়েছে। যুদ্ধের সময় আপনি বলতে পারেন যে শত্রু বাহিনী কর্তৃক এগুলো ধ্বংস হয়েছে। কিন্তু ওই সব ঘটনা সম্পর্কে আপনি কি বলবেন, যেগুলো ওই এলাকায় কোনো দুর্ঘটনা ছাড়াই অদৃশ্য হয়েছে? অথচ সেখানে না কোনো ব্রিটেনের যুদ্ধজাহাজ পৌঁছেছিল, না কোনো মার্কিন সেনাবাহিনী। গবেষকদের পক্ষ থেকে বলা হয়েছে, এগুলো কোনো শত্রুবাহিনীর হাতে ধ্বংস হয়নি। কেননা এক গবেষকের বক্তব্য হলো-

It is extremely doubtful they were sunken by enemy action because they were in home waters and there were no British of American ships in these waters during the beginning of the war.

অর্থাৎ এ কথা অত্যন্ত সন্দেহপূর্ণ যে এ জাহাজগুলো শত্রুদের হাতে ধ্বংস হয়েছে। কেননা, জাহাজগুলো সামুদ্রিক সীমানার ভেতরই অবস্থান করছিল এবং যুদ্ধের প্রারম্ভিক পর্যায়ে ওখানে কোনো মার্কিন বা ব্রিটিশ জাহাজ পৌঁছেনি। তাহলে কি আমরা বলতে পারি না যে এ এলাকায় অন্য কোনো গোপন শক্তি বিদ্যমান ছিল, যারা ওই সময় আমেরিকা ও তার সমর্থনকারীদের বিজয়ী দেখতে চেয়েছিল।

বারমুডা ও শয়তানী Triangle-এর ব্যাপারে এত সাদৃশ্যপূর্ণ ঘটনা ঘটার পরও কি আমরা এ কথা মানতে পারি যে এগুলো শুধুই ঘটনাক্রমে হয়েছে? কখনো নয়। প্রসিদ্ধ গবেষক চার্লস ব্রিল্টার্স বলেন-

The mysterious disappeanances in the Bermuda and Dragon Triangles may not be coincidental; since both areas are so similar, the same phenomenon might be Behind the lost ships and planes.

